আহার ও ধর্ম।

-300€-

হিমালয়বাসী (কালিকানন্দ) স্বামী

(প্রথম সংস্করণ

১৩৪৫ বাং ১৯৩৮ ইং

প্রকাশক— শ্রীনরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় B. Sc. পোঃ কাশীপুর, বরিশাল :

পুন্তক প্রাপ্তিস্থান

শ্রীসূধীন্দ্রলাল রায়
মাধবী স্টোর, টানবাজার, পো: নারায়ণগঞ্জ।
শ্রীযোগেশচন্দ্র রায়
গ্রাম ও পো: মজিতপুর, ত্রিপুরা।

প্রাম ও পোঃ মাজতপুর, তিপুরা।

স্কুল সাপ্লাই কোম্পানী, পাটুয়াটুলী, ঢাকা।

রিপণ লাইত্রেরী, পাটুয়াটুলী, ঢাকা।

অৰ্দ্ধ মূল্য অগ্ৰিম না পাঠাইলে এবং তিন খানার ৰুম ভিঃ পিঃ
ভাকে পাঠান হয় না।

PRINTED BY
Sasadhar Kar at The
Associated Printing Works, Dacca.

প্রকাশকের নিবেদন।


কুসংস্কারাচ্ছর সমাজের মধ্যে ধর্ম ও সমাজ সংস্কার করিতে যাইয়।
আজ পর্যান্ত সকলেই লাঞ্চিত হইয়া আসিতেছেন, ভারতবর্ষে এইরপ
দৃষ্টান্তের অভাব নাই। জগতের মধ্যে বিখ্যাত ধর্মগুরু বৃদ্ধদেবের নাজিক
আখ্যা; কর্মকাও খণ্ডন করিয়া জ্ঞানকাও প্রচার করিতে যাইয়া শঙ্করাচার্য্যের অকাল মৃত্যু; সতীদাহ নিবারণ করিতে যাইয়া রাজা রামমোহন
রাষ্কের লাঞ্চনা; মূর্ভি পূজা খণ্ডন করিতে যাইয়া স্বামী দয়ানন্দের নির্য্যান্তন
প্রভৃতি বহু দৃষ্টাস্কই রহিয়াছে।

বর্তমানে অনেক স্থুসভ্য জাতি যাঁহাকে অমুসরণ করিয়া আসিতেছেন সেই যী ও খুষ্ট ক্রশে প্রাণ ত্যাগ করিয়াছিলেন; মুসলমান ধর্মপ্রবেউক মহন্মদকেও প্রাণভয়ে মদিনায় পলায়ন করিতে হইয়াছিল, ইত্যাদিরূপ দুষ্টান্তের অভাব নাই। কিন্তু তথাপি সত্যোপলব্ধিকারী ব্যক্তিগণ আপ্রাণ চেষ্টা করিয়াও সত্যের প্রচার করিতে কিছুতেই ভীত বা বিরত হন না। কারণ সত্য যে বস্তু তাহা সাম্প্রদায়িক অন্ধবিশ্বাসী ব্যক্তিবিশেষের বুঝিতে অসুবিধা হইলেও বিবেকী ও বিচারশীল ব্যক্তিগণের নিকট যুক্তি ও তর্কে উহা অকাট্য হইয়া চিরকালই সত্য পাকিবে। সেই সাহসে নির্ভর করিয়াই আমিও এই গ্রন্থ প্রচার করিতে প্রবৃত্ত হইলাম। ভারতের হিন্দুগণের মধ্যে আহার ও ধর্ম লইয়া ঘোরতর সাম্প্রদায়িক অশান্তির স্মষ্ট হইয়াছে। তাহা দূর করিয়া সর্বসাধারণ যাহাতে নিঃসন্ধিগ্ধ চিত্তে আহার্য্য গ্রহণে দেহ ও মনের উৎকর্ষ লাভ করিয়া ধর্ম বিষয়ে সহচ্চে উন্নতি লাভ করিতে পারে, মাত্র সেই উদ্দেশ্রেই এই মহাপুরুষকে হিমালয় পৰ্ব্বত হইতে আনিয়া সত্যের প্রচারত্বন্ত এই পুস্তক প্রকাশিত করিলাম। এই গ্রন্থে সত্য অবগত হইয়া স্বাস্থ্য ও ধর্ম্মোন্নতি করা ব্যক্তি মাথেরই কর্ত্তব্য। ইতি—

বৈশাখ— ১৩৪৫ সন নরেজ্র নাথ চট্টোপাধ্যার কাশীপুর, বরিশাল।

সূচীপত্র।

বিষয়				পত্ৰাঙ্ক
> 1	আহার দ্বারা ধার্ম্মিক, অধার্ম্মিক	<mark>দ নি</mark> র্থ করা ভ্র	ম ·••	. >
२ ।	আহার্য্য বিষয়ে শাস্ত্র, যুক্তি ও	প্রত্যক্ষ,প্রমাণ	•••	•
91	মন্ত্র সংহিতার খাভাখাভ	•••	•••	६२
8 1	জীব হত্যায় পাপ হয় কি না	•••		¢ 8
e i	আদিম আৰ্য্য জাতি ও তাহা	দের আহার		৬৩
91	আর্য্য ঋষিদের অমুসরণ কর		-	**
9	গো বধ নিবারণের কারণ	***	100	. 95
61	বৈজ্ঞানিক, ডাক্তার ও ভূতর্বা	বদের মৃত্যমৃত		9.9
ו ה	নুহজ প্রাপ্য মাংসাহার কর			96
>01	মিতাহার ু	・・・ ・・・ ・・・ ・・・ ・・・ ・・・ ・・・ ・・ ・ ・ ・		৮ ১
>> 1	আহার ও ধর্মের সঙ্গে কি সং	श्क 😘 🕌	. •	, 78
) र I	স্থলাহারে ও সম্মাহারের ভেদ্		•••	৯২
१०१	ব্রাহ্মণ ও বৈষ্ণবগণের প্রতি নি	र्दिन न	•••	۶۹
78 1	ধর্ম	•••	•••	>•8
5¢	উপসংহার	•••	•••	222
301	গ্রন্থদার .	•••	•••	>>9



হিমালয়ে কালিকানক সামী

जू भिका मरणा ।

প্রস্থাদি যন্ত্রের সাহায্যে মনোমন্থন করিয়া যে স্ত্যামৃতের উপলব্ধি করিতে পারিয়াছি তাহাই এই গ্রন্থে বির্ত করিলাম। তেজোবার্য্য হীন, কুদ্রচিত্ত, বিবেক-বিচার হীন, ভীরু এবং সংস্থার ও বিশ্বাস-ব্যাধিতে বধির ব্যক্তিগণের কর্ণে এই গ্রন্থের মর্ন্ম প্রবেশ করিবেনা। যে সকল ধর্মসম্প্রদায়ী কুসংস্কারান্ধ; "কাটা" বা "রক্ত" শব্দ করে প্রবেশ করিলে যাহাদের ধর্ম নপ্ত হইয়া যায়; হীনতা, দীনতা, ভীরুতা ও কাপুরুষতা যে ধর্ম্মের প্রধান অঙ্গ, এই গ্রন্থ তাহাদের প্রীতিকর হইবেনা। অনেক ব্যক্তি এই গ্রন্থ পাঠ করিয়া মোহের ঘোরে অনেক প্রকার কটু কাটব্যাদি প্রয়োগ করিবেন, কেহবা জাগিয়াও ঘুমের ভাণ করিয়া স্বার্থ হানি ভয়ে নির্কাক্ থাকিবেন। যদিও গ্রন্থের মর্ম্ম স্ত্যা হউক, তথাপি অজ্ঞানের অন্ধকৃপের মধ্যে এই সত্যের আলো কিছুতেই প্রবেশ করিবেনা। একমাত্র সত্যপ্রিয়, বিবেক ও বিচারশীল ব্যক্তি-গণেরই উৎসাহ ও আননদ বর্ধন করিয়া ইহা কার্য্যকারী হইবে।

ইহাতে অভ্ত ভূতের গল্প বা ২১ হাত লম্ব। মানুষ ও লক্ষ বর্ষ পরমায়ু ইত্যাদি অযৌজিক ও অশাল্পীয়, অপ্রমাণ্য ঠাকুরমা, দিদিমার গল্প নাই। ব্যবহারিক ও পারমার্থিক জগতে উন্নতির জন্ত সান্ধিক, রাজ্বসিক ও তামসিক খাল্প এবং দেহ ও মনের 'আহার ও ধর্মা' বিষয়ে বেদ-বেদান্তাদি নানাশাল্প, যুক্তি ও প্রত্যক্ষ প্রমাণ দারা, যাহাতে সত্যের প্রচার হইয়া কুধারণা সমাজ হইতে তিরোহিত হয়, এই গ্রন্থের তাহাই একমাত্র উদ্দেশ্য। মিথা প্রচারের ফলে আমরা ভারতবাসী সর্মান প্রকারেই অধাপাতে গিয়াছি। তাই এই উদ্দেশ্য সিদ্ধ হইলে দেশের ও দশের পরস্পরে হিংসা বিশ্বেষ বিদ্বিত হইয়া শারীরিক, মানসিক ও আর্থিক উন্নতি এবং একভার সৃষ্টি হইয়া দেশ শান্তিপূর্ণ হইবে। ইতি—

ইহার ভাবার্থ এই ষে—সেই পূর্ম পূর্মকালে কাহারও গৃহে কোন অতিথি অভ্যাগত আগমন করিলেই তাহাকে অভ্যর্থনা করিয়া নানা-প্রকার পশুপক্ষীর মাংস এবং দিধ ইত্যাদি উত্তম খাদ্য ছারা প্রকার মধুপর্ক প্রস্তুত করিয়া তদ্বারা সেই অতিথিকে এবং শ্রাদ্ধাদি কার্ব্ব্যোপলক্ষেও প্রম্বাপ মধুপর্ক ছারা ত্রাহ্মণদিগকে পরিতোষরূপে ভোক্ত করান হইত। কিন্তু বর্ত্তমানে তাহার সম্পূর্ণ বিপরীত ভাবে ভ্যাক্র করে এবং কোন পূজা বা শ্রাদ্ধাদি উপলক্ষে মাংস না দিয়াই বাটি নিরামিষ ভাবে দিধ, ত্ব্ব্, স্বত, চিনি ও মধু ইত্যাদি ছারা অতি ক্য পাত্রে আর্ক্ত করা হয় তাহাও খাত্র বলির গ্রহণ না করিয়া ফেলিয়া দেয়।

সেই পুরাকালের মান্ত্র মরিয়া গিয়াও মাংসের লোভ সংবরণ করিয়া পাকিতে পারিত না। কারণ মন্ত্রম্বতি ও বিষ্ণুপুরাণাদি গ্রন্থের নিয়োক্ত শ্লোকের মন্দ্রান্ত্রমায়, মৃত পিতা মাতাদিগকে স্বর্গে তৃপ্ত রাখার কর প্রাক্তি যে সকল মাংসের ব্যবস্থা রহিয়াছে তাহাই তাহার প্রক্রপ্ত প্রমাধ্য

তিলৈ ব্রীংয বৈশ্ব। বৈ রন্তি মূল ফলেন বা।
দত্তেন মাংলৈ প্রীয়ন্তে বিধিবৎ পিতরো নৃণাং।
বৌমাসৌ মৎস্থমাংলেন ত্রীন্মাসান্ হরিণেন তু
উরভ্রেণাথ চতুরঃ শাকুনেনাথ পঞ্চ বৈ।
যণ্মাসান্ ছাগমাংলেন রৌরনেন নবৈব তু
দশমাসাংস্ত তৃপ্ত্যন্তি বরাহমহিষামিবৈঃ।
শশকুর্ময়োঃ মাংলেন মাসানেকাদশৈব তু
সংবৎসরস্ক গব্যেন পয়সা পায়নেনচ।

বাঙ্রীণসস্থ মাংসেন তৃপ্তিদ্বাদশবার্ষিকী কালশাকং মহাশঙ্কাঃ খড়গলোহামিষং মধু। অনস্ত্যায়ৈব কল্পন্তে মুক্তনানিচ সর্ব্বশঃ (মনুস্মৃতি)

অর্থাৎ—তিল, ব্রীষ্টি, যন, মাষকলাই, ফলমূল এবং নানাবিধ
বাংসের দারা পিতৃলোক তৃপ্ত হয়েন। প্রাদ্ধে ব্রাহ্মণদিগকে মংশু এবং
বাবের দারা ভোজন করাইলে পিতৃগণ ছই মাসকাল স্থর্গে তৃপ্ত
বাবেন। ব্রাহ্মণদিগকে হরিণ মাংসের দারা ভোজন করাইলে তিন মাস,
ব্রব্ধ (ভেড়া) মাংসে চারি মাস, পক্ষীর মাংসে পাঁচ মাস, ছাগ মাংসে
হা মাস, কক্ষমৃগ-মাংসে নয় মাস এবং মেষ, মহিন ও বরাহ মাংসে দশ মাস
বাল তৃপ্ত থাকেন। শশক ও কচ্ছপের মাংসে এগার মাস এবং তৎসঙ্গে
বারীব্দ পক্ষীর মাংসে বার বৎসরকাল তৃপ্ত থাকেন।
বারীব্দ পক্ষীর মাংসে বার বৎসরকাল তৃপ্ত থাকেন। কালশাক,
মহানক (মোচা চিংড়ি মংশু), খড়গ (গণ্ডার), লোহানিষ (লাল
লোমসূক্ত ছাগমাংস) ও মধু এই সকল বস্ত দারা অনস্তকালের জন্ম স্থর্গে
কৃষ্ট বাকেন। বিষ্ণুপ্রাণে আছে—

হবিশ্বনংশ্রমাং সৈপ্ত শশস্ত শকুনস্তচ।
শৌকরচ্ছাগলৈরেণৈ রৌরবৈর্গবিয়েনচ॥
উরভ্রগব্যৈশ্চ তথা মাস বৃদ্ধাঃ পিতামহাঃ।
প্রযান্তি তৃপ্তিং মাং সৈপ্ত নিত্যং বাধীণসামিবৈঃ॥
খজামাংসমতীবাত্র কালশাকং তথা মধু।
শস্তানি কর্মণ্যতাস্তত্পিদানি নরেশ্বর॥

শ্বণিং

 শ্বিরামিষ ভোজন করাইলে পিতৃগণ এক নাস পর্যান্ত পরিতৃপ্ত থাকেন,

মংস্থ দারা ভোজন করাইলে হুই মাস, শশক মাংস প্রদানে তিন মাস, পক্ষিমাংস প্রদানে চারি মাস, শুকর মাংস প্রদানে পাঁচ মাস, ছাগ মাংস প্রদানে ছয় মাস, এণমুগ-মাংস প্রদানে সাত মাস রুক্তমুগ-মাংস দিলে আট মাস ও গবয় মাংস (গলকম্বলশৃত্য গোতৃল্য পশু বিশেষ, বন গোরু) প্রদানে নয় মাস এবং মেষমাংস প্রদানে দশ মাস, গোমাংস প্রদানে এগার মাস পর্যান্ত পিতৃগণ পরিতৃপ্ত থাকেন। পরস্ত যদি বাঞ্জীণস পক্ষীর মাংস দেওয়া যায় তাহা হইলে পিতলোক চিত্রদিন তপ্ত থাকেন। হে রাজন্! গণ্ডারের নাংস, কালশাক ও মধু এই সমুদয় দ্রব্য শ্রাদ্ধকর্মে অত্যম্ভ প্রশস্ত ও অত্যম্ভ ভৃপ্তিদায়ক।

"তে নিয়োগাদ্ গুরোস্তস্ত গাং দোগ্রীং সমকালয়ন্। ক্রেরবৃদ্ধিঃ সমভবত্তাং মাং বৈ হিংসিতুং তদা ॥ পিতৃভ্যঃ কল্লয়িবৈনামুপাযুগ্ধত ভারত। স্মৃতিপ্রতাবমর্ন*চ তেষাং জাতাস্তরেইভবৎ ॥" অত্র গুরো র্গাং হয়। আন্ধেন চৌরাণাম। (হরিবংশীয় সপ্তব্যাধোপাখ্যানে)

অর্থাৎ—হরিবংশে সপ্ত ব্যাধের উপাখ্যানে একস্থানে লিখিত আছে যে "তাহারা গুরুর আজ্ঞায় সেই চুগ্ধবতী গাভীকে রক্ষণাবেক্ষণ করিতে আরম্ভ করিল। এই সময় তাহাদিগের হৃদয়ে সেই গাভীকে মারিবার নিমিত্ত কুরবৃদ্ধি উৎপন্ন হইল। হে ভারত! তাহারা ঐ গোমাংদের দ্বারা পিতৃগণের শ্রাদ্ধ সম্পাদন করিয়া উহা ভো**ন্ধ**ন করিল। **জ্নাস্তরে** তাহাদের পূর্দ স্থতি আর লোপ হইল না^ত। এই উপাখ্যানে গুরুর গাভী চৌর্যাবৃত্তি দারা অপহরণ পূর্বক উহাকে মারিয়া সেই মাংদের **দারা যে** পিতৃ শ্রাদ্ধ করিয়াছিল তাহাই স্পষ্ট প্রমাণিত হইতেছে।

এইরূপ অসংখ্য দৃষ্টান্ত রহিয়াছে। কিন্তু সে সকল উদ্ধৃত করিয়া অনপ ক গ্রন্থ-কলেবর বৃদ্ধি করা নিজ্ঞারাজন মনে করি। অতএব আজকাল যেসকল পণ্ডিত মহাশয় বলেন "মৎস্থ মাংস অপবিত্র জিনিষ, উহা মাতৃ-পিতৃ-শ্রাদ্ধে না দিয়া শ্রাদ্ধে ব্রাহ্মণদিগকে বিশুদ্ধ নিরামিষ ভোজন করানই শাস্ত্রসন্মত" ইত্যাদি, সেই সকল পাতি' (ব্যবস্থা) দাতা পণ্ডিতগণ বোধ হয় শাস্ত্র, বৃক্তি ও প্রমাণের দিকে কোনই লক্ষ্য না করিয়া কেবল তাহাদের নিজ নিজ ব্যাধিগ্রন্ত, কুর্মল পাকস্থলীর দিকে চাহিয়াই শ্রাদ্ধাদি কার্য্যে নিজেদের রুচি অনুযায়ী এরূপ নিরামিষ আহারের ব্যবস্থা করিয়া পাকেন। অতএব এখন সহক্ষেই বুঝা নাইতেছে যে আমিষ খাত্য যদি অথাষ্য কিংবা অপবিত্র অশ্রদ্ধার জিনিষই ইইবে তবে তাহা নাতৃ-পিতৃ-শ্রাদ্ধে অপবা অতিথি অভ্যাগতদিগকে দেওয়ার বিধি কিছুতেই পাকিত না।

স্বাস্থ্যোরতি করিতে হইলে আয়ুর্কেদ শাস্তার্ন্থায়ী আহার্য্যের শুণাগুণ দেখিয়া খাছা নির্কাচন করাই সর্কবাদী-সন্মত। সেই আয়ুর্কেদেও দেখা যায় যে মাংসের মতন পুষ্টিকর, বলাধান, বীর্যাবর্দ্ধক ও স্থৈর্যাকর অন্ত কোন খাছাই জগতে নাই। সেই আয়ুর্কেদেই আছে—

শরীরবৃংহণে নাম্মদান্তং মাংসাদিশিয়তে ॥ (চরকসংহিতা)
অর্থাৎ—শরীর-পোষকের মধ্যে মাংসাপেক্ষা অন্ত কোন শ্রেষ্ঠ খাম্মই
এই জগতে নাই।

মাংসং বৃংহণীয়ানাং। কুরুটো বল্যানাং। নক্রবেতো বৃষ্যাণাং। (চরক সংহিতা)

অর্থাৎ—তেজ্ব:প্রার্থার পক্ষে মাংসাহার প্রয়োজন। বলার্থার পক্ষেক্
কুরুট (মোরগ) এবং স্থলতা প্রার্থীর পক্ষে নক্ররেত (কুণ্ডীর বা হাঙ্গর)
স্মাহার ব্যাই বিহিত এবং ইহাই আয়ুর্কেদ শান্ত্রের সিদ্ধান্ত।

চরক সংহিতায় বণিত কতিপয় পশু পশীর মাংসের গুণাগুণও নিমে দেখান গেল।

> সিম্বা শ্রেচাফাশ্চ র্য্যাশ্চ রংহণাঃ স্বরবোধনাঃ। বল। পরং বাতহরাঃ স্বেদনা শ্চরণায়ধাঃ॥

অর্থাৎ—মোরগের মাংস স্লিগ্ধ, উষণ, বৃষ্যু (বীর্য্য বর্দ্ধক), বুংহণ (বর্দ্ধন শক্তি বিশিষ্ট), স্বরঙদ্ধিকারী, বলকারক, অত্যন্ত বায়ুনাশক ও স্বেদ— জনক |

ক্যায়মধুরাঃ শীতা রক্তপিত্তনিবর্হণাঃ। বিপাকে মধুরাশৈচব কপোতা গৃহবাসিনঃ॥ অর্থাৎ—গৃহবাদী কপোতের (কবুতরের) মাংস ক্যায়, মধুর, শীতল, রক্ত পিত্ত নাশক এবং উহা বিপাক মধুর।

> গব্যং কেবল বাতেষু পীনসে বিষমজ্বরে। ক্ষেক কাস প্রামাত।গ্রি মাংসক্ষয়হিতক যৎ ॥

অর্থাৎ—গোমাংস কেবল বায়ু রোগে, পীনস রোগে, বিষমজ্ঞরে, শুষ্ক কালে, পরিশ্রমজনিত ক্লান্তিতে, অতিশয় অগ্নিতে এবং **দেহের** মাংসক্ষয়ে বিশেষ হিতকর।

> বল্যো বাতহরো বৃষ্যশ্চক্ষুয়ো বলবর্দ্ধনঃ। মেধাস্মৃতিকরঃ পথ্যঃ শোষত্মঃ কূর্দ্ম উচাতে।

অর্থ বি-কচ্ছপ মাংস বলপ্রদ. বাত নাশক, বৃষ্য (বীর্য্য বর্দ্ধক), নেত্র-তেজ ও বল বর্দ্ধক, মেধা ও স্মৃতিকর, পথ্য ও যক্ষা বিনাশক।

> গোধ। বিপাকে মধুরা কষায়কটুকা স্মৃতা বাতপিত্তপ্রশমনী বৃংংণী বলবর্দ্ধনী।

অর্থাৎ—গোধার (শুইলের) মাংস মধুরবিপাক, কটু-ক্যায় রস, বাত-পিত্ত প্রশমক, বুংহণ (বর্দ্ধন শক্তি বিশিষ্ট) ও বলকর্দ্ধক।

> ধার্ত্তরাষ্ট্র চকোরাণাং দক্ষাণাং শিখিনামপি। চটকানাঞ্চ সানি স্থারস্তানিচ হিতানিচ॥

অর্থাং—ধার্ত্তরাষ্ট্র (র্গেড়ি হাঁস), চকোর, দক্ষ (মোরগ), ময়ুর এবং চড়াই পক্ষীর ডিম্ব শ্রীরের পক্ষে যথেষ্ট হিতক্র।

আয়ুর্কেন শাস্ত্রাভিক্ত মহর্ষি সুশ্রুতাচার্য্যও আহার্য্য মধ্যে মাংসেরই শ্রেষ্ঠত্ব নির্দ্ধারণ করিয়া পশু পক্ষীর মাংসের গুণাগুণ সম্বন্ধে বলিয়াছেন—

অশ্বাশ্বতর-গোখরোট্র-বস্তোরভ্রমেদঃপুচ্ছকপ্রভূতয়ো গ্রাম্যাঃ। (সুশ্রুত সংহিতা)

অর্থাং— অশ্বতর, গোরু, গাধা, উরু, ছাগ, মেয ও মেদঃপুচ্ছ (হুমা) প্রভৃতি জন্তুগণ গ্রামে বাস করে বলিয়া উহারা গ্রাম্য পশু বলিয়া ক্ষিত হয়।

প্রাম্যা বাতহরাঃ সর্বে বৃংহণাঃ কফপিতলাঃ।
মধুরা রসপাকাভ্যাং দীপনা বলবর্দ্ধনাঃ॥ (সুশ্রুতসংহিতা)
অথ্যি—উপরোক্ত গ্রাম্য জন্ত্রগণের মাংস বাতহর, বৃংহণ(বর্দ্ধন শক্তি
বিশিষ্ঠ) কফ-পিত্ত জনক, মধুর রস, মধুর বিপাক, অগ্নির দীপক ও
বল বর্দ্ধক॥

বৃংহণঃ কুরুটো বস্থা স্তদদ্ গ্রাম্যো গুরুস্ত সঃ। বাতরোগক্ষয়বনীবিষমজ্বরনাশনঃ॥ (সুশ্রুতসংহিতা)

অর্থাৎ—বন্ত মোরগের মাংস স্লিগ্ধ, উষ্ণ বীর্য্য, বাতন্ন, বৃষ্য (বীর্য্য বর্দ্ধক) বলকারক এবং বর্দ্ধন-শক্তিবিশিষ্ট। গ্রাম্য মোরগও বন্য মোরগের তায় গুণ বিশিষ্ট, অপিচ ইহা গুরু এবং বাতরোগ-ক্ষয়-বৃষ্টি 🕏 বিষ্যজ্ঞরনাশক।

> শাস-কাস-প্রতিশ্রায়-বিষমজ্বরনাশনম। শ্রমাতাগ্রি হিতং গবাং পবিত্র মনিলাপ্রম ॥ (সঞ্চত সংহিতা)

অর্থাৎ-- গোমাংস খাস, কাস প্রতিশ্রায় ও বিষমজর নাশক। ইছ শ্রমশীল ও তীক্ষাগ্নি ব্যক্তিগণের হিতকর এবং গব্য মাংস পবিত্র 📽 বায়ুনাশক।

পূর্বোক্ত চরক সংহিতা ও সুশ্রুত সংহিতার বর্ণিত গুণবিশি মাংসাহার করিলে ঐসকল ব্যাধিতে আক্রমণ করিতে পারে बा। অতএব দেখা বাইতেছে যে মেষ, মহিষ, ও মোরগ ইত্যাদি নানা প্রকার পশু ও পক্ষী এবং মংস্থানি আহারের ব্যবস্থাও সেই আয়ুর্কেদেই **আছে।** মুতরাং এই সকল খাল্ল যদি অথাল্ল ব। শরীরের পক্ষে ক্ষতিকারকই হইত তবে তত্বজ্ঞানী ঋষিগণ মানব সমাজে কিছুতেই ঐ সকল **ৰাজ্ঞে** ব্যবস্থা করিতেন না। কাঠ, ইট বা পাথর আহার করার বিষয়ে শ্রুতি বা স্মৃতিশাস্ত্রে কোন বিধি বা নিষেধ কিছুই নাই যেহেডু উহা মানুষের **অ**খান্ত। ঠিক সেইরূপ আমিষ আহার্যাগুলি যদি **মানুষে** অখাদ্যই হইত তবেঐ কাঠ,পাথরের স্থায় তৎ সম্বন্ধে কোন বিধি বা নিষে কিছুই থাকিত না। এই ভারতবর্ষে চিরকাল হইতেই আমিষ **আহার** প্রচলিত আছে ও থাকিবে । "আমিষ" এই শব্দকে মূল **রবিয়াই** "নিরামিষ" শব্দ নিম্পন্ন হইয়াছে। কাব্দেই এই ব্যা**করকে** ভিসাবেও অত্যে আমিষ পরে নিরামিষের সৃষ্টি হইয়াছে।

মজে পশু বধ করার জন্ম বেদ বেদাস্থাদি শাস্ত্রেও বহু বিধি আছে।
ভাই মন্ন সংহিতায় মন্ন বলিয়াছেন—

যজ্ঞায় জগ্ধিম্ম শংসম্ভেত্যেষ দৈবো বিধিঃ স্মৃতঃ।

অর্থাৎ—যজ্ঞে মাংসভোজন করা বেদেরই বিধান। যজুর্ব্বেদে ক্যাছে—

> বায়ব্যাং শেত্ছাগল নালভেত বায়্যাগে। পশুনা রুদ্রং যজেৎ। অগ্নীযোনীয়ং পশু নালভেত।

আর্থি — বায়ু দেবভার উদ্দেশ্যে খেতবর্ণ ছাগল বলি দিবে। রুদ্র-বেবতাকে পশুবলি দারা পূজা করিবে। অগ্নিও সোম দেবতাকে পশু বলি দিবে।

মক্সতাং কন্ধা বিশ্বেষাং দেবানাং প্রথমা কীকসা রুদ্রাণাং দিতীয়া দিত্যানাং তৃতীয়া বায়োঃ পুচ্ছ মগ্নীবোময়ো ভাসদৌ কুঞ্চো শ্রোণিভ্যা মিন্দা বৃহস্পতী উরভ্যাং মিত্রাবরুণা বন্ধাভ্যা মাক্রমণং সুরাভ্যাং বলং কুষ্টাভ্যাং ॥ (যজুর্বেদ)

বসস্থায় কপিঞ্চলা নালভতে। মিত্রায় মৎস্থান। সোমায় হংসানালভতে। বায়বে বলকে মিত্রায় মদ্গুণ। বরণায় চক্রবাকান । অগ্নয়ে কুটক নালভতে। (যজুর্বেদ) বর্রণাভাাং কপোতান।

অর্থাৎ-বসম্ভ দেবতাকে কপিঞ্চল পক্ষী বলি দিবে। মিত্রকে (সূর্যাকে) মংশ্র ও সোম দেবতাকে হংস বলি দিবে। বায়ুকে বলকা এবং মিত্রকে মদ্ওর (মাগুর) মংখ্য ও বরুণকে চক্রবাক (চকাপক্ষী), অগ্নিকে কুটক (কুটরীয়া পোঁচা) এবং বরুণদ্বয়কে কপোত (কবুতর) विन मिद्र ।

> ষট্শতানি নিযুজ্যন্তে পশুনাং মধ্যমে ২হনি॥ অশ্বনেধস্য যজ্ঞস্য নবভিশ্চাধিকানি চেতি। (যজুঃভাষ্যে মহীধরপ্রতবচন।)

অর্থাৎ—অশ্বমেধ যজ্ঞে ৬০ মটা পশু মধ্যাক্তে বলি দিবে। ছানোগ্যোপনিষদে আছে—

অহিংসনং সর্বভূ হাক্তগত্ত তীর্থেভাঃ।

আচার্যা শঙ্কর ঐ শ্রুতির ভাষ্য করিয়াছেন—

অক্সত্রতীর্থেভাঃ তীর্থনাম শাস্ত্রানুজ্ঞাবিষয়স্ততোহন্যত্রেত্যর্থঃ॥

অর্থাৎ – তীর্থ ভিন্ন অন্তত্ত হিংসা অনুচিত। শাস্ত্র যে যে স্থলে হিংসার বিধি দিয়াছেন, তাহাই তীর্থ বলিয়া বুঝিবে।

ইহার ভাবার্থ এই যে পিতৃ-মাতৃ-শ্রাদ্ধে, যজ্ঞে এবং অতিধি অভ্যাগত আসিলে, মধুপর্কে এবং পোয়গণের আহারের জন্ম ইত্যাদি প্রয়োজনীয় এবং শাস্ত্রান্তুমোদিত স্থল ভিন্ন বিনা প্রয়োজনে হিংসা অর্থাৎ পঞ্জ পক্ষী ও মংস্থাদি বধ করিবে না।

কাত্যায়ন সংহিতা বলিয়াছেন—

সপ্ততাবন্ মূর্দ্ধস্থানি তথাস্তনচতুষ্ট্রম্।
নাভিঃ শ্রোণের পানঞ্চ গোস্ত্রোতাংসি চতুর্দ্দশ
চরিতার্থা শ্রুতিঃ কার্য্যা যম্মাদপ্যন্ত্রকল্পঃ
আতোহষ্টর্চেন হোমঃ স্থাচ্ছাগপক্ষে চরাবপি
তাবতঃ পায়সান পিণ্ডান পশ্বভাবেহপি কাংয়েৎ।

অর্থাং—যজে হোন করিবার নিমিত্ত গাভীর মন্তকের সাত অংশ, চারিটী তান নাভি, উরা, ও গুল্ল এই চতুর্দশ অঙ্গ নিদিষ্ট হইয়াছে। হাগলের পক্ষে অষ্ট স্থান নিদিষ্ট হইয়াছে। পশু অভাবে পায়স ও পিণ্ড ছারা হোম করিবে। ধর্ম প্রবর্ত্তক মহিষি জৈনিনীর 'পূর্ব মিনাংদা' নামক গ্রন্থে পূর্ব্বোক্ত রূপে যজে নানা প্রকার পশু বধ করিয়া মাংস ভোজনকরা বিষয়ক কত শত শত শোকই দৃষ্ট হইতেছে।

পূর্ব্বাক্ত শ্রুতি ও সংহিতার শ্লোকদৃষ্টে একনাত্র ইহাই প্রতিপন্ন হইতেছে যে, যজায় পশুর শরীরের যে যে অংশের মাংস এবং যে যে মংশু ভোজন করিতে সুস্বাদ তাহাই নির্ব্রাচন করিয়া মুনিগণ শ্রুদ্ধা সহকারে সেই 'গুলিই দেবতাগণের নামে যজ্ঞে আছতি দিয়া নিজেরা ভোজন করিতেন এবং পরবর্ত্তীগণকেও সেইরূপই করিবার জন্ম আদেশ করিয়া গিয়াছেন। যোগেশ্বর মহাদেব স্বয়ং পার্ব্বতীকে বলিয়াছেন—

সর্নোপচারেঃ সংপৃজ্য বলিং দতাৎ সমাহিতঃ। মৃগ *ছাগল*চ মেষ*চ লুলাপঃ শৃকরস্তথা॥ শল্লকী-শশকো-গোধা-কূর্ম্ম-খর্গী দশস্মৃতাঃ। অক্সানপি পশুন্ দতাৎ সাধকেচ্ছানুসারতঃ॥ (মহানিক্বাণ-ভন্ত)

অর্থাৎ—হে দেবি! ভক্তগণ একাগ্রচিত্তে পাল্যাদি সর্কোপচার দ্বারা তোমার পূজা করিয়া বলিপ্রদান করিবে। বলির মধ্যে মৃগ, ছাগ (পাটা) মেষ, মহিষ, শৃকর, শলকী (সজারু বা সেজা), শশক (খরগোস) গোধা (গুইল), কুর্ম (কচ্ছপ) ও গগুর এই দশবিধ পশুই ব্লিদানে প্রশস্ত বলিয়া কথিত হইয়াছে। সাধকের ইচ্ছানুসারে অক্যান্ত পশুও বলিপ্রদান করিবে।

দেবতাগণের ভোগের জন্ম মংস্থা মাংদাদির বিচার করিয়া পুনরায় স্বয়ং শিবই পাৰ্ক্তীকে বিশেষ করিয়। বলিয়াছেন—

> মাংসন্তুত্রিবিধং জ্বেয়ং জ্বলখেচরভূচরং ত্রিবিধং মাংসং সংপ্রোক্তং দেবতাপ্রীতিকরকং। মৎস্তম্ভ ত্রিবিধং দেবি উত্তনাধ্য মধাসং উত্তমং ত্রিবিধং দেবিশাল পাঠীনরোহিতং। প্রবীণং কন্টকৈ হীনং তৈলাক্তং বল্ধলৈযু তং দেব্যাঃপ্রীতিকরক্ষৈব মধ্যমন্ত চতুর্বিবধং। গোনেষাশ্বলাপোহ্থ গোধাজোষ্ট্রমূগোদ্ভবং মহামাংসাষ্টকং প্রোক্তং দেবতাপ্রীতিকারকং। (ওস্তুসার)

অর্থাৎ—দেবি! মাংস ত্রিবিধ, জলচর মৎস্থাদি, থেচর পক্ষী ও ভূচর পশু এই ত্রিবিধ মাংসই দেবতাদিগের প্রাতিকর। হে দেবি!

মংশুও উত্তম, মধ্যম ও অধম এই তিন প্রকার। বৃহৎ, কন্টক রহিত, তৈলাক্ত ও ছালযুক্ত (আঁশযুক্ত) শৌল, পুঁটা ও রোহিত এই ত্রিবিধ উত্তম মংশু দেবীর প্রীতিকর। মধ্যম মংশু চারিপ্রকার। গো, মেষ, শ্বলুলা, গোদাপ, উদ্ভ ও মৃগের মাংস সর্কোৎক্ষণ্ট এবং দেবতাদিগের প্রীতিকর।

কালিকাপুরাণের পঞ্চ পঞ্চাশন্তম অধ্যায়ে বলিদান বিষয়ে লিখিত আছে যে—ভগবান্ বলিলেন,—দেবীর প্রমোদজনক বলিপ্রদান করিবে। (১ শ্লোক)। কেননা শাস্ত্রে উক্ত হইয়াছে যে সাধক বলিদান দ্বারা চিণ্ডিকাকে সর্বাদা সন্তুষ্ট করিবে। (৩ শ্লোক।) পক্ষী, কচ্ছপ, কুজীর, নবপ্রকার মৃগ যথা—বরাহ, ছাগল, মহিষ, গোসর্প, শশক, বায়স, চমর, ক্ষফসার এবং সিংহ,—মংশু, স্বগাক্র-ক্ষধির এবং ইহাদিগের অভাবে হয় (ঘোড়া)ও হস্তী এই আট প্রকার বলি শাস্ত্রে নির্দিষ্ট হইয়াছে। ছাগল, শরভ (মৃগ বিশেষ) এবং মন্থ্য ইহারা যথাক্রমে বলি, মহাবলি এবং অতিবলি নামে প্রসিদ্ধ। (৪ হইতে ৬ শ্লোক।) "ব্রহ্মা স্থায় যক্ষের নিমিত্ত সকল প্রকার বলির সৃষ্টি করিয়াছেন; এই নিমিত্ত আমি তোমাকে বধকরি, এই জন্ম যক্তে পশু বধ হিংসার মধ্যে গণ্য নয়।" (১১ শ্লোক।) ইত্যাদি—রূপ মন্ত্র সাধক পাঠ করিবে। হে বেতাল ও ভৈরব! হ্র্গার সকল প্রকার বলিদানে এই একই বিধি জ্বানিবে এবং পণ্ডিতগণ ইহারই অন্ত্র্টান করিবেন। (২৩ শ্লোক।)

উক্ত কালিকা পুরাণের ষষ্টিতম অধ্যায়ে, "কাত্যায়নীর আবির্ভাব"
স্থলে লিখিত আছে যে —মোদক, পিষ্টক, পেয়, অনেক প্রকার
ভক্ষ্য, ভোজ্যা, কুমাও, নারিকেল, খর্জুর, পনস, দ্রাক্ষা, আমলক,
শাণ্ডিল্যা, প্লীহ, করুল, কশোরু (কেশুর) হ্রস্বক, মূল, লাজ (খৈ),
ব্রম্ব, (জাম) এবং তিন্দুক (গাব) ইত্যাদি ফল এবং গব্য, গুড়, মাংস,

মত্ত, মধু, ইক্ষুদণ্ড, সর্করা, লবণী (লোণাফল) নারক্ষক, ছাগল, মহিষ, মেষ, নিজের শোণিত, পক্ষীও পশু, নয় প্রকার মৃগ—এই সকল উপকরণছারা নিখিল জগতের ধাত্রী মহামায়ার পূজা করিবে এবং এত পরিমাণে বলিদান করিবে যাহাতে মাংস ও শোণিতের কর্দ্ম হয়! (৪৬ হইতে ৫০ লোক।)

ঐ কালিকা পুরাণের সপ্তষষ্টিতম অধ্যায়ে "বলিদান-বিধি" স্থানে লিখিত আছে যে—ভগবান বলিলেন,—হে পুত্ৰন্তম ! (অৰ্থাৎ বেতাল ও ভৈরব!) বলিদানের ক্রম ও স্বরূপ অর্থাৎ যে প্রকার রুধিরাদি দ্বারা দেবীর সম্পর্ণ প্রীতি হয় তাহা তোমাদিগের নিকট কীর্ত্তন করিতেছি। সাধকগণ সকল প্রকার বলিদানেই বৈষ্ণবীতন্ত্র-কল্পকথিত ক্রম সর্বদা গ্রহণ করিবে। পক্ষী সকল, কচ্ছপ, গ্রাহ (হাঙ্গর বা কুম্ভীর) মংস্ত, নয় প্রকার মৃগ, মহিষ, অজা, আবিক, গো. ছাগ, রুরমুগ, শুকর, খড়ুগা (গণ্ডার), ক্লফ্ষ্যার, গোদর্প, শরভ (মৃগবিশেষ ; এই মৃগের আটটী পাদ, তাহার ৪টা পা ও চক্ষু উর্দ্ধ দিকে অবস্থিত) দিংহ, মনুষ্য এবং স্বীয়-গাত্তের রুধির ইহারা চণ্ডিকা দেবী ও ভৈরবাদির বলিরূপে কীর্ন্তিত ছইয়াছে। বলিদারা মুক্তি দাধিত হয়, বলিদারা স্বর্গ সাধিত হয় এবং বলিদান দ্বারা নুপংশ শক্র নুপতিদিগকে পরাজয় করিয়া থাকেন। মংছ ও কচ্চপের কৃথির দারা শিবাদেবী নিয়ত একমাস তৃপ্তি লাভ করেন এবং গ্রাহ (হাঙ্গর বা কুম্ভীর) দিগের ক্ষধিরাদি দ্বারা তিন মাসকাল তৃপ্তি লাভ করেন। দেবী মৃগ এবং মহুষ্য-শোণিত দ্বারা আট মাস তৃপ্তি লাভ করেন এবং সর্বাদা কল্যাণ প্রদান করেন। গোক্ষ এবং গোসপের রুধিরে দেবীর সাংবৎসরিক তৃপ্তি হয়। রুষ্ণসার এবং শৃকরের রুধিরে ्रम्वी बाम्भवार्षिकी जृक्षि नाज करत्रन। ज्ञानिक वनः भार्म, नित রুধিরে দেবীর পঞ্চবিংশতিবার্ষিকী তৃপ্তি লাভ হয়। সিংহ, শরভ (মুগবিশেষ)

এবং স্বীয় গাত্রের কৃধিরে দেবী সহস্র বংসর ব্যাপিয়া তৃপ্তি লাভ করেন। যাহার ক্ষাধিরে যাবৎকাল তৃপ্তির কথা হইয়াছে. মাংস দ্বারাও তত কাল তপ্তি লাভ হয়। কুফ্টদার, গণ্ডার, রোহিত ম**ংস্ত**, বুগ**ল** বাঞ্জীণস এই সকল বলিদানের পৃথক পৃথক ফল শ্রবণ কর। ক্লফসার ও গণ্ডারের মাংদে চণ্ডিকাদেবী পঞ্চশত বর্ষ নিয়ত তৃপ্তি লাভ করেন। আমার পত্নী হুর্গা রোহিত মংস্থের মাংসে এবং বাঞ্ডীণসের মাংসে তিনশত বংসর তপ্তি লাভ করেন। খেতবর্ণ বৃদ্ধ অজাপতির (পাঁটার) নাম বাঞ্জীপস, দৈব এবং পৈত্রকার্য্যে ইহার আদর কর। হইয়াছে। যাহার গ্রীবা নীলবর্ণ, মন্তক রক্ত বর্ণ, চরণ রুষ্ণবর্ণ এবং পক্ষ শ্বেতবর্ণ এইরূপ পক্ষীরাজকেও বাগ্রাণস বলা হয়, ইহা বিষ্ণু এবং আমার প্রিয়। (১ হইতে ১৮ শ্লোক) মন্ত্রপৃত শোণিত অমৃত রূপে পরিণত হয়। যেহেতু বলির মস্তক এবং মাংস দেবতার অত্যস্ত অভীষ্ট এই হেতু পূজার সময় বলির শির এবং শোণিত দেবীকে দান করিবে। বিচক্ষণ সাধক ভোজ্য দ্রব্যের সহিত লোমশৃত্য মাংস দান করিবে এবং কথন কখন পুজোপকরণের সহিতও মাংস দান করিবে। রক্তশৃত্য মম্ভক (অর্ধাৎ পাক করা মাণা) অমৃত তুল্য পরিগণিত হয়। (২১ ইইতে ২৪ শ্লোক।)

পূর্ব্ব ভক্তগণ তন্ত্র ও প্রাণোক্ত ঐ সকল শিব বাক্য শিরোধার্য্য-করিয়া দেবীর পূজায় পূর্ব্বোক্ত পশু বলিদান দিয়া ভক্তি সহকারে সেই প্রসাদ গ্রহণ করিতেন। কিন্তু বর্ত্তমান তথাকথিত ভক্তগণ সেই সকল শিববাক্যের বিরুদ্ধে দেবকার্য্যে যে কোনও প্রকারের পশু পক্ষী বলি একেবারে রহিত করিয়া দেওলার চেষ্টা করিয়া তাহা সমর্থন করার জন্ত যুক্তিহীন ও শাস্ত্র বিরুদ্ধ কতক গুলি কথার অবভারণা করিয়া বলেন যে "বিশ্বমাতা দেবী ভগবতী বা কালী, স্নতরাং সেই মায়ের নিকটে

তাঁহারই সন্তান পশু, পক্ষী জীবদিগকে বলি দেওয়া মহা পাপকার্য্য' ইত্যাদি। কিন্তু ঐ সকল বিচারহীন ভক্তগণ শাস্ত্রবিচার ও বৃক্তি দারা একবারও বৃঝিতে ইচ্ছা করেন না যে পরম বৈষ্ণব মহাদেব ও বৈষ্ণবী দেবী ভগবতী সেই তন্ত্র ও পুরাণাদি শাস্ত্রের বহু স্থলেই বলিয়া গিয়াছেন যে "আমি অসংখ্য জীব স্টে করিতেছি এবং আমিই পুনরায় ধ্বংস করিয়া ভোগ করিতেছি।" অর্থাৎ—আমিই স্রষ্টা এবং আমিই ভোক্তা। এ বিষয় তৈভিরীয় আরণ্যক শ্রুতিতে ও স্পষ্ট বর্ণিত আছে—

অহমরম্ অহমরম্। অহমরাদো অহমরাদো অহমরাদঃ॥

অর্থাৎ—আনিই অন (খাছ) এবং আমিই অন ভক্ষক।
তাই বলি হে শাক্ত ও বৈক্ষব ভক্তবৃন্দ! তোমবা কি সমস্ত বেদবেদান্ত, তত্ত্ব, প্রাণ প্রভৃতি শান্তবাক্য অবমাননা করিয়া, মুখে মুখে
কেবল সেই সকল শান্তের দোহাই দিয়া, নিজ নিজ যুক্তিহীন লাস্ত
মতামুযায়ী শান্ত প্রস্তুত করিয়া দেশ ও সমাজকে সর্বপ্রকারে রসাতলে
দিতে চাও ? শৃকর, সজারু, গোসর্প (গুইল) কচ্চপ প্রভৃতি দেবতাগণের উত্তম উপাদেয় খাছ্য বলিয়াই দেবতারা নির্বাচন করিয়া গিয়াছেন,
আজ তোমরা সেই সকল দেববাণী প্রত্যাখ্যান করিয়া সর্বপ্রকার পশু
পক্ষী বলি দেওয়ার প্রথাই একেবারে রহিত করিয়া দেওয়ার জন্ত একদল লোক বন্ধপরিকর হইয়া বসিয়াছ। যাহার যাহা ক্ষতিকর খাছ্য
ঠিক তাহাই খাইয়া সে ভৃপ্ত হয় এবং ইহাই জগতের স্বাভাবিক নিয়ম।
চিস্তা করিয়া দেখ যে তোমরাও প্রত্যেকে নিজ নিজ রুচি অমুযায়ী
খাত্যের ভাল মন্দ নির্বাচন করিয়াই খাছ্য গ্রহণ করিয়া থাক কিনা।

ইহা জানিয়া বুঝিয়াও দেবতগণের অভিপ্রেত পূর্ব্ধ বর্ণিত বরাহ ও গোসর্প, কচ্ছপাদির মাংস দেবতাগণকে না দিয়া তাঁহাদের অরুচিকর খাছ্য নিরামিবের ব্যবস্থা করিতেছ। কলিয়ুগ বলিয়াই এইরূপ কুসংস্কার ও অজ্ঞানতার বাতাস শাস্ত্রাধ্যায়ী পণ্ডিত মহাশ্রদের মধ্যেও পর্যস্ত প্রবেশ করিয়াছে। যদি বল যে গোসর্প, কচ্ছপ, সজারু প্রভৃতি বলিদেওয়ার প্রথা এই সমাজে চল নাই; তত্ত্তরে বক্তব্য এই,—পূর্বকালে উহা নিশ্চয়ই চল ছিল, নতুবা ঐ সকল ধলির বিধি স্পষ্ট হইল কোথাহিতে? পূর্বের চল ছিল, পরে ক্রমে সেই সকল প্রথা পরিবর্ত্তিত হইয়া গিয়াছে।

মায়ার সৃষ্টি এই পরিবর্তনশীল জগত সর্বাদাই পরিবর্ত্তিত হইয়া আদিতেছে ও হইবে। নহপ্মদ আরব দেশে মুসলমান ধর্ম প্রচার-করিবার পূর্দে ঐ আরববাদিগণ অসংখ্য দেবদেবীর মূর্ত্তি পূজা করিত; খুষ্টান ধর্ম প্রচারের পূর্দের গ্রীক, রোমান্ প্রভৃতি দেশবাদিগণ বহু দেবদেবীর মূর্ত্তি পূজাত। কিন্তু সেই সময় ভারতের হিল্পুগণ কোন মূর্ত্তি পূজা করিতেন না, তাহারা অগ্নির উপাসক ছিলেন—মাত্র হোম করিতেন। কালক্রমে তাহার পরিবর্ত্তন হইয়া এখন সম্পূর্ণ বিপরীতভাব ধারণ করিয়াছে। ঐ সকল দেবদেবিগণ আরব ও গ্রীক্, রোমান্ প্রভৃতি দেশ ত্যাগ করিয়া ক্রমে এই ভারতে আদিয়া উপানিবেশ স্থাপনকরিয়াছেন। আনাদের এই ভারতের মধ্যেও আহার বিষয়ে ঠিক সেইরূপ সম্পূর্ণ পরিবর্ত্তন ঘটিয়াছে। সেই পুরাকালে মথুয়া, বৃল্লাবন ও অযোধ্যা প্রভৃতি হিন্দুয়ানবাদিগণ অর্থাৎ এক কথায় বলিতে গেলে তৎকালীন ভারতের সর্বব্রেই হিন্দুগণ অসংখ্য পশু পক্ষীয় মাংস ও মৎস্থ আহার করিতেন। আর এখন ঐ হিন্দুয়ানী—হিন্দুগণ সেই সকল আমিষ আহার করা দ্রে থাকুক উহার নাম পর্যান্তও মুখে উচ্চারিত-

হইলে তাহাদের ধর্ম নষ্ট হয়, কি ঘোর পরিবর্ত্তন ! তাই আজ হিন্দুস্থানা চারি বেদাধাায়নকারী চৌবের, এবং তিন বেদাধাায়নকারী ত্রিকেনীর বংশধরগণের মংস্থা মাংস, রসকর পুষ্টিকর খান্তাভাবে মন্তিষ্কের শক্তি তাহারা ঐ সকল বেদবেদাস্তের স্থগভীর তম্ব লুপ্তপ্রায় হওয়ায় মস্তিকে ধারণা করিতে অক্ষম হইয়া বর্ত্তমানে বিভিন্ন দেশে যাইয়া সাধারণ পদাতির ও পাচকের কার্য্য করিয়া আসিতেছে। স্থতরাং পুনরায় সত্যের প্রচার ছারা বেদবাণী প্রচার ক্রমে আবার সেই মংস্থ মাংসাহারের প্রচন্ত্র করত: সেই সত্য যুগের আবির্ভাব করিয়া ভারতের লুপ্ত শক্তি পুনর্জ্জাগরিত করিয়া এই ভারতকে উদ্ধার করিতে হইবে। সেই সকৰ বেদবাণী ও মাংসাহারের প্রথা সমাজে চল করাও আমাদের মানুষের্ই আয়ত্ত এবং ক্রমে তাহার চেষ্টা করিলেই কোন এক সময়ে যাইয়া দেই চেষ্টা কার্য্যে পরিণত হইবেই হইবে। তাহা না করিয়া তোমরা বরং তাহার সম্পূর্ণ বিরুদ্ধাচরণ করতঃ সমাজে মিধ্যাহ প্রচার করিয়া, বর্ত্তমানে ছাগাদি যে সকল পশু বলি দেওয়ার প্রশ্ব সমাজে চলিতেছে তাহাও পর্যান্ত সমূলে উৎপাটন করিয়া দিতে চাহিতেছ। ইহাই কি তোমাদের ভক্তি ও জানের চরম সীমাণু আজকাল সহরে বহুস্থানেই দেখা যায় যে তথাকথিত তান্ত্রিক ও বৈষ্ণঃ ভক্তগণ পুজোপলক্ষে শাস্ত্রসম্মত প্রকাশ্ত পশুবলি বন্ধ করিয়া দিয়া বাজারের মুসলমান কসাইদের জবাই করা পশু মাংস খাইয়া লোভরিপু চরিতার্থ করিতেছে: কি সুন্দর ধর্মা, আর কি সুন্দর পবিত্রতা!

বেদের যে সকল স্থানে আহার্য্য বিষয়ে "ধেমু" ও "গো" শব্দ উল্লেপ্ত আছে, সংস্কারাবদ্ধ সায়ণাদি ভাষ্যকারগণ সেই সকল স্থানে আগ্রাপ্ত চেষ্টা করিয়া ঐ "ধেমু" ও "গো" শব্দের "হৃগ্ধ" অর্থ করিয়া মিধ্যা অর্থ গ্রহণে শাস্ত্রের অনেক অনর্থ ঘটাইয়াছেন। কিন্তু মহীধর স্থামী ভাষ্ত

করিবার সময় সংস্কারান্ধ সমাজের ভবে ভীত না হইয়া তিনি বীরের
ক্রান্ধ সত্যার্থ প্রকাশ করিয়া "গো" শব্দে গোরুই অর্থ করিয়া গিয়াছেন।
ক্রান্ধ রামায়ণ মহাভারতাদি ঐতিহাসিক গ্রন্থালোচনা করিয়া দেখা
ক্রান্তক যে তৎকালীন সমাজে যজ্ঞাদি দেবকার্য্যে এবং নিত্য নৈমিত্তিক
ক্রান্ধারে খাভানির ব্যবস্থা কিরূপ ছিল।
ক্রান্তে আছে—

"ততো নিযুক্তাঃ পশনো যথাশাস্ত্রং মনীষিভিঃ।
তং তং দেবং সমুদ্দিশ্য পক্ষিণঃ পশবশ্চ যে।
ঝযভাঃ শাস্ত্রপঠিতা স্থথা জলচরাশ্চ যে।
সর্ব্বাং স্তানভাযুঞ্জং স্তে যত্রাগ্লিচয়কর্মণি॥
যুপেরু নিয়তা চাসীৎ পশৃনাং ত্রিশতী তথা।
শ্রপয়িরা পশ্নতান্ বিধিবদ্দিজসন্তনাঃ॥
তং তুরঙ্গং যথাশাস্ত্র মালভস্ত দ্বিজাতয়ঃ॥"
(মহাভারত অশ্বমেধ পর্ব্ব)

অর্থাৎ—"অশ্বনেধ যজ্ঞে নিবৃক্ত ব্রাহ্মণগণ প্রত্যেক দেবতাকে উদ্দেশ করিয়া শাস্ত্র বিহিত পক্ষী, পশু, মাঁড় ও অলচর জীবকে অগ্নিতে ক্রিক্ষেপ করিয়া হোম করিলেন। তিন শত যুপকার্চনিবদ্ধ পশু এবং অস্থান্থ শশুকে বিজ্ঞগণ বিধিপূর্দ্ধক বধ করিয়া পরে অশ্বনেধের সেই অশ্বকে ক্রাকরিলেন।"

ছুর্য্যোধনের গৃহে ভগবান্ শ্রীরক্ষ গোমাংসসস্কৃত মধুপর্ক দার। যে শরিতোশরূপে ভোজন করিয়াছিলেন, পরবর্তী শ্লোকেই তাহা বাণিত হইতেছে।

আহার্য্য বিষয়ে শান্ত্র, যুক্তি ও প্রতাক্ষ প্রমাণ

"তিস্মিন্ গাং মধুপর্ক ঞাপ্যুদকঞ্চ জনাদিনে ॥" (মহাভারত উল্লোগপর্ক)

অর্থাৎ—"জনার্দ্দন প্রীক্লফকে গাভীর মাংদে প্রস্তুত করা মধুপর্ক এবং জল দান করিলেন।"

> 'পাভ মাচমনীয়ঞ্চ অর্ঘ্যং গাঞ্চ বিধানতঃ। পিতামহায় কৃষ্ণায় তদহায় স্তবেদয়ৎ ॥" (মহাভারত আদিপর্বা)

অর্থাৎ—"পুজনীয় পিতামহ শ্রীক্বঞ্চ কে পাছা, আচমনীয়া, অর্ঘ্য এবং গাভীর মাংস যথাবিধি নিবেদন করিলেন।"

করন্ কৃষ্ণমৃগাং শৈচৰ মেধাং শচান্তান্ বনেচরান্। বাহ্মণানাং সহস্রাণি স্নাতকানাং মহাত্মনাম্। বাহ্মণানাং নিবেছাগ্রম ভূঞ্জন্ পুরুষর্ষভাঃ॥ (মহাভারত বনপর্বে)

অর্থাৎ—পুরুষ শ্রেষ্ঠ সহস্র স্নাতক ব্রাহ্মণ রুরুম্গ, রুরুম্গ এবং অন্তান্ত বন্তু পশুর মাংস, ব্রাহ্মণগণকে অগ্রে নিবেদন করিয়া ভোজন করিলেন।

> ভূঞ্জানা মূনিভোজ্যানি রসবস্তি ফলানি চ শুদ্ধবান্ হতানাঞ্চ মৃগাণাং পিশিতাশ্যপি॥ (মহাভারত বনপর্ব্ব)

অর্থাৎ — মুনি ভোজ্য সরস ফল ও নিহত মৃগের শুদ্ধ মাংস ভোজন করিলেন।

এইরূপে পঞ্চ পাণ্ডবগণ বনবাসকালে নানা প্রকারের মৃগ ও বরাহাদি অক্সান্ত বহু রক্ষের বছু পশু হত্যা করিয়া সেই মাংস ছারা প্রত্যহই ব্রাহ্মণদিগকে ভৃপ্তির সহিত ভোজন করাইতেন এবং নিজেরাও ভোজন করিতেন।

ঐ মহাভারতের একস্থানে আছে যে রাজা বুধিটির অশ্বমেধ যজ্ঞ করিবার সময় বহু অশ্বাদি পশু, পক্ষী ও মংস্থা হত্যা ক্রিয়াছিলেন।

মহারাজ জয়দ্রথ যখন ট্রোপদীকে হরণ করিতে গিয়াছিলেন তখন তিনি নিম্নোক্তরূপে অভ্যথিত হইয়া প্রচুর পশু মাংস দ্বারা তৃপ্তির সহিত ভোজন করিয়াছিলেন।

পাতাং প্রতিগৃহাণেদ মাসনঞ্চ নৃপাত্মজ্জ
মৃগান্ পঞ্শতকৈব প্রাতরাশং দদানি তে।
প্রণায়ান্ পৃষতান্ন্যকুন্ হরিণান্ শরভান্ শশান্
ক্ষান্ ক্রন্ শস্বরাংশ্চ গ্রয়াংশ্চ মৃগান্ বহুন্।
বরাহান্ মহিষাং শৈচব যাশ্চান্তা মৃগজাতয়ঃ
প্রদাস্তি স্বয়ং তুভাং কুস্তিপুত্রো যুধিষ্ঠিরঃ। (মহাভারত)

অর্থাৎ—হে রাজপুত্র! এই পান্ত এবং আসন গ্রহণ করন। এই পাচ
শত মৃগ আপনাকে প্রাতর্ভোজনের জন্ত প্রদান করিলাম। জন্মের
(মৃগবিশেষ), প্রষত (মৃগবিশেষ), অঙ্কন, হরিণ, শরভ (উষ্ট্র) খরগোস,
ভন্নক করম্পা, সম্বর (মৃগাবিশেষ), বনগোরু এবং অন্তান্ত বহু রকমের মৃগ ও
বরাহ, মহিষ এবং আরও অন্তান্ত মৃগ জ্যুতীয় পশু সকল কৃষ্টিপুত্র যুধিটির
স্বরং আপনাকে প্রদান করিতেছেন।

শ্রীক্সন্থের প্রধান ভক্ত নারদ মুনি ভক্তবৃন্দ সহ হরিগুণ গান করিতে করিতে পরম ধার্মিক, সর্বজ্ঞীবে দয়ালু রাজা রম্ভিদেবের গৃহে উপস্থিত হইয়া আতিথ্য গ্রহণ করিলে উক্ত রাজা অত্যস্ত শ্রদ্ধার সহিত গোমাংসাদি দ্বারা যে ঐ সকল অতিথিদিগেকে পরিতোষরূপে ভোজন

করাইয়াছিলেন, মহাভারতে নারদ মুনির উক্তিতেই তাহার প্রমাণ দেখা যায়—

> সাঙ্কৃতে রন্তিদেবস্থ যাং রাত্রি নতিথির্ব্বসেৎ। আলভ্যন্ত তদা গাবঃ সহস্রান্তেক বিংশতিম্॥ (মহাভারত)

অর্থাৎ—সাঙ্কৃতি রাজা রস্তিদেবের গৃহে রাত্রিতে অতিথি বাস করিলে পর তাহাদের সেবার জন্ম একুশ ২১ হাজার গোরু সংগৃহীত হইয়াছিল। (সেই পরাকালে "হাজার" শব্দের কোন সাঙ্কেতিক সংখ্যা ছিল, বর্ত্তমান কালে যেরূপ সৈনিক বিভাগে ২৫টি সৈন্তে একশ এবং হন্তী গণনায় ২০টা হন্তীতে এক শত শক্ষ বুঝায়।)

মহারাজ মান্ধাতার গৃহে ব্রাহ্মণগণকে যে প্রচুর পরিমাণ মৎশ্রের দ্বারা ভোজন করান হইয়াছিল তৎ সম্বন্ধেও মহাভারতে সেই নারদ মুনির উক্তিই আছে—

অদদজোহিতান্ মৎস্থান্ ব্রাহ্মণেভ্যো বিশাস্পতে বহুপ্রকারান্ স্থসাদূন্ ভক্ষ্যভোজান্ন্ত পর্বতান্। (মহাভারত)

অর্থাৎ—নারদ মুনি বৈশম্পায়নকে সম্বোধনপূর্মক বলিতেছেন যে, "হে বৈশম্পায়ন! প্রভূত রোহিত মংস্থা এবং বহু প্রকার স্থম্মাছ প্রভূত ভক্ষ্য ভোজ্য ব্রাহ্মণদিগকে দান করিয়াছিলেন।"

উত্তরা-বিবাহকালে পাণ্ডবগণ অত্যস্ত শ্রদ্ধার সহিত **শ্রীকৃষ্ণকে**নিম্নলিখিত প্রচুর পশু-মাংস দারা পরিতোষরূপে ভোজন করাইয়া
ছিলেন।

উচ্চাবচান্ মৃগান্ জন্মুর্শেধাাংশ্চ শতশঃ পশ্ন্ স্বামৈরেমপানানি প্রভূতাক্যুপহারয়ন্। (মহাভারত) অর্থাৎ—শিকারগন উচ্চ শ্রেণীর বৃহৎ নানাবিধ মৃগ ও শত শত অভাত পবিত্র পশু হত্যা করা হইয়াছিল এবং সুরা, মৈরেয় (মদ্য বিশেষ) প্রভৃতি উত্তম পানীয় সকল উপহার প্রদান করিরাছিল।

প্রভাস তীর্ষে যাওয়ার সময় শ্রীক্বঞ্চ ও তৎসঙ্গীয়গণ নিম্নোক্তরূপে
মন্ত্র মাংসাদি দারা পাথেয় ভোজ্য সংগ্রহ করিয়াছিলেন—

ততো ভোজ্যংচ ভক্ষ্যংচ পেয়ং চান্ধকর্ফয়ঃ বহু নানাবিধং চকুর্মগ্রং মাংস মনেকশঃ। (মহাভারত)

অর্থাৎ—অন্ধক এবং রক্ষিবংশীয় শ্রীরুক্ষ প্রভৃতি নানাবিধ ভক্ষ্য ভোজ্য মাংস এবং নানাবিধ পানীয় মন্ত সংগ্রহ করিয়াছিলেন।

মহর্ষি বাল্মীকি মুনির বর্ণনায় দেখা যায় যে, শ্রীরাসচন্দ্র জন্মিবার পূর্বের রাজা দশর্থ পুত্রলাভ কামনায় নিম্নোক্তরূপে অশ্বমেধ যজ্ঞ করিয়াছিলেন —

 অর্থাং—মহারাজ দশরথের অশ্বনেধ যজে নিযুক্ত ঋত্বিকৃগণ শাস্ত্রবিহিত বহু পশু, সর্প, পক্ষী দারা হোম করিতে লাগিলেন। বহু
জলচর জীব এবং অশ্বধারাও হোন করিলেন। তিন শত পশু এবং এক্ট্রি
স্থলকণ্যুক্ত উত্তম অশ্ব দারা হোম করা হইল। কৌশল্যা উত্তমক্তশে
ঐ অশ্বের পরিচর্য্যা করিলে রাজা ঐ অশ্বকে পরম আনন্দের সহিত্ত
তরবারি দারা তিন খণ্ড করিয়া ফেলিলেন।

(भून वाचीकि तामांशन। व्यवसामा काछ)

"মুগং হয়। নয় ক্ষিপ্রং লক্ষণেহ শুভক্ষণে"।

অর্থাৎ— শ্রীরামচন্দ্র বলিতেছেন,—"হে লক্ষণ! শীঘ্র এই শুভক্রে মুগ বধ করিয়া আন।"

"স লক্ষ্ণঃ কৃষ্ণমূগং হত্বা মেধ্যং প্রতাপবান্। অথ চিক্ষেপ সৌমিত্রিঃ সমিদ্ধে জাতবেদসি॥ তত্ত্ পকং সমাজ্ঞায় নিষ্টপ্তং ছিন্নশোণিতম্॥"

অর্থাৎ—"সুমিত্রানন্দন প্রতাপশালী লক্ষ্মণ, সুলক্ষণযুক্ত একটি
পবিত্র ক্লফ্ষমৃগ বধ করিয়। প্রজ্ঞলিত অগ্নিমধ্যে নিক্ষেপ করিলেন এক
উহা শোণিতরহিত ও পরিপক হইলে ভক্ষণের নিমিত্ত উত্তোলন
করিলেন।"

অন্ত একস্থলে আছে—

"তস্ত তল্বচনং শ্রুহা রাজপুত্রস্ত ধীমতঃ। উপানয়ত ধর্মাত্মা গামহ্য মুদকং ততঃ॥"

অর্থাৎ—"সেই ধীমান্ রাজপুত্রের বাক্য শুনিয়া ধর্মান্থা বিশিষ্ট গোমাংসের অর্থ্য আনমূন করিলেন"। অন্তত্ৰ আছে-

'কোশমাত্রং ততো গন্ধা ভ্রাতরো রামলক্ষ্ণো।
বহুন্মেধ্যান্মুগান্ হন্বা চেরতুর্ধ মুনা বনেঃ'॥
অর্থাং—"সেস্থান হইতে এক ক্রোশ মাত্র গমন করিয়া রাম ও লক্ষণ
মনেক পবিত্র মৃগ হত্যা করিয়া বনে বিচরণ করিতে লাগিলেন।"
ভরদ্ধান্ধ মুনির আশ্রমে ভরত অতিথি হইলে তিনি নিম্নোক্তরূপে
সেই অতিথি সেবা করাইয়াছিলেন।

"হাজৈ শ্চাবিক বারাহৈ নিষ্ঠান-রসসক্ষরিঃ।
ফলনির্যু ২সংসিকৈঃ স্থাপৈর্গন্ধরসায়িতেঃ॥
বাপ্যো মৈরেয়পূর্ণাশ্চ মৃষ্টমাংসচয়ে ধ্ব তাঃ।
প্রভপ্ত পৈঠরৈ শ্চাপি নার্গ নায়্র-কৌকুটেঃ॥
মাংসানি চ স্থমেধ্যানি ভক্ষ্যন্তাং যো যদিছেতি"।

অর্থাৎ-- ভাগল, মেন, বরাহ প্রভৃতির প্রচ্র মাণ্স, সুগন্ধ ওসুরস সিদ্ধ ফলনির্য্যাস, বিবিধ প্রকার ভজ্জিত (ভাজা) মংশু, ম্যূর, মোরগ, শৃত্তির পবিত্র মাণ্স যাহার যেরপ ইচ্ছা ভক্ষণ করিলেন"।

কুশান্তরণ সংস্তীর্ণে রামঃ সন্নিসসাদহ
সীতামাদায় হন্তেন মধুমৈরেয়কং শুচি
পায়য়ামাস কাকুৎস্থঃ শচীমিব পুরন্দরঃ
মাংসানিচ স্থমিষ্টানি ফলানি বিবিধানি চ।
(রামায়ণ উত্তর কাণ্ড)

অর্থাৎ—ইন্দ্র যেরপ শচীকে স্বহস্তে ভোজন করাইতেন, সেইরূপ রামচন্দ্র বিস্তৃত কুশাসনে উপবেশন করিয়া স্বহস্তে বিশুদ্ধ মৈরেয়ক মন্ত

(লতা জাতীয় গাছ হইতে প্রস্তুত করা মন্ত্র), বিবিধ সুমিষ্ট ফল এবং বছ প্রকার পশু মাংস সকল সীতাদেবীকে পান ও ভোজন করাইতেন। প্রীরামচন্দ্র ও সীতাদেবী যে প্রতাহই মন্ত্রনাংস খাল্পরূপে ব্যবহার করিতেন, উক্ত শ্লোকেই তাহা স্পষ্ট প্রমাণিত হইতেছে। শ্রীরামচন্দ্র ও লক্ষণের সহিত সীতাদেবী যখন বনবাসে ছিলেন তখন ছন্ম ব্রাহ্মণ্বেশী রাবণ সীতাকে হরণ করিবার অভিপ্রায়ে ভিক্ষা নিতে আসিলে সীতাদেবী সেই ব্ৰাহ্মণবেশধারী রাবণকে বলিয়াছিলেন—

> ''আগমিশুতি মে ভর্তা বক্তমাদায় পুচ্চলম্। ক্লন গোধান বরাহাং *চ হত্বা দায়ামিষং বহু"॥ "নিহত্য পৃষতঞান্তং মাংস মাদায় রাঘবঃ" ॥ (রামায়ণ অর্ণ্যকাণ্ড)

অর্থাং-"আপুনি কিঞ্চিৎ অপেক্ষা করুন, আমার পতি রাঘ্ব (রামচক্র) বহু মুগ, গোসাপ, বরাহ বধ করিয়া এবং অভা বহু প্রকার মাংস লইয়া শীঘ্রই প্রত্যাবর্ত্তন করিবেন। তদ্বারা আপনাকে পরিতোষ করিয়া ভোজন করাইব।

সীতাদেবীর এই বাক্যের দ্বারা স্পষ্টই বুঝা যাইতেছে যে সীতাদেবী ও রাম লক্ষ্মণ বনবাস কালে প্রতাহই ঐ সকল পণ্ডর মাংস আহার করিতেন এবং রাহ্মণ ও বৈষ্ণবাদি অতিথি অভ্যাগত আদিলে তদ্ধারা তাহাদেরও ভোচ্চন করাইতেন।

পূর্ব্বোক্ত রামায়ণের শ্লোক গুলির স্থায় বরাহ, মৃগ ও মোরণ ইত্যাদি নানাপ্রকার পশু পক্ষী বধ করিয়া মাংস ভোজন করা বিষয়ক আরও বহু শ্লোকই বাল্মীকি মুনির বর্ণনায় রামায়ণে দেখা যায়। এই শ্লোকগুলি বাল্মীকি বির্চিত মূল রামায়ণে এখনও দেখিতেছি। কিন্তু তৎপরবর্ত্তী

সংস্কারান্ধ কীর্ত্তিবাস আদি কবিগণ ঐ মাংস অপবিত্র বা অথাছ্য মনে করিয়া, ঐ রূপ বহু শ্লোক উঠাইয়া দিয়া, নিজ নিজ মতাত্র্যায়ী নৃতন লোক রচনা করতঃ তাহাতে সীতাদেবী ও রামচন্দ্রের বনবাসকালে ফলমূলাহারের কথা লিখিয়া সভ্যের অপলাপ ও মিণ্যার প্রচার করিয়াছেন। এইরূপ কুসংস্কারাচ্ছন্ন বহু কবিগণই সত্তোর অপলাপ করিয়া সত্যবুগে একুশ হাত, ত্রেতাযুগে চৌদ হাত ও দ্বাপর যুগে সাত হাত লম্বা মান্তব ছিল এবং পাঁচ হাজার, দশ হাজার কি লক্ষ বর্ষ লোকের পরমায়ু ছিল; শ্রীরানচক্র শরৎকালে তুর্গোৎসব করিয়াভিলেন; হতুমান মুর্যাটীকে আনিয়া বগলের মধ্যে রাখিয়া দিয়া রাত্রি প্রভাত হওয়া বন্ধ করিয়াছিল ইত্যাদি বহু আজগুরি মিথ্যা কথার অবতারণা করিয়া সমাজের রুচি অনুসারে নিজ নিজ মতানুযায়ী বহু গ্রন্থ ছাপাইয়। তদ্ধারা মিথ্যার প্রচার করিয়াছেন এবং ঐ সকল মিথ্যা পুস্তক বিক্রয় দারা নিজ নিজ ব্যবসায়ে আর্থিকোন্নতি ও সমাজে প্রাধান্ত স্থাপন করিয়া, সমাজকে অজ্ঞানান্ধকারে ফেলিয়। যাওয়াতেই আজ ভারতের এই হুর্দ্ধা। যদি সেই আদিন গ্রন্থ সকলের মূল সত্য তত্ত্বই আজ পর্যান্তও সমাজে প্রচার প্রকিত তবে আনিষ ও নিরামিষ আহার লইয়া এখন হিন্দু সমাজে এই দ্বেষাদ্বেষি, রেষারেষির 'সৃষ্টি হইত না এবং জ্বাতিগত ও শারীরিক হুর্বলতা আসিয়া অধিকার করিয়া হীনবীর্য্য ও ভীক্ন, কাপুরুষ সন্তানগণ জিমায়া আজ হিন্দুজাতিকে এইরূপ নিত্তেজ করিতে সক্ষম হইত না। অতএব হে কুসংস্থারান্ধ বৈষ্ণব বন্ধুগণ! তোমরা কেন অনর্থক তোমাদের নিজ কুধারণার বশবর্ত্তী হইয়া শ্রীকৃষ্ণের অপ্রীতিকর নিরামিষ আহার্য্য দ্বারা তাঁহার ভোগ দিয়া, সেই ভগবানের অপ্রীতিভান্ধন হইয়া নরকে যাওয়ার পথ প্রস্তুত করিতেছ ? মোরগ, গোদর্প ও বরাহাদির মাংস খাদক সেই বিষ্ণু অবতারগণ এরামচন্দ্র ও এক্সফাদি, বাঁহাদের নাম শারণে তোমাদের দেছ পবিত্র ছয়, যদি তাঁছারা শায়ং এখন আসিয়া প্নরায় অবতীর্ণ হন, তবে তাঁছাদিগকে তোমরা বৈষ্ণবগণ ও নৈষ্টিক বাহ্মণগণ স্পর্শ করিবে কি? বা কাছারও গৃছে স্থান দিবে কি? এইরপ ভারতবর্ষের পুরাতন ইতিহাস, রামায়ণ ও মহাভারত এবং বেদ বেদাস্তাদি দর্শনশাস্ত্র সকল ও সংহিতা, ভাগবতাদি নানা প্রকারের পুরাণ এবং তন্ত্রগ্রন্থ সকল পাঠ করিলে দেখা যায় যে, সেকালে সর্ব্বসাধারণের মধ্যেই মাংসাছার সাধারণ ভাবে সর্ব্বত্র যথেষ্ট প্রচলিত ছিল। ঐ সকল গ্রন্থে এইরপ দৃষ্টাস্তের অভাব নাই। সেই আহার্য্যের শক্তিতেই সেকালের লোকসকল তেক্সোবিগ্রিশালী ও দীর্ঘকায় এবং শক্তিমান্ ছিলেন।

তর্কন্থলে অনেকে বিদিয়া থাকে যে, "পূর্বের সেই মুনি ঋষিগণ যজ্ঞ শেষে যজ্ঞে নিহত পশুর জীবন দান দিয়া পুনরায় বাঁচাইয়া দিতেন।" শাস্ত্রে আছে যে, যজ্ঞে নিহত পশুগণ দেহ ত্যাগের পর স্বর্গে চলিয়া যায়। কাজেই যে জীব স্বর্গে গিয়া জীবিত আছে, মর্ত্যলোকে পুনরায় তাহার জীবন দান হইতে পারে না। আর যে ব্যক্তি যজ্ঞে পশু বধ করিয়া সেই মাংসাদি ভক্ষণ করিয়াছেন, মৃত পশুর জীবন দান দিতে যদি তিনি সক্ষম হইবেন, তবে আর রুণা যজ্ঞ করিয়া পরমেশ্বরের নিকট নিজ ও পুত্র পৌত্রাদির শতাধিক বর্ধ দীর্ঘায়ু এবং স্বাস্থ্য কামনা করিবেন কেন? আরও দেখ, স্ত্রী পুরুষ যোগে জীব ক্রণজাত হইয়া পরে জন্ম গ্রহণ করে ইহাই প্রক্ষতির বিধান। কাজেই কেবল যজ্ঞকর্ত্তার কথামুযায়ী বলামাত্রেই নৃতন একটা জীব স্বষ্টি হইবে, এইরূপ অপ্রাক্ষত কথা অযৌক্তিক বলিয়াই অগ্রাহ্য হয়।

কেহ বলে যে, "সত্য, ত্রেতা, দাপর যুগে গোবধ ইইয়া থাকিলেও কলিযুগে তাহার বিধি বা প্রচলন নাই।" তবে জন্মেজয় রাজার গৃহে গোমাংস ভক্ষণ করিয়া ব্যাসদেব জ্বাতিভ্রষ্ট হইয়াছিলেন বলিতে হইবে। ব্যাসদেবের রচিত বেদাস্তদর্শনে স্বাছে—

অশুদ্ধমিতি চেন্ন শব্দাৎ॥ (বেদাস্তদর্শন)

অর্থাৎ—হিংসা হক্ত বলিয়া যজ্ঞকে অশুদ্ধ বলা যায় না, কারণ যজ্ঞে পশুবধ করা বিষয়ে শাস্তেরই বিধান আছে। অর্থাৎ ইহা বেদেরই অনুমোদিত এবং তাহা কথনও হিংসাশনবাচ্য হইতে পারে না। আচার্য্য শঙ্করও তাঁহার রচিত ছান্দোগ্য ভায়ে এবং ব্রহ্মস্থত্র-ভায়ে ইহাই অঙ্গীকার করিয়া গিয়াছেন যে, 'শ্রাদ্ধে ও যজ্ঞে নানা প্রকার পশু বধ করিলে তাহা কিছুতেই হিংসাশনবাচ্য হইতে পারে না,—উহা বেদেরই অনুমোদিত'।

মন্থ বলিয়াছেন-

যজার্থং পশবঃ স্কষ্টাঃ স্বয়মেব স্বয়স্ত্বা। যজো২স্থ ভূতৈয় সর্ববস্থ তস্মাদ্ যজে বধো ২বধঃ॥ (মনুসংহিতা)

অর্থাৎ—স্বয়স্থ স্বয়ংই যজ্ঞকার্য্যের জন্ম পশু সকল স্থাই করিয়াছেন।
সমুদ্য বিশ্বের হিতের জন্মই যজ্ঞ বিহিত। অতএব যজ্ঞে যে পশুবং
তাহা অবধ। অর্থাৎ তত্তৎ স্থলে বধকক্স পাপ হয় না।

এই সকল ব্যক্তিগণ ও কোন বুগে বা কালে পশুবধ নিষেধ বলিয়া কোনই উল্লেখ করেন নাই। কেবল নিরামিধাহারী ধর্মধ্বজিশিণ সত্যার্থ গোপন করিয়া নিজ মত পোবণের জন্ম ব্যাকরণের আশ্রম গ্রহণে শাস্ত্রার্থকে অনর্থ করিয়া, মিথ্যা ব্যাখ্যা দারা সাধারণ অজ্ঞের মনে কুসংস্কারের আগুণ জালিয়া দিতেছে।

বহদারণ্যক উপনিষদে আদেশ আছে---

স য ইচ্ছেৎ পুত্রো মে শুক্লো জায়েত বেদমমুক্রবীৎ। সর্বনায়ুরিয়াদিতি ক্ষীরোদনং পাচয়িত্বা স্পিয়ার মনীয়াতামীশ্বরী জন্মতিবে।

অর্থাৎ—কোন লোক যদি ইচ্ছা করে যে আমার পুত্রটী গৌরবর্ণ হউক, চারিটী বেদের মধ্যে এক বেদ অধ্যয়ন করুক এবং সম্পূর্ণ শত বর্ষ আয়ু লাভ করু**ক, তাহা হইলে স্বা**মী ও স্ত্রী উভয়ে ছগ্ধ দারা অর পাক করাইয়া ঘতাক্ত করত: তাহা ভক্ষণ করিবে, তাহা হইলেই তাদুশ পুত্র উৎপাদনে সম্যক সামর্থ্য জন্মিবে।

অথ য ইন্ছেৎ পুত্ৰো মে কপিলঃ পিঙ্গলো জায়েত— দ্বো বেদাবমুক্রবীৎ সর্ববমায়ুরিয়াদিতি দধ্যোদনং পাচয়িত্বা স্পিম্বর মনীয়াতামীশ্রের জন্মত্তৈ ॥

অর্থাৎ—যদি কেহ কামনা করে যে আমার পুত্রটা কপিল পিঙ্গল বর্ণ হয়, ছুইটা বেদ অধ্যয়ন করে, ও পূর্ণায়ু প্রাপ্ত হয়, তাহা হইলে দ্বি শ্বারা অন্ন পাক করাইয়া সেই দধ্যোদন ঘতাক্ত করিয়া জায়াও পতি উভয়ে ভক্ষণ করিবে। তাহাতেই তাদৃশ পুত্রোৎপাদনে সমর্থ হইবে। দ্বিবেদাধ্যায়ী পুত্র লাভের কামনায় এইরূপ ভোজনের নিয়ম বিহিত इट्टेन।

অথ য ইচ্ছেৎ পুত্রো মে খ্যামো লোহিতাক্ষো জায়েত। ত্রীনু বেদানমুক্রবীৎ সর্ব্বসায়ুরিয়াদিত্যুদৌদনং পাচয়িত্বা সর্পিম্বস্ত মশ্রীয়াতা মীশ্বরৌ জনয়িতবৈ॥

অর্থাৎ—অপিচ কেই যদি ইচ্ছা করে যে আমার একটী শ্রামবর্ণ, রক্ত চক্ষুবৃক্ত পূত্র জন্মে, পরে ত্রিবেদাধ্যায়ী হয় এবং সম্পূর্ণ শতবর্ষ পর্যান্ত জীবিত থাকে, তাহা হইলে তাহারা স্বামী স্ত্রী উভয়ে কেবল জলবারা অরপাক করাইয়া তাহা দ্বতাক্ত করতঃ ভক্ষণ করিবে। ইহাতেই সেইরূপ পুত্র সন্তান লাভ করিতে সমর্থ হইবে। এস্থলে যে জলের উল্লেখ করা হইরাছে তাহা অন্ত জব্যের মিশ্রণ নিবারণের জন্ত । (অর্থাৎ কেবল মতে চাউল সিদ্ধ হয় না, তাই মাত্র চাউল সিদ্ধ হয়রার উপযুক্ত সামান্ত পরিমাণ জ্বল দিয়া পরে অধিক পরিমাণে মৃত দিবে।)

অথ য ইচ্ছেৎ পুত্রো নে পণ্ডিতো বিজিগীপঃ সমিতং গমঃ
শুক্রবিতাং বাচং ভাষিতাং জায়েত সর্বান্ বেদানমুক্রবীৎ
সর্ববমায়ুরিয়াদিতি। মাংসৌদনং পাচয়িত্বা সপিত্মস্ত—
মন্দ্রীয়াতা দীশ্বরৌ জনয়িতবৈ ওক্ষেণ বা ঋষভেণ বা ॥
(উক্ত শ্লোকের শাহ্বর ভাষ্য)

মাংসৌদনং মাংসমিশ্রোদনং তন্মাংসনিয়মার্থ মাহ ওক্ষেণ বা মাংসেন। উক্ষা সেচন সমর্থঃ পুঙ্গব স্তদীয়ং মাংসম্। ঋবভ স্ততোহপ্যধিকবয়স্তদীয়মার্যভং মাংসম্।

অর্থাৎ—যদি কেই ইচ্ছা করে যে—আমার পণ্ডিত, দিখিজয়ী, সভ্য হইবার উপযুক্ত সুমধুর ভাষী, এবং অর্থ গান্তীর্য্য সম্পন্ন, বাক্যের অভি-ভাষক ও সর্ব্ব বেদাধায়ী একটী পুত্র হউক, তবে সেই দম্পতিবৃগল মাংসমিশ্রিত অন্ন পাক করাইয়। দ্বতাক্ত করতঃ ভোজন করিবে। এখানে যে নাংসের কথা বলা হইয়াছে ভাহাতে বিশেষ বক্তব্য এই যে, উহা উক্ষ অর্থাৎ রেতংসেকসমর্থ তরুণ বয়য় রুষ এবং তভোধিক বয়য় বৢয়ের মাংসই গ্রাহ্ম।

অতএব শ্রাদ্ধ যজ্ঞাদি কার্য্য বিনাও যে গুতাদি অন্ত প্রকার খাল্ডের স্থায় গোনাংনাহার তৎকালে প্রচলিত ছিল, তাহা ঐ সকল শ্রুতি ইত্যানি শান্ত্র প্রমাণেই প্রমাণিত হইতেছে। স্কুতরাং হে ব্রাহ্মণ ও বৈষ্ণবগণ। তোমরা আর্যাজাতি ও আর্যা সম্ভান বলিয়া যদি অভিমান কর তবে পূর্ম পূর্মকালের সেই গো খাদক আর্য্যদের গুক্র শোণিত প্রবাহ এখনও তোমাদের শরীরে বহিতেছে, স্থুতরাং গো-খাদক এই খুষ্ঠান ও মুদলমান জাতিদিগকে মুণাকর কেন ? কেনইবা উক্ত জাতি-ম্বয়ের খান্তকে অখান্ত ও অম্পুশ্ত আহার বলিয়া রূপা আবদার উপস্থিত कतिया, हिन्तू, गूप्रलमान ७ शृष्टीन कां जित्र गरशा दिरहरवत्र आश्वन জালিয়। দিয়া তাহাতে এই ভারতকে পোডাইয়া ছারখার করিয়। দিতেছ १

উক্ত বৃহদারণ্যক উপনিষদের ঐ শ্লোকের ভায়ে শঙ্করাচার্য্য বলিয়াছেন যে "উক্ষা" বা ''ঋষভ" শক্তে ''বৃষ"বা ''ষাঁড়" অর্থ বুঝায়। "মাংসৌদন" শব্দে ঐ গোমাংস্কেই নির্দেশ করা হইয়ছে। কিন্তু কৃট তার্কিকেরা ঐ "উক্ষা" ও "ঝষভ" শব্দের অন্ত প্রকার অর্থ করিলে পেস্থানে লিখিত ভাষার সামঞ্জভ থাকে না। তথাপি পাণ্ডিত্যাভিমানী নিরানিষভোজী, কুসংস্কারাচ্ছন্ন ধর্মধ্বজিগণ শক্ষরাচার্য্যের সেই ভাষাার্থের বিরুদ্ধে নিজ মত পোষণের জন্ম ব্যাকরণের সাহায্যে "উক্ষা" শন্দের "বার্কারু" (বেগুন) অর্থ করিয়া সত্যের অপলাপ করিয়া মিথ্যার প্রচার করিয়াছেন। "মাংদৌদন" শব্দে মাংসের অর্থ না করিয়া উদ্ভিদের ব্যবস্থা. অর্থাৎ "বার্ত্তাকুর মাংস" (বেগুনের মাংস) এইরপ অর্থ করিলে ভাষা বিপর্য্যস্ত হইয়া অনর্থ ঘটে। কুতার্কিকগণ ইচ্ছা করিলে ব্যাকরণের সাহাযো পাগলের বা শিশুদের অসংলগ্ন ও অর্থহীন বাক্যকেও গভীর অর্থযুক্ত করিতে পারে, কিন্তু সত্যনিষ্ঠ জ্ঞানী

মহাপুরুষগণ কিছুতেই ঐরপ মিথ্যার আশ্রম গ্রহণ করেন না। তাহার প্রস্থ প্রমাণ দেখ, মনে কর সামান্ত আহার দ্বারা যে দম্পতির দেহ ও ইন্দ্রিয় ক্ষীণ হইয়া পরে, তাহাদের স্কুস্থ ও বীর্য্যনান্ পূত্র জন্ম গ্রহণ করা কিছুতেই সম্ভবপর হইতে পারে না। সেই জন্তই ঐ বৃহদারণ্যক উপনিষদে শ্রুতি পরম্পরাক্রমে হ্রায়, দিধি ও ঘৃত ইত্যাদি গোরসসম্ভূত যে খান্ত তাহাকে শ্রেষ্ঠ এবং তদপেক্ষা ও মাংসাহারকে শ্রেষ্ঠতম বিনিয়া প্রকাশ করিয়াছেন। এখন ভাবিয়া দেখ যে হ্রায় ঘ্রতাদি আহার্যের শক্তিতে যদি শ্রেষ্ঠতম পূত্র না জন্মে, তবে ঐ কৃট তার্কিকের আদেশে অসার বেগুন আহার করিলে কি তাহার শক্তিতে কখনও ঐরপ শ্রেষ্ঠতম পূত্র জন্মিতে পারে ? 'হ্রায় ও ঘ্রতাদির শক্তি অপেক্ষা অসার বেগুনের শক্তি অধিক' এইরপ উক্তি প্রলাপ্রচন মাত্র। এতৎ সম্বন্ধে আয়ুর্কেদে শাস্ত্র দ্বায়গুণে কি বলেন তাহা দেখিলেই সর্কা সাধারণের ভ্রাম্ভি দূর হইবে।

ঐ সকল শ্রুতির মত বর্ত্তমান গোখাদকগণ ও ছাগাদি মাংস-ভোজিগণ যথার্থ জ্ঞান করিবে বটে কিন্তু নব্য হিন্দুগণ সর্ব্বদাই গোবধের পাপের ভয়ে মুহ্যমান হইয়া থাকে। কাজেই ঐ শ্রুতি বাক্য মতে গোবধ করা দ্রে থাকুক, গোহত্যার কথা মুথে আনিলেও তাহাদের প্রায়শ্চিত্ত করিবার প্রায়োজন হয়। অথচ ঐ সকল হিন্দুগণই আবার ঐ শ্রুতি কে "অয়ং ব্রহ্ম বাক্য ও তাহা জ্বব সত্য" বলিয়া স্বীকার করিয়া থাকে। অতএব গো, মহিষ, ছাগাদি পশু বদ করা বিষয়ে একদিকে শ্রুতিতে স্বয়ং ব্রহ্মার আদেশ বা বিধি বাক্য রহিয়াছে, আবার পক্ষান্তরে আধুনিক গ্রন্থ সমূহে ঐ সকল পশুহত্যা মহা পাপ কার্য্য বলিয়া নিবেধাক্তা আছে। এই অবস্থায় হিন্দুগণ উভয় শঙ্কটে পড়িয়া, কোন শান্ত মত সমর্থন করিবেন তৎ সম্বন্ধে কিংকের্ত্তব্যবিমৃত্ব হইয়া

অনেক স্থলে বহু ব্যক্তিই কোন কোন শব্দের বিরুদ্ধ ব্যাখ্যা করিতে প্রশ্নাস পাইয়া থাকেন!

অনেকে বলিয়া থাকে যে আমিষ আহারে তমোগুণ বুদ্ধি পায়। কিন্তু সমস্ত বেদ, বেদাস্ত, তন্ত্র, পুরাণাদি খুঁ জিয়াও তাহার কোনই বুক্তি বা নিদর্শন পাওয়া যায় না। মংস্তমাংসভোজী যীঙ্গষ্ট ক্রুণে প্রাণ ত্যাগ করিবার সময় তাঁহার শক্রগণকে হাসিমুখে ক্ষমা করিয়াছিলেন। রাম, ক্লফ, বুদ্ধদেবাদি বিফু-অবতারগণ যে মাংসভোজী ছিলেন, মহাভারতে ও বুদ্ধদেবের জীবনীতে তাহার প্রকৃষ্ট প্রমাণ আছে। অতএব যীওপুষ্ট, রামচন্দ্র, শ্রীকৃষ্ণ ও বৃদ্ধদেবাদি মাংসভ্যেন্ধী মহাত্মপণকে যদি সৰ্গুণাৰিত বলিয়া স্বীকার করিতে হয়, তবে আমিষ আহারে তমো-আধিক্য হয় বল কি প্রকারে 🕈 কাজেই উক্ত মহাত্মগণ এবং পূর্ব মুনিঋষিগণ তমোগুণাবিত বলিয়া নিৰ্ণীত না হইলে, আমিষ আহারও তমোগুণান্বিত বলিয়া নিরূপিত **इटेट** পाরে না। জীবের দেহ ও উদ্ভিনাদি এই সমস্তই সম্বু, রক্ষ: ও তম: এই তিন গুণে স্ষ্ট। জীবের দেহে এই গুণত্রয় প্রকাশ পায় বটে, কিন্তু উদ্ভিদের দেহে সত্ত ও রক্ষোগুণের কোনই প্রকাশ নাই, মাত্র ঘোর তমোগুণেরই প্রকাশ রহিয়াছে। আমিষ ও নিরামিষ এই অভ খাল্ডের গুণাওণ যদি মনে সংক্রামিত হয় বলিয়া স্বীকার কর, তবে বিচার করিলে দেখা যায় যে আমিয আহারে সৃত্ব ও রক্ত: এবং নিরামিষে তমোগুণ বৃদ্ধি পাইতেছে এবং সেই জন্মই ইংলও, জার্মাণি, ফ্রান্স ও আমেরিকা প্রভৃতি বিদেশী আমিবভোজিগণ সঞ্জীবতা ও তেম্বাস্থিতার পরিচয় দিতেছে আর আমরা নব্য নিরামিধাহারী ভারতবাসিগণ নিশ্চেষ্ট স্থাবরের স্থায় মূতবং পড়িয়া আছি।

কেছ বলে, 'বর্ত্তমান কলিযুগে লোকের পরিপাক-শক্তি পূর্ব্বাপেক্ষা আনেক হ্রাস প্রাপ্ত হইয়া পিয়াছে স্তরাং মাংস মৎস্তাদি গুরুপাক দ্রব্য এখনকার লোকের হজম ইইবেনা।" এই কলিযুগ কি কেবল ভারতেই আসিয়া আরিভূতি হইয়াছে ? অজ্ঞানতার নামই 'কলি'। তাই যেখানে জ্ঞানের বিকাশ হয়, অজ্ঞানতা বা কলি তথা হইতে পলায়ন করে। মনে কর মাসাধিক কাল অনাহারে থাকায় যে রোগীর পাকস্থলী ও দেহ হর্বল ইইয়া পরিয়াছে, তাহাকে পূর্ব্বের স্তায় শক্তিশালী করিতে যাইয়া চিকিৎসক কি তাহার অনাহার করা বন্ধ করিয়া দেন ? বরং সে অল্পরিমাণে ভাত ইত্যাদি পৃষ্টিকর ও বলবর্দ্ধক জিনিষ খাইতে খাইতে ক্রমে তাহার পাকস্থলী ও দেহের শক্তি বৃদ্ধি পায়। কিছুদিন পরে সেই রোগী পূর্বের স্থায় অর্ধনের চাউলের ভাত বা অর্ধ্ধসের রুটি ও খাইয়া হজম করিতে সক্ষম হয়! ঠিক তক্রপ, যে যতটুকু হজম করিতে সক্ষম মাত্র ততটুকু মাংসাহার করাই তাহার পক্ষে সঙ্গত এবং তাহাতেই ক্রমে শক্তি বৃদ্ধি হইয়া কালে সে অর্ধ্ধসের মাংসও হজম করিতে সক্ষম হইবে।

আবার কেই বা বলিয়া থাকে—'ভারতবর্ষ গরম প্রধান দেশ, এখানে মাংসাহারের উপযুক্ত স্থান নয়'। খাছাদ্রব্যের গুণাগুণ বিচার কবিয়া আয়ুর্কেদ প্রভৃতি শাস্তগুলি কি বিলাতে বিদিয়া কেবল বিলাতের শীতপ্রধান জল বায়ুর প্রতি লক্ষ্য করিয়াই লিখিড হইয়াছিল ? উহা ভারতবাদী আর্য্য শ্ববিদেরই বর্ণিত বিষয় এবং এই ভারতে বিদিয়াই তাঁহারা মাংসাহার করিতেন। অযোধ্যা, বৃন্দাবন, কুরুক্তের প্রভৃতি পশ্চিমাঞ্চলের স্থানগুলি বাংলাদেশ অপেক্ষা যে অত্যধিক গরম প্রধান তাহা সকলেই প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে অবগত আছেন। ঐ সকল গরম প্রধান স্থানে বিদরাই সেকালের লোকেরা পূর্ব বর্ণিত শুকর,মহিষ ও মুরলী ইত্যাদি নানাপ্রকার পশু পক্ষীর মাংসাহার করিয়া স্বস্থ সবলদেহে জীবন যাপন করিতেন।

বংশপরম্পরাক্রমে নিরামিষভোচ্ছী বে কোনও জ্বাতি কিংবা সম্প্রদায়কে. আমিষভোজী অপেকা সৰগুণান্তিত বলিয়া দেখা যায় না। তুণভোক্ষী ছাগল, মহিষ, হরিণ ও বানর প্রভৃতি পশুগণ এবং পক্ষিগণ, মাংসভোক্ষী সিংহ, ব্যাঘ্র হইতে কোন অংশেই শ্রেষ্ঠ নহে। কারণ দেখা যায় যে ঐ সকল তুণভোজী পশুপক্ষিগণ ভয় ও কামক্রোধাদিবুক্ত প্রবল তমোগুণান্বিত। অপর দিকে সিংহ ব্যাত্রগণ উহাদের তুলনায় ব্লিতেক্রিয় ও বীর। হস্তী, মহিষাদি তুণভোক্তী পশুগুলি এত বলবান হইয়াও উহাদিগকে ভারবাহী এবং খান্ত আহরণের জন্ত ভূত্যের ন্তায় প্রমুখাপেক্ষী হইয়। থাকিতে হয়। **কিন্তু** সিংহ ব্যাছাদি মাং**সভোকী পশুগণ অন্তে**র আমুগত্য স্বীকার করে না। যদিও অতি কষ্টে বহু কৌশলে মাতুষ উহাদের কোনটিকে আবদ্ধ করে, তথাপি সেই বদ্ধাবস্থায়ও উহাদের তেজ বিক্রম প্রতিহত হয় না। পশুদের রাজ্য বন, সেখানে ঐ মাংস্-ভোজী সিংহাদি পশুই "পশুরাজ্ঞ" বলিয়া অভিহিত হইয়া রাজ্জ্ব করিতেছে। অপর দিকে মানব সমাজেও দেখা বায় যে আমিয-ভোজী ইংরেজ প্রভৃতি জাতিই রাজ্য করিতেছে, আর নিরামিষ আহারী হিন্দু জাতি হীনবীর্য্য হইয়া ক্রমে কাপুরুষতা প্রাপ্ত হইতেছে। শ্রুতি (বেদাস্ত) বলিতেছেন—

"নায়মাআ বলহীনেন লভাঃ"।

অর্থাৎ শারীরিক ও মানসিক বলহীন কাপুরুষ ব্যক্তি কখনও সেই প্রমাত্মতত্ব লাভ করিতে পারে না। ব্যবহারিক জগতেও অর্থোপার্জন বারা স্বর্গ-স্থুথ ভোগ করিতে হইলে শৌর্য্য বীর্য্যের দরকার। কাজেই তেজোবীর্যাহীন কাপুরুষ ব্যক্তির পক্ষে ব্যবহারিক জগতের ভোগ কিংবং পারমার্থিক জগতের যোগ করা, এই উভয়ই অসম্ভব। প্রার্থনা, ক্রন্দন, স্তুতিনতি যাহাদের সাধনের অঙ্গ ও মহাপুরুষের পরিচায়ক চিহ্ন এবং হীনতা, দীনতা,ভয় ও তুর্মলতাই যাহাদের সক্ত্তেরে লক্ষণ, আর মস্তিকালোড়ন পূর্মেক পরম তন্ধ নিরূপণ করা যাহারা নিপ্রােজন বােধ করে অর্থাৎ দেহ ও মস্তিক্ষের বলবীর্য্য এবং ওজ্ববিতা যাহাদের ধর্মবিরােধা, সেই কাপুরুষ ধার্মিকদের পক্ষেই মাত্র আমিষ আহার অযোগ্য বলিয়া গণ্য হইতে পারে।

মরুসংহিতার খাদ্যাখাদ্য।

মমুসংহিতার পঞ্চম অধ্যায়ে খাতাখাত নির্বাচন করিয়া আমিষ-ভাজনের বিধি প্রতিষেধ বিষয়ে যে সকল শ্লোক আছে তন্মধ্যে বিধি-বাকাগুলি প্রস্কৃত গ্রন্থকারের লেখা বলিয়াই সেগুলি নিয়মামুসারে শ্রেণী-বদ্ধরূপে ভাষার সামঞ্জত রাখিয়া, অর্থ প্রকাশ পাইয়া, আদি অস্তে লিপিবদ্ধ রহিয়াছে। আর অসংলগ্ন ও ন্ব্যূর্থ বৃক্ত কতিপয় প্রতিষেধ বাক্য পূর্ব্যাপর ভাষার ও অর্থের সম্পূর্ণ অসামঞ্জতভাবে স্থানে স্থানে বিচ্ছিন্ন রক্ষেষ্টে আর্থনা করা হইয়াছে। এই সকল অসংলগ্ন শ্লোক গুলি যে কিছুতেই মূল গ্রন্থকারের লিখিত নয়, উহা পরবর্ত্তী কবিদের প্রক্ষিপ্ত, তৎসম্বন্ধে সেই শ্লোকগুলির ভাষার ও অর্থের পূর্ব্যাপর অসামঞ্জত দেখিয়া পাঠক মাত্রেই সহজে বৃঝিতে পারিবেন। তথাপি সেই প্রক্ষিপ্ত শ্লোকগুলি পূর্ব্ব

হইতেই ছিল, বিচারহীন অজ্ঞগণ মনে এইরূপ ধারণা করিয়া লইয়া "অবৈধ আমিষে নিষেধ আছে" এইরূপ শ্লোকের অর্থ করিয়া, মাত্র ঐ সকল কথা অবলম্বন করিয়াই "আমিষ:ভাজন অশাস্ত্রীয়" বলিয়া নিরামিষভোজিগণ রূপা বাদাহুবাদ করিয়া থাকে।

ঐ পঞ্চম অধ্যায়ে এইরূপ প্রকিপ্ত শ্লোকও দৃষ্ট হয় যে, "মাংদ-ভোজিগণ যে সকল পশুকে বধ করিয়া মাংস খাইবে, পরজ্বন্মে পুনরায় ঐ পশুগণ এই মাংসভোজিদিগকে ভক্ষণ করিবে।" যদি এইরূপ ব্যবস্থাই হয় তবে পূর্বজন্মের মাংসভোজিগণই এই জন্মে ভক্ষ্যরূপে হত হইতেছে এবং তার পূর্ব জন্মেও ঐ ভোক্তা ছিল ভক্ষ্যরূপে আর ভক্ষ্য ছিল ভোক্তারপে। ইহাই যদি স্থির হইল তবে ইহার আদি অন্ত কোপায় ? এইরূপ অবস্থা ধারাবাহিকরূপে চলিয়া আসিতে থাকিলে এই "অনবস্থা"—দোষগুক্ত মত কথনও প্রামাণ্য হইতে পারে না। প্রথম ভোক্তার অপরাধে ভক্ষ্য জীব বারংবার জন্মগ্রহণ করিয়া ভোজ্য ভোক্তারূপে পুন: পুন: হ:খ ভোগ করিতেছে, কি সুন্দর যুক্তিযুক্ত বিচার ! ভোজা ও ভোক্তা এই উভয়ের মধ্যে যদি এইরূপ সম্বন্ধই স্বতঃসিদ্ধ হয়, তবে অনস্ত জন্মেও উহাদের উভয়ের মধ্যে কাহারই মুক্তি হইতে পারিবে না। শ্রতির বৃক্তিতে ইহাই প্রমাণিত হইয়াছে যে জীবের কর্ম कनायुनात्त्र भायुष উद्धिन्त्यानि এवः উद्धिन् भानवत्यानि श्राश्च हरेया থাকে। পূর্ব্বোক্ত নমুশ্বতির ভোজা ও ভোক্তার নিয়মামুদারে এখানেও দেখা যায় যে নিরামিধভোজী মানবগণের উদ্ভিদ্ ভোজনের ছারা পুণ্য সঞ্চয়ের ফলে তাহাদিগকে এই তুর্গত নরজন্ম ত্যাগ করিয়া পুন: পুন: নিক্লষ্ট উদ্ভিদযোনি প্রাপ্ত হইয়া ভক্ষ্যরূপে গণ্য হইতে হইবে এবং পূর্ব জন্মের সেই ভক্য উদ্ভিদ্গণ ভোক্তারূপে নরদেহ ধারণ করিয়া পূর্ব্ব জন্মের ভোজাকে ভোজন করিবে। কি চমৎকার শাস্ত্রের ব্যবস্থা।

প্রথমে জৈন সম্প্রদায় এবং পরে বৈষ্ণব ধর্মাবলন্বিগণ স্থীয় অভিমতামুবায়ী শ্রুতি ও শ্বৃতি শাস্ত্রে অনেক প্রক্রিপ্ত বাক্য সকল বোজনা করিয়া দিয়া নানা স্থানে বিরুদ্ধার্থ করিয়া সত্যের অপলাপ করতঃ দেশের ও সমাজের সর্ব্ধনাশ সাধন করিয়াছেন। অতএব হে ভারতবাসী হিন্দু বন্ধুগণ! তোমাদের আদি শাস্ত্র বেদ, বেদাস্ত ও আয়ুর্ব্ধেদের সত্য তন্ধাবগত হইতে না পারায় সেই সত্যপথ এই হওয়াতেই আজ্ব তোমরা হীনবীর্য্য হইয়া নির্ম্বন্ত তমোগুণাবস্থায় আছে। এখন তেজোবর্দ্ধক ও প্রেইকর মাংসাদি আহার করিয়া শরীরের শক্তি বৃদ্ধি করতঃ শ্রেষ্ঠ রজোগুণ লাভ করিতে সত্ত চেষ্টা কর। এই রজোগুণ লাভে সক্ষম হইলেই পরে সর্ব্বশ্রেষ্ঠ সেই সন্ধৃগুণ লাভ করিতে সমর্থ হইবে। তমঃ হইতে ক্রমে রজো লাভ না করিয়া একেবারে কেইই সন্ধৃগুণ লাভ করিতে পারে নাই ও পারিবে না।

জীবহত্যায় পাপ হয় কিনা।

যাহারা জানেনা যে, "জীবহত্যা" এই শক্ত নীই সভ্য হইতে পারে-না, মাত্র তাহারাই বলিয়া থাকে "আমিব আহারে জীবহত্যা-জনিত পাপ হয়।" শ্রুতিতে আছে—

> হস্তা চেম্মন্যতে হস্তঃ হতশ্চেম্মন্যতে হতম্। উভৌ তৌন বিন্ধানীতো নাম্বং হস্তি ন হন্যতে। (কঠোপনিষদ)

অর্থাৎ হত্যাকারী ব্যক্তি যদি মনে করে যে আমি (অমুককে)
হনন করিব; এবং হত ব্যক্তিও যদি মনে করে যে আমি হত হইয়াছি,
তবে তাহারা উভয়েই আত্মার তত্ত্ব সম্বন্ধে সম্পূর্ণ অনভিজ্ঞ। কারণ এই
আত্মা অপরকে হনন করে না এবং নিজেও অপরকর্তৃক হত হয়
না।

ন জায়তে ড্রিয়তে ব। বিপশ্চিৎ, নায়ং কুতশ্চিন্ন বভূব কশ্চিৎ। অক্সো নিত্যঃ শাশ্বতোহয়ং পুরাণো ন হন্যতে হন্যমানে শরীরে। (কঠোপনিষদ)

অর্থাৎ আত্মতন্থাভিজ ব্যক্তি জানেন যে, এই আত্মা ভ্রমে না অথবা মরে না; আত্মাও কোন কিছু হইতে ভ্রমে নাই। এই হেতু এই আত্মা অঙ্ক (ভ্রমরহিত) নিত্য, শাখত (নির্মিকার) ও প্রাণ অর্থাৎ দেহ প্রবিষ্ট বা চিরবর্ত্তমান। দেহ নিহত হইলেও সে নিহত হয় না।

শ্রীমন্তগবদ গীতায় ভগবান্ শ্রীক্বঞ্চ বলিয়াছেন—
নৈনং ছিন্দস্তি শস্ত্রাণি নৈনং দহতি পাবকঃ।
ন চৈনং ক্লেদয়স্ত্যাপো ন শোষয়তি মাকতঃ॥

অর্থাৎ—শস্ত্রসকল ইহাকে (আত্মাকে) কাটিতে, অগ্নি ইহাকে পোড়াইতে, জল ইহাকে ভিজাইতে এবং বায়ু ইহাকে শোষণ করিতে পারে না।

অচ্ছেদ্যোহর মদাহ্যোহর মক্লেদ্যোহশোব্য এবচ।
নিত্যঃ সর্ব্বগতঃ স্থাণুরচলোহরং সনাতনঃ॥
অব্যক্তোহর মচিস্ত্যোহর মবিকার্যোহরমূচ্যতে॥
(শ্রীমন্তগবদ্ গীতা)

অর্থাৎ — এই আত্মা অচেছন্ত, অদাহ্য, অক্রেন্ত (পাঁচবার অযোগ্য)
এবং অশোন্য (শুক হইবার নয়), ইনি নিত্য, সর্বব্যাপী, স্থির, অচল ও
অনাদি। ইনি অব্যক্ত ও অবিকার্য্য বলিয়া কথিত হন।

পূর্ব্বোক্ত কঠ শ্রুতির এবং গীতায় ভগবানের বর্ণনায় সহচ্ছেই বুঝিতে পারিতেছ যে সেই অঙ্গ, নিত্য আত্মাকে কেহই অগ্নিতে দগ্ধ করিতে বা অন্ধ্র শন্ত্র দারা ছেদন করিতে পারে না। তিনি সর্ব্ব জীবদেহে এবং উদ্ভিদে সর্ব্বত্রই সমভাবে বিশ্বমান রহিয়াছেন। তাই লোকে বলিয়া থাকে—"যত্র জীব তত্র শিব"। অর্থাৎ—জীব ও শিব বা আত্মা অভেদ। ভক্ত বন্ধুগণ!

ভ্রমে প'ড়ে ভাবিতেছ ঈশ্বর বহু দূরে, অস্তরে আছেন তিনি তথাপি না দেখ তাঁরে। মনকে যেদিন তুমি চিনিতে পারিবে, তোমাতে ঈশ্বরে কোন ভেদ না রহিবে॥

একদা বেদ-বেদাস্কজ্ঞ ও ব্রহ্মজ্ঞ কোন মুনির নিকট তাঁহার শিষ্য জিজ্ঞানা করিয়াছিল, "প্রভূ! 'অহিংসা পরম ধর্ম' ইহাই সর্ব্ধ শাস্ত্রের বাণী এবং আপনিও তাহাই আমাকে উপদেশ করিয়াছেন, স্মৃতরাং আপনি কি প্রকারে আমাকে প্রাণী বধ করিয়া মংক্ত মাংসাদি আহার্য্য গ্রহণের অমুমতি দিতেছেন ?" তহুত্তরে মুনি বলিয়াছিলেন, "হিংসা" ও "বধ" এই শব্দ ঘয়ের অর্থ এক নয়। এই ছুইটার পার্থক্য তোমরা সম্যক্ বুঝিতে না পারাতেই মংক্ত মাংসাহার করিতে বাইয়া নানা প্রকার কুতর্কের কৃষ্টি করিয়া থাক। কোন জীবকে অনর্থক পীড়ন করা বা পরের অনিষ্ঠ সাধনের জন্ত যে চেষ্টা বা চিস্কা করা জ্ববা নিশ্রেয়াজনে কোন প্রাণী

বধ করার নাম হিংসা। যেমন অনেক অজ্ঞ লোকে কাক ধরিয়া তাহার গলায় কোন ভার বান্ধিয়া ছাড়িয়া দিয়া তামাসা দেখে; অথবা বিনা প্রয়োজনে পশু পক্ষী প্রভৃতি কোন জীবকে বধ করে কিংবা অন্ত কোন ব্যক্তির সুথ স্বচ্ছলতা দেখিয়া মনে হিংসা উদ্রিক্ত হইয়া তাহাকে নির্য্যাতন ক্রিবার জন্ম ইচ্চুক হয়; ইন্যাদি কার্য্যগুলি হিংসা শব্দ বাচ্য ৷ শ্রীমন্ত্রগবদ গীতার দশম অধ্যায়ে এবং বেদাস্তাদি শাস্ত্র ও হিংসা শব্দে পূর্ব্বোক্তরূপে, অনর্থক পরপীড়নকেই লক্ষ্য করিয়াছেন। বিশেষতঃ খাত্যের জন্ম যে কোনও প্রাণী বধ করিলে তাহা হিংসা শব্দ বাচ্য বা তাহাতে হত্যাজনিত পাপ কিছতেই হইতে পারে না,—ইহাই বেদবাণী। যেখানে ক্রোধাদি কোন রিপুর বশবতী হইয়া কোন প্রাণী বধ করা হয় অথবা যে সকল জীবের মাংস আমাদের খালাদি কোন প্রয়োজনেই আদেনা এরপ কোন জীব হত্যা করিলে ঐ সকল স্থানেই হিংসা জনিত পাপ হইতে পারে। এখন স্বরণ করিয়া দেথ, খাষ্ট সংগ্রহ করিবার জন্ম তোমরা যখন ছাগাদি পশু বধ কর বা দেবতাগণের পঞ্জায় ও যথন পশু বলি দেও তখন সেই পশুর উপর তোমাদের মনে কোন প্রকার ক্রোধাদির উদয় হয় কি ? বরং সেই উত্তম খাষ্ঠ মাংস দেৰিয়া তোমাদের মনে সত্ব গুণের লক্ষণ অত্যন্ত আনন্দেরই উদ্রেক হইয়া থাকে। স্থতরাং দেখানে কখনও হত্যা বা হিংসাঞ্চনিত পাপ হইতে পারে না ।

এই বিশ্ব প্রক্ষাণ্ডে স্থাবর জঙ্গনাদি মায়ার খেলা যাহা কিছু দৃষ্টি গোচর হইতেছে, উহার একটার বিনাশ হইয়া নৃতন আর একটার স্থান্ট হয় অথবা একটা ধ্বংস হইয়া অক্টের খান্তর পান্তরূপে গণ্য হইয়া তাহার দেহের পৃষ্টিসাধন করে। এইরূপ স্বাভাবিক ক্রমে এক জীব অক্ত জীবের আহার্য্য রূপে পরিণত না হইলে আমিষ কি নিরামিষ কোন প্রকারেই

আহার করা যায় না। হৃগ্ধ, ঘৃত, মধু ইত্যাদি দ্রব্যগুলি আহার্য্য মধ্যে সাবিক ও শুদ্ধ নিরামিষ বলিয়া অনেকে গণ্য করেন বটে কিন্তু গোরস-সন্থত এই হৃগ্ধাদি দ্বারা ভোজন করিলে তাহা নিরামিষ কি আমিষ ভোজন হইল তৎসম্বন্ধে নিরামিষভোজিগণ বিচার করিয়া দেখিয়াছেন কি? দিধি ও ঘৃতাদি হৃগ্ধ হইতেই প্রস্তুত হইয়া থাকে, সেই হৃগ্ধ আবার গোরুর শরীরেরই রক্ত হইতে জাত। কারণ গর্ভস্থ ক্রণের খাছাই মায়ের শরীরের রক্ত, ঐ ক্রশ প্রস্তুত হওয়া মাত্রই মায়ের শরীরের রক্ত হৃগ্ধ রূপে পরিণত হইয়া স্তুন দ্বারা নির্গত হয়।

পশু রক্ত হইতেই মাংস ও চুগ্ধ উদ্ভুত হয়। অক্তদিকে গোবংসের পানীয় হগ্ধ স্বীয় প্রয়োজনের জন্ম আহরণ করিয়া লওয়ায় ঐ বৎস ত্ত্বাভাবে মৃতপ্রায় হয়, কখনও বা মরিয়াই যায়। বৎসের সাহায্যে যে নৃশংস ভাবে লোকে হুগ্ধ দোহন করে, তদপেক্ষা ঐ বৎসের প্রাণ হত্যা করাও উত্তম মনে হয়। ঐ নিষ্ঠুরতার পরাকাষ্ঠা অনেকেই তোমরা সচরাচর দেখিয়া আসিতেছ। মনে কর মামুষের কোন শিশু মায়ের কোলে বসিয়া তাহার মাতৃত্তন্ত পান করিতেছে, এমন সময় অন্ত কেহ আসিয়া ঐ শিশুকে তাহার মাম্বের কোল হইতে জ্বোর পূর্বক লইয়া গিয়া মায়ের সমস্ত টুকু হগ্ধ দোহন করিয়া লইয়া গেল, আর ঐ শিশু মায়ের স্তমভাবে ক্রন্সন করিয়া দিনদিন জীর্ণ শীর্ণ হইতে লাগিল। এইরূপ কোন ঘটনা লোক সমাজে ঘটিলে তাহা স্বচক্ষে দেখিয়া তাহার কোনই প্রতিকারের চেষ্টা না করিয়া ভোমরা নীরব পাকিতে পারিতে কি ? কিন্তু ঐ পরাধীন পশুজাতি মামুষের সঙ্গে বল বৃদ্ধি প্রকাশ করিয়া কিছতেই জন্মী হইতে পারিবে না, তাই ঐ রূপ নুশংস ব্যাপারও নীরবে সহ্য করিয়া থাকে। মধুমক্ষিকাগণ কত কায়ক্লেশে বছদূরদূরাস্তরে বুরিয়া কিরিয়া মধু সংগ্রন্থ করিয়া আনে কিন্তু দস্যাগণ ঐ মন্দিকাগুলিকে অগ্নি-

দারা বিতাড়িত করিয়া অত্যন্ত আনন্দের সহিত সেই মধু অপহরণ করে।
এই সকল নিষ্ঠুরতার কার্য্যই কি সন্ধ্রণের পরিচায়ক ? অতএব নিরপেক্ষ
ভাবে বিচার করিলে দেখা যায় যে জীবের প্রতি পদক্ষেপে অসংখ্য কীট
ধ্বংস হইতেছে। পানীয় জলের সঙ্গে এবং খাস বায়্র সঙ্গে কত লক্ষ
লক্ষ জীবার অহরহ উদরস্থ হইতেছে। ভাগবতে লিখিত আছে—

क्रीता क्रीवस क्रीवनः।

অর্থাৎ—জীবই জীবের জীবন। একজীব অন্ত জীবকে আহার না করিয়া কিছুতেই বাঁচিতে পারে না ইহাই স্বতঃসিদ্ধ শাস্ত্রবাক্য। অসংখ্য কীটামু দ্বারা এই ব্রহ্মাণ্ড সর্ব্বনা পরিপূর্ণ রহিয়াছে, আবার স্বাভাবিক ক্রমেই যথা সময়ে তাহাদের জন্ম ও মৃত্যু সজ্বটিত হইতেছে।

যে খাল খাইলে কোন জীব হত্যা হয় না এইরূপ খালুকেই লোকে নিরামিষ আহার বলিয়া থাকে কিন্তু প্রকৃত পক্ষে জীবহত্যা ব্যতীত যে এই জগতে আমিষ কি নিরামিষ কোন প্রকারের খালুই হইতে পারেনা, তাহা নিরামিষভোজিগণ কিছুতেই বুঝিতে পারিতেছে না। কাজেই কেবলমাত্র কর্তৃত্বাভিমানী, অজ্ঞান মানবগণ সেই জীব হত্যার পাপ ভয়ে সর্মানাই ভীত হয়। এই স্থুল দেহ ও আত্মার পৃথকত্ব বোধ না থাকায় অর্থাং "এই দেহই আমি, অত্রেব দেহধ্বংসেই আমার ধ্বংস হইবে" এইরূপ মিথ্যা জ্ঞান থাকায় অজ্ঞগণ নিজ মৃত্যু ভয়ে সর্মানাই ভীত থাকে এবং সেই ভয়ই তাহাদের মনকে সর্মানা সম্বন্ধ করে: জ্ঞানী পূরুষ এই স্পষ্টকৈ মিথ্যামায়াময় জানিয়া নিজের কিংবা অন্তেল মৃত্যুতে বিচলিত হন না।

দেহধারণের জন্ম "হাইড্রোজেন্" ও "অক্সিজেন্" এবং 'কারবন্' জ্বধা প্রোটিন্, ফেট্, কার্বহাইড্রেট ও ভাইটামিন্স এবং মিনারেল্ছণ্টা এই কয়টী জিনিষের দরকার। উহা আমিষ ও নিরামিষ উভয়ক খাজের মধ্যেই বিজ্ঞমান আছে। তাই প্রত্যেকের মন নিজ নিজ প্রয়োজনাত্মসারেই মংস্ত মাংস কিংবা শাক সবজী আদি খাত গ্রহণ করিয়া থাকে। অনেকে ঘতের গন্ধই সহু করিতে পারে না, কেহবা ছ্ম হজম করিতে অক্ষম, ইত্যানি রূপ দৃষ্টাস্তের অভাব নাই। কাজেই ঐ সকল ঘত ছ্মাদি যে তাহাদের পক্ষে অখাত বলিয়া গণ্য, তাহা তাহাদের ভিতর হইতে প্রকৃতি বা স্বষ্টি কর্ত্তা ঈশ্বরই বলিয়া নিতেছেন। ইহা নারাই স্পষ্ট বুঝিতে পারিতেছ যে প্রকৃত কচির বিক্লছে কাহাকেও আমিষ কি নিরামিষ কোন খাত্তই জোর পূর্ন্তক খাওয়াইতে চেষ্টা করা বা কেছ আমিষ ভক্ষণ করিতে চাহিলে ভাহাকে নিষেধ করা; অথবা মংস্ত মাংসাদির উপর তাহার ঘণা জন্মাইবার চেষ্টা করা সম্পূর্ণ ধর্ম বিক্লছ ও মহা পাপের কার্যা। অভএব ছ্মা, ঘতভোজীরা নিজ অজ্ঞতা বশতঃ মাংনভোজিনিগকে রূথা হেয় জ্ঞান করিয়া থাকে। প্রকৃত প্রতাবে উভয় প্রকার খাত্মের মধ্যে একই বস্তু বিদ্যমান রহিয়াছে, —রপের প্রভেদ মাত্র।

বৈষ্ণবদিগের মধ্যে নব্য 'বৃক্ট' সম্প্রদায়ের উপদেশামুষায়ী যদি সকলেই নিরামিষ আহারী হইয়া যায় তবে উত্তম ব্যবস্থাই হইবে। কারণ ঐ 'বৃক্ট' মতাবলদ্বীদের কুসংস্কার এতদ্ব চরম সীমায় গিয়াছে যে তাহারা মংশু আহার করা দ্বে থাকুক, কোন মৎশ্রাহারীকে স্পর্শপ্ত করিবেনা। এমনকি প্রকাশ্র রাস্তায় চলা ফেরার সময় কোন মৎশ্রাহারীকে দেখিলেই, উহারা মৎস্যাহার করে বলিয়া উহাদের উপর ম্বণা, এবং উহারা তাহাদের শরীর স্পর্শ করিলেই তাহাদের দেহ অন্তটি হইবে ভাবিয়া তাহাদের মনে ভয়ের সঞ্চার হয়। তাই তাহাদিগকে স্পর্শ না করিয়া অতি সাবধানে পাশ কাটিয়া চলিয়া যায়। পাঠকদিগের এখানে স্বন্ধ রাধা কর্তব্য যে, ম্বণা ও ভয় এই ছুইটী ভাব মনের নিশ্বই

তমোগুণের প্রধান লক্ষ্ণ। স্থতরাং দেখাযায় যে নিরামিষ ভক্ষণের ফলে ঐ বকটদিগের তমোগুণই অর্জন হইয়া থাকে। গর্ভধারিণী জননী এবং দীক্ষাদাতা গুরু পূর্বাপর মংস্থাহার করেন বলিয়া তাহারা নিরামিশাহার করিয়াও সেই ভোজনাবশিষ্ট প্রদাদ দিলে তাহা গ্রহণ করিবেনা; এমন কি তাহাদের স্পৃষ্ট কোন বস্তুও সেই বৃক্টগণ ভোজন সুতরাং সেই সকল নিরামিষাহারিগণ কখনই ছাগ, মেষাদি গৃহ পালিত পশু পোষণ করিবেনা যেহেতু ঐ সকল পশু রক্ষা বা সংহার করা কোনটাই তাহাদের প্রয়োজনে আসেনা। ঐ অরক্ষিত পশুগণ দিন দিন বংশ বৃদ্ধি পাইয়া কালে এইরূপাবস্থায় পরিণত হইবে যে, তখন দেই অসংখ্য পশুগণের হাত হুইতে মানুষের ক্ষেতের ফসল রক্ষা করার জ্ঞাই বাধ্যহইয়া উহাদিগকে অরণ্যাভিমুখে বিতাড়িত করিতে হইবে। অরণ্যে গিয়া বস্ত হিংস্রজম্বর আক্রমণের হাত হইতে আগাগুরকা করিতে অক্ষম হইয়া উহারা কি এইরূপ লোকালয় ও অরণ্য উভয় স্থান ত্যাগ করিয়া শুষ্ক মরুভূমিতে থাকিয়া উপবাসে দিন কাটাইবে ? কাজেই যদি এ সকল লক্ষ লক্ষ পশু লোকের শশু পূর্ণ ক্ষেত্র আক্রমণ করে, তবে তখন সেই নিরামিষভোজিগণের করুণ হদয়েও তীত্র ক্রোধের সঞ্চার হইয়া উহাদিগকে বধ করিতে বাধ্য হইবে। অথবা ঐ সকল ব্যক্তিরা দয়া পরবশ হইয়া সেই সকল শস্ত পূর্ণ ক্ষেত্র ছাগাদি পশুদের হাতে প্রদান করিয়া দেই পুণাের ফলে এই ছার দেহতাাগ করিয়া পুত্র পরিজনসহ স্বর্গে যাইবে অর্থাৎ অনাহারে মরিবে।

ঐ সকল 'বৃক্ট' মতাবলম্বী বৈষ্ণবৰ্গণ শাক পাতা খাইয়াও স্ত্ৰীসঙ্গ স্থাভোগ করিতে কিছুতেই বিরত হয় না। বৃক্টগণ বৈষ্ণবদিগের প্রধান ধর্মগ্রন্থ শ্রীমন্তাগবত ও শ্রীশ্রীচৈতক্সচরিতামৃতের আদেশ উপদেশ মানে কি ? সেই চৈতক্স চরিতামৃতেও আছে—

অসৎ সঙ্গ ত্যাগ এই বৈষ্ণব আচার। স্ত্রী সঙ্গী এক অসাধু কৃষণাভক্ত আর॥

অর্থাৎ—অসৎ সঙ্গ ত্যাগ করাই বৈষ্ণবদিগের সর্ব্যপ্রধান ধর্ম।
কারণ একমাত্র অসং সঙ্গই সর্ব্য প্রকার ছঃখের আকর। দেই অসতের
মধ্যে ছইটি ভাগ করিয়া বলিয়াছেন বে, যে ব্যক্তি স্ত্রীসঙ্গস্থ ভোগ
করে বা স্ত্রীসঙ্গস্থভাগকারীর সঙ্গও করে, সে প্রধান অসাধু বা
অসৎ এবং বিতীয় যে ব্যক্তির শ্রীস্কঞ্চের উপর ভক্তি নাই। স্ক্তরাং
এখানে দেখা যাইতেছে যে মংশ্র মাংসভোজী অপেক্ষাও স্ত্রীসঙ্গস্থ
ভোগকারীই প্রধান অসৎ বা অসাধু বলিয়া গণ্য। তৎপর ক্রমণ
অসাধু ব্যক্তির যে কি সাংঘাতিক অধংপতন হইয়া পাকে তৎস্থদ্ধেও
ভাগনতে বণিত আছে—

সতাং শৌচং দয়া মৌনং বৃদ্ধি ব্রী: শ্রীর্যশং ক্ষমা। শমোদমো ভগশ্চেতি যৎসঙ্গাদ্ যাতি সংক্ষয়ং॥

অর্থাৎ— সত্য, শৌচ, দয়া, সৎপ্রার্ত্তি, বৃদ্ধি, লজ্জা, প্রী, যশ, কমা, শম, দম ও ঐশ্বর্যা এ সমস্তই পূর্ব্বোক্তরূপে অসংসঙ্গরণতঃ মানবের ক্ষয় প্রাপ্ত হয়। এই সকল প্রধান সংযমের দিকে কোনই লক্ষ্য না করিয়া বৈক্তবর্গণ কেবল সাধারণ মৎশু মাংসাহার লইয়াই সমাজে ঘোর অশান্তির স্ষষ্ট করিয়া আসিতেছে। অথচ আজকাল তথাক্থিত বৈক্তবর্গণ অনেকেই ঐ সকল শান্ত্র বাক্রের সম্পূর্ণ বিরুদ্ধাচরণ করিয়া, নিজেদের রুচি অমুযায়ী পুরুষগণ গ্রামবাসী অন্তান্ত স্ত্রীলোদের সঙ্গে 'কিশোরী-ভজ্জন' ও 'গোপিনিগণের বস্ত্রহরণ' ইত্যাদি নানাপ্রকারের ক্রুফ্ললীলা করতঃ কামিনী রসাস্বাদনে ভূবিয়া থাকে। ইহাই কি তাহাদের

বৈষ্ণব ধর্ম ? পরমত্যাগা শ্রীগোরাঙ্গ মহাপ্রভু কি তাহাদিপকে সমাঙ্গে এইরূপ ব্যক্তিচার স্বষ্টি করিয়া, ভোগবাসনানল জালিয়া রিপু চরিতার্থ করিতেই বলিয়া গিয়াছেন ?

আদিম আর্য্য জাতি ও তাহাদের আহার।

প্রাচীন আর্য্যগণ এই ভারতবর্ষে প্রথমে সিদ্ধুনদের তীরে বাস্করিতেন,সেই কারণেই তাঁহারা হিন্দু নামে অভিহিত হইয়া আসিতেছেন।
ধর্ম্ম কর্ম্ম ও আহারাদির জন্ম তাঁহারা গো, মহিষাদি বহু পশু হত্যা
করিতেন। কাজেই বেদ বেদাস্থাদি শাস্ত্রে গোমাংসাহারের বিধি দেখিয়া
আশ্চর্য্যাবিত হওয়ার কোনই কারণ নাই। সেই আর্য্য জাতির শাখাই
নায় ইউরোপ ও আমেরিকাবাসিগণ। তাহারা তাহাদের পূর্ব্ম ধর্ম্ম ত্যাগ
করিয়া নৃতন ধর্ম্ম গ্রহণ করিয়াছে বটে কিন্তু তাহাদের পূর্ব্মের সেই সর্ব্ম
শ্রেষ্ঠতম খাল্প মাংসাহার এখনও তাহাদের সমাজে প্রচলিত আছে।
বর্ত্তমানে ঐ সকল মাংস ভোজী পাশ্চাত্য জাতি শারীরিক বলে অমুরের
ল্যায় শক্তিশালী ও বীর্য্যবান্ এবং মানসিক বলেও বিজ্ঞান চর্চ্চা করিয়া
কল, বায়্ম আদি পঞ্চভূতকে আয়ত্রে রাখিয়া জল, স্থল ও ব্যোম
সর্ব্যেই গতাগতি করিতেছে। শন্দ, মূর তালাদি সহ মান্থবের কণ্ঠন্থরকে
গ্রামোকনে বদ্ধ করিয়া লইয়াছে। বিদ্যুৎ শক্তিকে বশে রাখিয়া তদ্ধারা
গাড়ী চালান এবং দূর্বর্ত্তী বার্ত্তা আহ্রণ করা ইত্যাদি নানা প্রকার
কার্য্যোদ্ধার করাইয়া লইতেছে। ঐ সকল পাশ্চাত্য বৈজ্ঞানিকগণ

শিল্প বাণিজ্যাদিতে এবং সাম্রাজ্যবলেও সম্বন্ধিশালী। তাহাদের রক্তঃ ও সত্ত্তণের শ্রেষ্ঠত্ব জনিয়াছে বলিয়াই তাহারা ঐরপ দৈহিক ও মানসিক শক্তিতে অদ্বিতীয় শক্তিশালী হইতে পারিয়াছে। ব্রহ্মচর্য্য রক্ষা করিয়া ইন্দ্রিয়গণকে সংযত রাখিয়া সাধন দারা একাগ্রতা লাভ করিতে না পারিলে কিছুতেই বৈজ্ঞানিকগণ ঐ সকল কোন বিজ্ঞানই আবিষ্কার করিতে পারিতেন না। বৈজ্ঞানিকদের ঐ যোগ সাধনের ফল সকল জাতিতেই ভোগ করিতেছে, কিন্তু ভারতবাদী সিদ্ধ যোগিগণ যোগের দ্বারা দূর দর্শন, দূর শ্রবণ ইত্যাদি যে সকল অলৌকিক শক্তি লাভ করেন, তাহার ফল কেবলমাত্র তিনিই ভোগ করেন। ঐ সকল মাংস ভোজী পাশ্চাত্য জ্বাতি দেই প্রাচ্য শাস্ত্রসকল চর্চ্চা করিয়। শ্রুতি ভাষ্যাদি বৈদাস্তিক গ্রন্থ সকল নিজ দেশে প্রচলন করিতেছে। সেই আদিম কাল হুইতে আজ পর্যান্ত আলোচনা করিয়। দেখা ষাইতেছে যে কেবল ভারতবর্ষ কেন, পৃথিবীর সর্বত্রই সর্বশ্রেষ্ঠ বৈজ্ঞানিক, দার্শনিক, ধর্ম প্রচারক ও ব্রহ্মজ্ঞানী অথবা ভূতত্ববিদ্ এবং চিকিৎসক প্রভৃতি বিজ্ঞ ব্যক্তিগণ সকলেই মাংসভোদী ছিলেন ও আছেন। তাঁহারা কেছই নিরামিষ আহারকে সর্ব্ব সাধারণের জ্বন্ত উচ্চাসন দেন নাই এবং নিরামিষ ভোজীদের মধ্যেও কেহই ঐ সকল সর্বশ্রেষ্ঠ স্থান অধিকার করিতে সক্ষম হন নাই। এই ভারতে বিজ্ঞানাদি বিষয়ে যদি কিছু আবিষ্কার €ইয়া থাকে তবে তাহাও আমিষভোজীর মস্তিক বারাই প্রকাশিত ছইয়াছে। আর আমিবাহার ত্যাগী হিন্দুগণ পুরুষামূক্রমে কেবল বার্তাকু (বেশুন) ভক্ষণের ফলে এই জগতে তাহারা শৌর্য, বীর্য্য, বিশ্বা ও বিজ্ঞানাদিবিহীন হইয়া পরপদলেহী দাসরূপে পরিণত হইয়াছে। সেই बार्खाकूडककात्रत भूर्व योवनावष्टाञ्च एन्ट धवर हेल्पिन मकन জীৰ্ণ শীৰ্ণ হইয়া মস্তিক কৰ্দমের স্তায় হইয়া যাওয়ায়, সনাতন

ধর্ম গ্রন্থ বেদ বেদাস্তাদি শাস্ত্রের স্থাভীর তব্ব মস্তকে প্রবেশ করিতেছে না। এমন কি সেই বৈদিক ভাষাও পশুর ভাষার ভাষা অবোধ্য হইয়া পড়ায়, বেদাধ্যায়িগণ মাত্র ভাষা ও অমুবাদাদির সাহায্যগ্রহণ বেদ পাঠ করিয়া পাকে। এ সকল সাহায্যগ্রহণ সবেও চারি বেদাধায়নকারী ব্যক্তি পাওয়া অতি হুম্বর। এই সকল সেই আদিম আর্য্য শ্বনিরে বংশধরগণ তাঁহাদের মাংসাহার ত্যাগ করিয়া কুম্মাও ভক্ষণ করিতে করিতে কুমাওে পরিণত হইয়াছে! যদি ইহারা গোরস বলিয়া মতে, দধিও হুঝাদি আহার করা ত্যাগ করিত, তবে যে এতদিনে উহাদের মস্তিক্রের কি অবস্থা হইয়া যাইত, তাহা ধারণাতীত। নিরামিষ ভোজনের ফলে অধিকাংশেই কি ভাবে যে বিদেশীয় আমিষ ভক্ষণ করিয়া নৈষ্টিকতা বহাল রাখে তাহার একটা দৃষ্টান্ত মনে পড়িল।

শ্রীধান নবদ্বীপবাসী নৈষ্টিক বৈষ্ণব ধর্মাবলম্বী, বুকট ম্তের ব্যাধিপ্রস্ত জনৈক গোস্থানী ব্রাহ্মণকে ডাক্তার দারা পরীক্ষা করাইয়া দেখা গেল যে রোগীর শরীরে আমিব অর্থাং মংশু মাংস রসকর বলবর্দ্ধক আহার্য্য রসের অভাব হওয়াই এই ব্যাধির মূল কারণ; স্কুতরাং রোগীকে আমিব ভোজন করাইতেই হইবে। নৈষ্ঠিক ব্রাহ্মণ, বৈষ্ণব, গোঁসাই, বিশেষতঃ বুকট মতাবলম্বী নিরামিবভোজী রোগী, "কাটা" বা "রক্ত" শব্দ মূথে উচ্চারিত হইলেই যাহার ধর্ম নপ্ত হয়, সেই ব্যক্তিকে এখন শ্রীধাম নবন্ধীপে বিস্মাণ প্রকাশে করি করা যায় কি প্রকারে থ এই রোগী জীবন গেলেও কিছুতেই আমিব ভক্ষণ করিবে না, কিছু যে প্রকারেই হউক উহাকে আরোগ্য করিতেই হইবে, ইত্যাদিরূপে রোগীর নিরামিবভোজী আত্মীয়গণ পরামর্শ স্থির করিল দেখিয়া ডাক্তার বাবু তখন ঐ কুসংস্কারাচ্ছুর আত্মীয়গণের অভিক্তিমতেই রোগীর ক্রপ্ত দেশীয় আমিব না দিয়া

নিরামিষ আহারের ব্যবস্থা করিয়া দিলেন এবং বিলাতের গোরু ও মুরগীর রস হইতে মি: ব্রেণ্ড সাহেবের তৈয়ারী "ব্রেণ্ডস্ এসেন্স" এবং বেঞ্জার কোম্পানীর তৈয়ারী "বিফ জেলী" ও "চিকেন জেলী" এবং কড মংস্ত হইতে মি: ডিজনু সাহেবের তৈয়ারী 'ডিজন্স কডলিভার অয়েল' ইত্যাদি নামীয় নানা প্রকার বিদেশীয় আমিৰ ঔষধের ব্যবস্থা করিয়া দিলেন। ঐ সকল ঔষধ সেবনে রোগীও অবিলম্বেই আরোগা লাভ করিল। এইরূপ 'বিফ জেলী' 'চিকেন জেলী' 'বভূল' ও 'বিফ যুদ' এবং 'চিকেন ব্রপ' ইত্যাদি নামিয় বিলাতি ঔষধ গাইয়া অসংখ্য নৈষ্ঠিক হিন্দু রোগী দুরারোগ্য ব্যাধির হাত ইইতে আরোগ্যলাভ করিয়া আসিতেছে। এই সকল ঔষধের দ্বারা বিলাভী গোরু, ঘোড়া, মহিষ, মুরগা ইত্যাদি পশু পক্ষীর রক্ত যে কি পরিমাণে আমাদের ভারতবাদী হিন্দুদের উদরস্থ হইম স্বাস্থ্যোরতি করিয়া আসিতেছে, তৎসম্বন্ধে ভারতীয় ডাক্তারখানাগুলি হইতে তাহার রিপোর্ট গ্রহণ করিলেই এই উক্তির মতাতা আরও বিশিষ্ট রূপেই নি:সন্দেহে প্রমাণিত হইবে। ইছা জানিয়া বুঝিয়া ভারতবাদী হিন্দুগণ রুগানস্থায়ও আয়ুর্বেদ শাস্ত্রাদেশ হুযায়ী স্থদেশী মহিষ, ঘোড়া, শুকর ও মুরগীর বা কবৃতবের টাট্কা যুস্ নিজ বাড়ীতে তৈয়ার করিয়া খাইতে স্বীক্কত হন না। বিলাতি সাহেবদের তৈয়ারীযে কোনও যুস্বোতল ভরা হইলেই তাহা নৈষ্টিক হিন্দুদের পবিত্র বলিয়া বোধ হয়।

হে হিন্দু বন্ধুগণ! এখন একবার চিস্তা করিয়া দেখ যে যদি পূর্ব্ব হইতেই ঐ রোগী শাস্তাহ্যায়ী দেশীয় মংস্থ মংসাদি খাইষা নিজের স্বাস্থ্যকে ঠিক রাখিতে চেষ্টা করিত, তবে হয়ত আজ তাহাকে এই ব্যাধিগ্রান্ত হইতে হইত না অথবা এই ক্য়াবস্থায়ও যদি তাহার কুসংস্কার দূর করিয়া খদেশীয় মংস্থ মাংসাহার করিতে স্বীকৃত হইত তবে আর ঐ

ইংলও প্রভৃতি বিদেশীয়দের তৈয়ারী গোরু, মুরগী ও মংস্থাদির রস খাইয়া আজ তাহাকে এই নৈষ্টিকতা বহাল রাখিতে হইত না। বরং ঐ সকল বিলাতী ঔষধের মূল্যের প্রসাগুলি এই দেশেই থাকিয়া গ্রীব ভাইদের উপকার হইত এবং বিলাতী গোসাংসরসের ঔষধের মূল্যাপেক্ষা যথেষ্ট কম মূল্যেই স্বদেশী পাঁঠা কি কবুতর ও মাগুর মংস্থের রদের ব্যবস্থা হইত। বিদেশবাদীদের নিকট আমাদের এইরূপ মূর্যতার পরাকাষ্ঠা দেখাইয়া কুদংস্কারের দোষে বিলাতী গোরু, ঘোড়া ও মুরগী ইত্যাদির মাংসাহার করিয়া আমর৷ হিন্দু ধর্ম্মের নৈষ্টিকতা বক্ষা করিয়া পাকি। এইরূপ বিচারহীন পশুর স্থায় কার্য্য করি বলিয়াই বিদেশ-বাসীরাও আমাদিগকে পশুর ক্যায়ই দেখিয়া থাকে। নিরামিযভোজী সংস্কৃত বিদ্যার্থীদের অনেকেই যে বিলাতী "ডিজন্স কড্লিভার **অ**য়েল" সেবন করিতে বাধ্য হইয়া থাকে তাহা আনি স্বচক্ষেই বহু স্থানে मिश्राण्डि । अद्ध व्यविद्यकी निष्ठिक हिन्तू लाजागन ! व्यात व्यक्षावनत्न না থাকিয়া একবার চারিদিকে চাহিয়া তোনাদের শাস্তের সঙ্গে তোমাদের আহার, বিহার ও শ্রেষ্ঠত্বের বিচার করিয়া, মনের কুসংস্কার দুর করত: এখনও পুনরুখানের চেষ্টা কর। একবার চিস্তা করিয়া দেখ, নবা হিন্দুগণ বার্ত্তাকু ভক্ষণ করিয়াও তাহাদের চতুর্কেদাধ্যয়ী পুত্র জন্মেনা কেন ? বার্ত্তাকুর শক্তিতেই যদি চতুর্বেদী পুত্র জন্মিতে পারিত তবে সেই আর্য্য ঋ্যিদের বংশধরগণই আমরা ঐ বার্ত্তাকু খাইতে খাইতে ভীরু,মূচ ও অজ মূর্থ হইয়া বংশপরস্পরা সকল বিষয়ে দিন দিন অধংপাতে যাইতাম না। অসার বস্তু আহার করিলে মন্তিষ্ক ও ইক্রিয়াদি সমস্ত দেহই ক্ষীণ ও হর্মল হুইয়া যায়। এইরূপ ক্ষীণাঙ্গ, ছুর্বল ব্যক্তি দ্বার। ভোগ, যোগ কিংবা विकानाविकात किছूरे रहेएछ भारतना । कार्ष्करे छोशत जन्म विकल । অতএব এই সকল আধুনিক কুশংস্কার ত্যাগ করিয়া যদি একবার বুক্তি

দারা ন্যায় বিচার করিয়া দেখ, তবে সেই ঋষিদের বেদ, বেদান্ত তন্ত্র ও পুরাণোক্ত মাংসাহার বিষয়ে আর ভ্রম থাকিবে না।

আর্য্য ঋষিদের অনুসরণ কর।

অনেকেই গল বলিয়া থাকে যে ''গরতবর্ষের পূর্দ সেই আর্য্যগণ খুব তেজস্বী, বলবান, মেধাবী এবং শৌর্য্য বীর্য্য সম্পন্ন ছিলেন। আজকাল তাঁহাদেরই বংশধর আমরা বংশপরম্পরা জন্মগ্রহণ করিয়া এখন ক্ষীণাক্ষ, র্ভাক্ত, তুর্মল, মেধাশক্তিশৃত্য ও শৌর্যাবীর্যাহীন হইয়া কাপুরুষতা লাভ করিয়া আসিতেছি" ইত্যাদি। জনশ্রতি শুনা যায় যে ক্রমে এমন দিন আসিবে যথন বেগুন গাছতলায় হাট বসিবে। অর্থাৎ লোক আরও এত থকাক্সতি হইয়া যাইবে যে তথন ঐ বেগুন গাছের নীচে দিয়াই অনায়াদে যাতায়াত করিতে পারিবে। আমাদের অবস্থাদৃষ্টে ঐ জনশ্রুতি অসম্ভব হইবে বলিয়া মনে হয় না। ভারতের এই অধঃপতনের কারণ প্রধাণতঃ পৃষ্টিকর ও তেজস্কর আহার না করা। অতএব যদি সেই আর্য্য মুনিঋষিদের স্থায় তেজোবীর্য্যবান ও মেধাশালী হইতে চাও, তবে ঠিক তাঁহাদের আহার্য্যের স্থায় বর্দ্ধনশক্তিবিশিষ্ট ও বীर्गवर्षक এবং বলকারক নানা প্রকার পশুপক্ষীর মাংস ও মংক্রাদি আহার কর। আহারের দারাই শরীরের উৎকর্ষতা সাধিত হুইয়া থাকে, ইহা সর্কশাল্তের বাণী ও স্ববিদী সন্মত। কাজেই যে আহারের গুণে মুনিঋষিগণ তেজন্বী ও শক্তিশালী হইতেন, তোমরাও সেরূপ আহার না করিলে কিছুতেই তাঁহাদের স্থান অধিকার করিতে পারিবে না।

বর্ত্তমান বুগে পুষ্টিকর ও তেজস্কর আহার্য্যের মধ্যে হুগ্ধ, ঘুত ব্যতীত আরও বীর্যা ও ওজোবর্দ্ধক শক্তিশালী মংস্থা মাংসাদির কথা গুনিলে. অনেকেরই শরীর শিহরিয়া উঠে। মনে কর তোমরা যাহাকে আদর্শ পুরুষ মনে করিয়াছ, তোমাদিগকে তাঁহার মত হইতে হইলে, খাছাখাছাদি সকল বিষয়েই তাঁহার আদেশ উপদেশ মানিয়া, তাঁহারই অনুসরণ করিয়া তোমাদিগকে চলিতে হইবে। কিন্তু যদি ঠিক সে ভাবে না চলিয়া তোমাদের নিজ মতামুযায়ী চলিতে থাক, তবে অনম্ভ কালেও তোমরা তাঁহার মত হইতে পরিবেনা, ইহা স্বতঃসিদ্ধ কথা। ঠিক সেইরূপ বেদ বেদাস্ত ও আয়ুর্কেদই তোমাদের হিন্দুজাতির মূল ধর্মাণাস্ত্র এবং সেই শাস্ত্রবেত্তা ব্রহ্মক্ত ঋষিদেরই বংশধর তোমরা। সেই ত্রিকাল্জ মুনিগণ জানিতেন যে স্থামিষ ও নিরামিষ উভয় প্রকার আহার্যাই মানব শরীরের পক্ষে প্রয়োজনীয়। তাই তাঁহার। ঐ সকল শাস্তাদেশামুযায়ী যেমন পর্য্যাপ্ত পরিমাণে মাংদ ভোজন করিতেন, তেমনি পুষ্টিকর নানা প্রকার ফলমূলাদিও প্রচুর পরিমাণেই আহার করিতেন। এ কারণেই তাঁহার। শারীরিক ও মানসিক শক্তিতে অবিতীয় শক্তিশালী ছিলেন। বর্তুমান যুগে ইংলণ্ড, জার্মানি ও আমেরিকা প্রভৃতি বিদেশবাসিগণই তোমাদের ঐ সকল শাস্ত্রের গৌরব রক্ষা করিয়া পরিমিতরূপে মংস্ত মাংস ও পুষ্টিকর নানা প্রকার উত্তম ফলমূলাদি ভোজন করিয়া আসিতেছে এবং তদমুখায়ী তাহার৷ উত্তম ফল লাভ করিয়া স্বাস্থ্যবান ও মেধাশীল হইয়া সুকঠিন বিজ্ঞান ও দর্শন শাস্ত্রাভিজ্ঞ হইতেছে। আর তোমরা ভারতবাসী হিন্দুগণ, ঐ অমূল্য গ্রন্থ সকলের ও পূর্ব পুরুষগণের হিতোপদেশ বাক্য অবমাননা করিয়া মিণ্যা ধর্মের ভাগ করতঃ মংশ্র মাংসাহার ত্যাগ করিয়া, তোমাদের নিজ নিজ অজ্ঞতাও কুসংস্কারের দোষে কেবলমাত্র কতকগুলি শাক সবজী ভোজনের ফলে বংশপরম্পরা কীণাঙ্গ ও তুর্বল হইয়া দিনদিন রসাতলে যাইতেছ। তাই তোমাদের দেশে বিজ্ঞান ও দর্শন শাস্ত্র লুগু প্রায় হইতে চলিয়াছে। কাজেই কি প্রকারে তোমরা সেই ঋষিদের স্থানের অধিকারী হইবে ?

বর্তুনান মূপে কতকগুলি কুসংস্কারান্ধ, অবিচারী লোক, অনুস্কৃত কতকগুলি বুক্তির অবতারণা করিয়া মংস্থমাংসাদিকে মানব জাতির অখান্তাহার বলিয়া প্রতিপন্ন করাইবার প্রায়াস পাইতেছে। তাহারা শান্তাদি আলোচন। এবং অতীত ও বর্ত্তমান মানব জগতের প্রতাক প্রমাণ দারাও দেখিয়া আসিতেছে যে তাহাদের বণিত যাহা মানুষের অখান্ত মংস্থাদি, তাহ। ভক্ষণ করিয়াই পুর্বের মুনিঋষিংণ সর্ব্ধ বিষয়ে শ্রেষ্টত্ব লাভ করিয়া স্বগর্ব্বে চলিয়া গিয়াছেন এবং আঞ্চ প্রায়ত্ত মান্ব সমাজের সেই আমিধ্ভোজিগণই জ্ঞানে, বিজ্ঞানে, বিষ্যাবৃদ্ধিতে, পৌর্য্যে, বীর্য্যে ধনেরত্নে, ব্যবসাবাণিজ্যে এবং সাম্রাজ্য শাসন সংরক্ষণাদি সর্ব্ব কার্য্যেই শ্রেষ্ঠত্বের পরিচয় দিয়। স্বর্গস্থুখ ভোগ করিয়া আসিতেছে। মাটি, পাণর ও কাষ্টাদি বস্তু মামুধের অথান্ত এবং মাংদ মৎস্তাদি গোরু,ছাগল,মহিধাদির অথান্ত। ঐ সকল অথান্তাহার করিয়া উহার। কেহই বাঁচিতে পারেন।। স্থতরাং ঐ মংস্থ মাংগাদি যদি মান্তুদের অথাতাই হইবে, তবে তাহা ভোজন করিয়া গোক সমাব্দে তাঁহার! শ্রেছত লাভ করা দুরে থাকুক, জীবনেই বাঁচিয়া থাকিতে প/রিতেন ন:।

অতএব হে ভারতবাদী হিন্দু ভ্রাতাগণ! তোমাদের সেই শ্রীরামচক্র ও শ্রীকৃষ্ণ প্রভৃতি বিষ্ণু অবতারগণ এবং আর্য্য ঋষিগণ নিচ্ছেরা নানা প্রকার আমিয ভোজন করিয়া গিয়াছেন এবং তোমাদিগকেও সেই আমিষ ভোজনের আদেশ দিয়া গিয়াছেন। কাজেই সেই সকল অবতার ও ঋষিদের নাম দিয়া, যে সকল কুসংস্থারান্ধ নব্য ধর্মধ্যজ্ঞিগণ, ''অমুক উবাচ, অমুক উবাচ" বলিয়া মিধ্যা গ্রন্থ সকল ছাপাইয়া নিজ নিজ মতামুযায়ী মাংসাদি আমিষ আহারে নিষেধাজ্ঞা জারি করিতেছে, তাহাদের ঐ মিধ্যা বাক্যে কর্ণপাত না করিয়া প্রভ্যেকের নিজ নিজ মনের ও শরীরের কচি অমুযায়ী আমিষ ও নিরামিষ উভয় প্রকার আহারই গ্রহণ করিয়া ব্রহ্মস্ব্যা পালন ছারা শ্রীরে ও মনে শাস্তি স্থাপন কর, তবেই ক্রমে সমাজের ও দেশের উরতি করিয়া ধর্মপথে অগ্রাসর হইতে পারিবে।

(१११वध निवादर्गत कार्य।

সভ্যাসভ্য যত প্রকারের মানুষ আছে তাইাদের মধ্যে, অসভ্য জাতিরা বন্ত পশু ও কলমূলাদি খায় এবং সুসভ্য সমাজে বন্ত ও গ্রাম্য পশু এবং শস্তাদি আহার করে। শুতি ও স্থৃতি শান্তমতে পূর্বের গবাদি পশু পর্যাস্ত খাত্ত ছিল। এই কারণে তখন অসংখ্য গোবধ হইত। ক্রমে লোক-সংখ্যাবৃদ্ধির সঙ্গে সৃঙ্গে খাত্তের অভাব হওয়ায়, তখন ক্রমি বাণিজ্যাদি ও গোত্তেরের জন্ত গোরু ঘোড়াদি নানা প্রকার পশুর প্রয়োজন হয়, কাজেই গোমাংসাহারের জন্ত অসংখ্য গোরু কমিয়। যাওয়ায়, পরে ঐ সকল কার্যের জন্ত গোরুকার প্রয়োজন হওয়ায়,

গোবধ নিবারণের চেষ্টা করা হয়। সমাজস্থাপকগণ যথন দেখিলেন যে সুস্বাছ্ গোমাংসাহার করা হিন্দুগণ কিছুতেই ত্যাগ করিতেছে না, তখন তাহারা গোকর ছবি আঁকিয়া সেই গোকর (ছবির) গায়ে ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর এবং ভগবতী প্রভৃতি দেবদেবীর মূর্ত্তি অন্ধিত করিয়া, 'গোবধ করিলে ঐ সকল দেবদেবী-বধের পাপে নরকে গমন হইবে'' ইত্যাদিরপে সর্ম্বদাধারণের মনে নরকের ভয় প্রদর্শন করাইয়া বহু কষ্টে হিন্দুদিগের গোবধ নিবারণ করিয়াছিলেন। যাহা হউক গোবধ না করিয়াও অস্তান্ত এমন বহু পশুপক্ষী রহিয়াছে যাহাদের মাংসাহার দ্বার। শরীরের প্রয়োজনীয়তা সিদ্ধ হইতে পারে।

দেখ ইংলণ্ড প্রন্থতি বিদেশীরা গোমাংসাহার করিয়াও বৈজ্ঞানিক যুক্তি বলে উপযুক্ত খাছালি হারা গোসেবা করিয়া, তাহার ফলে হপ্তার স্থায় রয় ও হ্য়বতী গাভী অসংখ্য লাভ করিতেছে; আর ভারতবর্ধের গাভী সকল ক্ষাণাঙ্গী ও হয়হীনা। তাহার বংস র্য়গণও সেইরপই জীর্ণনার্গ দেহবিশিষ্ট। ইহার একমাত্র কারণ, ভারতের হিন্দুগণ গোরুকে উপযুক্ত আহার্য্য দিয়া সেবা না করিয়া. কেবল মাতৃ সম্বোধন পূর্বক সিন্দুরাদি লেপন করিয়া ফুলবিশ্বপত্র গোরের পায়ে দিয়া কোটি কোটি নমস্বার করিয়া থাকে। কাজেই তৎপরিবর্ত্তে গোসেবার ফলও ঠিক সেইরপই পাইয়া আসিতেছে। বাংলাদেশে অমুসন্ধান করিলে দেখা যায় যে, 'হিন্দুগণ গোপালন বা গোসেবা করে না' বলিলেও অত্যুক্তি হয় না, মুসলমানগণই গোসেবা করিয়া থাকে। অথচ হিন্দুগণ কেবল মুখে মুখেই গোসেবা, গোসেবা বলিয়া চীৎকার করে,—ইহার কোনই সার্থকতা নাই। অতএব গাভী ও র্য়গণ হয়াদি বিষয়ে যাহাতে আমাদিগকে সুফল দান করিতে পারে তৎপ্রতি বিশেষ লক্ষ্য রাথিয়া হিন্দুদের ঐ মোখিক চীৎকার করে পারে তৎপ্রতি বিশেষ লক্ষ্য রাথিয়া

বর্ত্তমান ভারতের হিন্দুদিগের স্বাস্থ্য, জঠরাগ্নিও হ্ন্ধাভাব এবং সমাজ সামাজিকতা ইত্যাদি সর্ব্বপ্রকার অবস্থার দিকে বিশেষ রূপে লক্ষ্য করিয়া নিরপেক্ষ ভাবে বিচার করিলে দেখা যায় যে আয়ুর্ব্বেদ শাস্ত্রোক্ত পীনস, বিষম জর ও দেহের মাংসক্ষয় ইত্যাদি হ্রারোগ্য ব্যাধির হাত হইতে কগ্ন ব্যক্তিদিগকে রক্ষা করার জন্মই একমাত্র উষধ প্রস্তুত করা ব্যতীত, নিত নৈমিত্তিক খাতের জন্ম গোবধ করা সঙ্গত নয়।

বৈজ্ঞানিক, ডাক্তার ও ভূতত্ত্ববিদের মতামত।

উইলিয়েমস্, মেট্ল্যও প্রভৃতি কতিপয় নব্য নিরামিষাহারিগণ
ত্বা, মংস্থ ও ডিয়ালিকে নিরামিষে গণ্য করিয়া ভোজন করিতেন।
গ্রেছাম ও এনা কিংস্ফোর্ড প্রভৃতি মুখ্য নিরামিষিগণ, মাংসাপেকা
শাক্ষর জী ফলম্লালি শস্ত সকল সহজ পাচ্য ও পুষ্টকর বলিয়া নির্দারণ
করিয়াছেন। আবার উক্ত ল্লান্ত মত সকল খণ্ডন করিয়া ভিষক মাইল্স্,
ডেনম্মের আনি অন্ত নিরামিষিগণ বলিয়াছেন যে, শিস্তালি অপেকা
কাচা মংস্থ মাংসে সারাংশ যদিও অধিক না পাকুক, কিন্তু ঐ আমিষ খাছ
পাক করা হইলে তাহাতে ঐ নিরামিষ শস্তাদি অপেকা প্রোটিড্ বহ
অধিক বৃদ্ধিপ্রাপ্ত হয়; আর শস্তাদির কাঁচা অবস্থায় প্রোটিড্ বেশী
পাকিলেও, পক অবস্থায় প্রোটিড্ বহু কমিয়া যায়।" এখানে পকাপক

ভেদে গুণের বহু তারতম্য দেখা যাইতেছে। হাক্লী প্রভৃতি বৈজ্ঞানিক-গণ স্থির করিয়াছেন যে, আমিষ ও নিরামিষ উভয় প্রকার আহারই মানুষের পক্ষে প্রয়োজন। ইভান্স, গরার, এস রো বোপাম আদি বিজ্ঞ চিকিৎসকগণ বহু গবেষণা ও পরীক্ষার ফলে নিঃসন্দেহরূপে স্থির করিয়াছেন যে শাক-শভাদির মধ্যে ভৌমিক পদার্থ বেশী থাকায় এই সকল ভোজ্য দ্বারা লোকের অকাল বার্দ্ধকা জন্মিতেছে। খ্যাতনাম। ভিষক রেমণ্ড পাশ্চাত্য জাতির অনেক সাধু সন্ন্যাসীদের মঠ পরিভ্রমণ করিয়া দেখিয়া খির নিশ্চয় করিয়াছেন যে নিরামিষ ভোজী সাধু সন্ন্যাসিগণ অতি অল্প বঃসেই জরাগ্রস্ত হইয়। পড়েন। ফ্রীল নামক জনৈক সুবিজ্ঞ চিকিৎসক বলেন যে "হিন্দুজাতিগণ শাক-শস্থাদি নিরামিশ আহার করিয়া অকাল বার্দ্ধকাগ্রস্ত হইতেছেন।" উইন্-ক্লার নামক জনৈক স্থবিখ্যাত চিকিৎসক নিজেই নিরামিষভে।জী ছিলেন। তিনি বলিয়া গিয়াছেন থে, "নিরামিবাহারের ফলে আমার দেহে অকাল বাৰ্দ্ধক্য আসিয়াছে।" মাৰ্কিন দেশীয় খ্যাতনাম। চিকিৎসক মিঃ সেলিস বেরী বলিয়া পিয়াছেন যে, 'আমি কেবল মাত্র মাংস ও পরম জল দার। অসংখ্য রোগীকে সন্ত ফল দেখাইয়। ছুরারোগ্য ব্যাধির হাত হইতে মুক্ত করিয়া আগিতেছি।" সুনিক্ত ভাক্তার মিঃ ডিকুজ ৰছ ংবেষণা ও পরীক্ষার পরে বলিয়াছেন যে "উত্তমরূপে পাক করিতে পারিলে মৃত পশুর মাংসও অখাল হয় না।" বোমণ্ট, পার্ক ও হাচিসন প্রভৃতি প্রসিদ্ধ চিকিৎসকগণ স্থির করিয়াছেন যে, দেহরকার উপযুক্ত প্রধান উপাদান 'প্রোটিড্" উদ্বিদের মধ্যে খুব সামান্ত পরিমাণেই আছে। কিউভিয়ার ও এলকিজিয়ার আদি জন্তুত্রবিদর্গণ মি: ডারুইনের ন্ত্রায় মানব জাতির আদি নিরূপণ করিতে যাইছা ত্তির করিয়াছেন যে মানব স্কল কপি-বংশধর, অথবা কপি (বানর) ও মারুষ এই উভয় জন্তুর

আদি পুরুষ এক জন্তই ছিল। এই উক্তির গৌরব রক্ষা করিয়াই অনেকে বলে যে "ফলমুলাদিই মানবের স্থাভাবিক খাছা।" কিন্তু উক্ত মিঃ এলফিজিয়ার ইহাও দেখাইয়া গিয়াছেন যে বহা কপিগণ ক্ষুদ্র পক্ষী ডিম্ব ও কীট পতক্ষাদি খাইয়া থাকে। সর্ব্বদাই দেখা যায় যে সকল শ্রেণীর বানরগণই নিজ নিজ শক্তি অনুসারে কীটপতক্ষাদি আমিষ ভোজন করে কিন্তু মান্তযের মত উহাদের কোন অন্ত্র শস্ত্র বা শক্তি নাই বলিয়াই অহা পশ্তকে হত্যা করিতে পারে না। সেইরূপ স্থবিধা থাকিলে বোধ হয় বড় জীবকেও বধ করিয়া আহার করিত।

নিঃ লায়েল, ডুমণ্ট, পেটা, প্রেপ্ট ইচ, রিবেরো, ফরেল, ইভাব্দ, পেঞ্জেলী, লুবক্, বুচার, ডিপার্থিস্ ও পীট্ ডকিন্স আদি এই সকল বিখ্যাত অদিতীয় ভূতৰবিদগণ বহু গবেৰণা করিয়া বহু পূৰ্ব্বে সেই আদি মানব জাতিকে সর্মনিমে যে স্তরে পাইয়াছেন, তাহাতে দেখিয়াছেন যে বহু মৃত্তিকার নীচে মান্তবের অন্থি, তাহার নিকটেই পশুর কলাল এবং ঐ পশু বধ করিবার উপনোগী প্রস্তর নির্মিত অস্ত্র রহিয়াছে। ইছার দ্বারা স্পষ্টই প্রমাণিত হয় যে, সেই পুরাকালে প্রস্তরের দ্বারাই অস্ত্র নির্ম্মিত করিয়া পশু বধ করতঃ মাংসাহার করিত। সেই পশুর কন্ধালের মধ্যে অস্তুচিক্ত ও অগ্নিচিক্ত দেখা গিয়াছে। ইহাতেই প্রমাণিত হয় যে উহাই সেই মানবের ভোজনাবশিষ্টাংশ পঞ্চর অস্থিগুলি মাত্র রহিয়াছে। শিবালিক গিরিও ডাক্তার ফ্যালকোণার এই ভারতবর্ষেও মুক্তিকা খনন করিয়া ভূগর্ভে অবিকল এরপই নরাস্থি ও পশুর অস্থি এবং প্রস্তর নির্মিত অন্ত্র পাইয়াছিলেন। লৌহাদি ধাতু ঘারা যে অন্ত্র শস্ত্র প্রস্তুত হইতে পারে, তংসম্বন্ধে পূর্ব নানবগণ অনভিজ্ঞ ছিল বলিয়াই পাণর দারা অন্ত্র প্রস্তুত করিয়া তদ্ধার। পশু হনন করিত। ইহার প্রমাণ আরও বহু স্থানে পাওয়া গিয়াছে। অতএব সেই প্রাচীন জাতির চিহ্ন ভূগর্ভে যাহা পাওয়া যাইতেছে, তদ্ধারাও ইহাই প্রমাণিত হইতেছে বে আদিম কাল হইতেই আমিষ ভোদন লোক সমাজে প্রচলিত আছে।

বর্তমান বুগের ভারতীয় নব্য সুবিজ্ঞ ডাক্তারগণও বহু গবেষণা ও পরীক্ষান্তে বলিতেছেন যে মানুষের আমাশয় ও অন্ত্রের গঠন কোন কোন অংশে মাংসাশী জন্তুর তুল্য হইলেও দৈর্ঘ্যে উহা হইতে অনেক বড়; অথচ তৃণভোজী প্রাণীদিগের পরিপাক অন্ত্র হইতে গঠনে বিভিন্ন এবং দৈর্ঘ্যে অনেক ছোট। অর্থাৎ মাংসাশী ও তৃণভোজী এই উভয় শ্রেণীর জন্তুর পরিপাক যন্ত্রের সক্ষেই মানুষের পরিপাক যন্ত্রের সক্ষ্যের গঙ্গের সাম্বান্ত লাই বউ কিন্তু যেটুকু আছে তাহাও মাংসাশী জন্তুর সক্ষেই কোন কোন অ'শে সামঞ্জ্ঞ আছে বলিয়া প্রকাশ করিতেছেন। স্কুতরাং এই যুক্তিতেও ইহাই প্রমাণিত হইতেছে যে আমিন ও নিরান্মিন উভয় প্রকার খাল্যই মানুনের কচি অনুষায়ী প্রয়োজন ইইনে।

ইদানীং কোন কোন ভারতীয় ডাক্তারগণ বলিয়া থাকেন বে 'আমিষ ভোজিগণ অপেক্ষা নিরানিনাহারিগণ দীর্ঘায়ু লাভ করিয়া থাকে'। রামায়ণ, মহাভারত ও প্রাণাদিগ্রন্থে সত্যা, ত্রেতা ও দাপর যুগের আমিষ ভোজী ব্যক্তিগণ পাচ হাজার, দশ হাজার কি লক্ষ বর্ষ পর্য স্ত জীবিত ছিলেন বলিয়া যে দকল দীর্ঘায়ুর বর্ণনা দেখা যায়, এই কলিযুগের হিসাবে উহা সম্পূর্ণসভ্য বলিয়া প্রমাণিত না হইলেও বর্ত্তমান মুগাপেক্ষা ভংকালীন ব্যক্তিগণ যে দীর্ঘকায় ছিলেন এবং ক্তম্ব স্বলাবস্থায় দীর্ঘায়ু লাভ করিয়া গিয়াছেন, তৎসম্বন্ধে ব্যেষ হয় কাহারও মতবৈধ নাই। স্কৃত্রাং ব্রহ্মচর্য্য রক্ষার প্রতি কোনই লক্ষ্য না করিয়া কেবল নিরামিষ ভোজন করিলেই দীর্ঘায়ু লাভ হইতে পারে না। আবার পূর্ব্বোক্ত ডাক্তারগণ ইহাও বলেন যে 'মস্তিক্ষের শক্তি বৃদ্ধি করিতে মাংস ও ডিম্বের স্থায় দিতীয় কোন শক্তিশালী বস্তুই নাই'। আমাদের আয়ুর্ব্বেদ ও তাহাই

বলেন। ঐ ডাক্তারবাবুগণের উক্তিতে ইহাই প্রতিপন্ন হইতেছে যে নিরামিষ ভোজিগণ মাংস, ডিম্বাদি না খাওয়াতে তাহারা মস্তিক্ষের শক্তিহীন হইয়া দীর্ঘায়ু লাভ করিয়া থাকে। বৃদ্ধাবস্থায় অকর্মণা মস্তিক ও দেহ লাইয়া বছ লোক যে ইছজগতেই অসহা নরক যন্ত্রণা ভোগ করিয়া সতত নিজের মৃত্যু কামনা করিতেছে, এইরূপ দুষ্টান্ত সচরাচর সকলেরই দৃষ্টি গোচর হইয়া থাকে। স্কুতরাং অকর্মণ্য দেহেন্দ্রিয় লইয়া अमीर्घ कान कीरन शादन कत्र इ. नत्रक रहना ट्रांग ना कतिहा. দেহেক্সিয়াদির পূর্ণ শক্তির বিকাশ প্রাপ্ত হইয়া তদপেক্ষা কিছু অল্পকাল জীবিত থাক। দর্মতোভাবে শেয়। আচার্য্য শঙ্কর ৩২ বংসর বয়সে এবং স্বামী বিবেকানন্দ ৩৯ বংসর বয়সে দেহত্যাগ করিয়াছিলেন। এইরূপ আরও অনেক নহাপুরুষগণ অতি অল্লকাল মধোই জ্ঞানালোকে যে সকল কার্য্যোদ্ধার করিয়া গিয়াছেন, বহু ব্যক্তি শতাধিক বর্ষ জীবিত পাকিয়াও ঐ সকল নহাত্মার কার্য্যের সহস্র ভাগের একাংশও পূর্ণ করিতে সক্ষম হইতেছে না। অতএব মানবের কাম্যবস্তু বিচ্ছা অর্থাৎ জ্ঞান ও স্বাস্থ্য এবং ইহারই নামান্তর ধর্ম। এই ছইটা একাধারে থাকিলেই তাঁহাকে ধার্মিক কহে এবং তিনিই অপার স্বর্গমুখ ভোগ করিয়া থাকেন।

সহজ প্রাপ্য মাংসাহার কর।

অনেকে বলিয়া থাকে যে মাংসাহারে প্রচুর অর্থের প্রয়োজন হয়।
এই কথা বৃক্তিযুক্ত বলিয়া বোধ হইতেছে না। কারণ বঙ্গদেশে
হুর্গাপুজা বা কালীপুজোপলক্ষে দেবীর নিকট বলি দেওয়া ছাগ মহিনাদি
পশুগা মধ্যে মাত্র অজা ও মেষের মাংসই দেবীর ভক্তনণ ভোজন
করিয়া মহিনের মাংস ফেলিয়া দেয়। অথচ একটা মহিনের মাংস
হারা বহু লোকের পরিভোষরূপে ভোজন হইতে পারে। ঐ পশুগা
সকলেই তুণ ভোজী এবং একই দেবতার প্রসাদ। মাংসের গুণের
তারতম্য করিতে গেলেও ছাগ এবং মেষের মাংসাপেকা মহিষের মাংস
গুণেও অনেক শ্রেষ্ঠ। আয়ুর্কেদ বলিতেছেন—

নাতিশীত গুরুম্নিশ্বং মাংসমাজম্ দোবলম্। শরীরধাতু সামান্যাদ নভিষ্যন্দি বৃংহণম্॥ মাংসং মধুর শীতহাদ্ গুরুর্ংহণ মাবিকম্॥ (চরক সংহিতা)

অর্থাৎ—ছাগমাংস অতিশয় শীতল স্লিম বা শুরু নহে এবং ইছা ত্রিদোষজনক নহে। মানব দেহের ধাতু সমূহের সহিত সমগুণ বলিয়া ইহা ক্লেদ উৎপাদন করে না এবং বলবর্দ্ধনকারী। আর মেষ মাংস মধুর ও শীতল গুণসূক্ত বলিয়া শুরুপাক এবং বলবর্দ্ধনকারী।

সিমোকং মধুরং বৃষ্যং মাহিষং গুরুতর্পণম্। দার্ঢ্যং বৃহত্বমুৎসাহং স্বপ্নঞ্চ জনয়তাতি॥ (চরক সংহিতা) অর্থাৎ—মহিবের মাংস স্নিগ্ধ, উষ্ণ, মধুর, বৃষ্যু (বীর্যাবর্দ্ধক) শুক্র, তর্পণ (তৃপ্তিকর) দেহের দৃঢতা ও বৃহত্বকারী (লম্বা করে) উৎসাহজনক এবং নিদ্রাকর। কাজেই ঐ অজা ও নেবের মাংসাহার করিতে পারিলে, মহিবের মাংসে কি দোন করিল? উহা ফেলিয়া দেওয়ার কোনই বৃক্তিযুক্ত কারণ নাই। এতদ্বির প্রায়ই শৃকর, শজারু প্রভৃতি সহজ প্রাপ্য বস্তু পশু শুলিকে অনেকে বধ করিয়া উহাদের মাংসও কেলিয়া দেয়। সেই আয়ুর্কেদেই আছে—

স্থেহনং বৃংহণং বৃষ্যং শ্রামন্ন মনিলাপহম্।
বরাহ পিশিতং বল্যং রোচনং স্বেদনংগুরু ॥ (চরক সংহিতা)
অর্থাৎ—বরাহ (শৃকর) মাংস স্নিগ্ধকারক, বর্ধনশক্তি বিশিষ্ট ও
বীধ্যবর্ধক, শ্রমন্ন, বান্তুন্ন বলকারক, কচিজনক, স্বেদজনক ও গুরুপাক।

শল্লকো মধুরাম্লচ বিপাকে কটুকঃ স্মৃতঃ। বাতপিত্ত কফল্মন্চ শ্বাস কাসহরস্তথা॥ (চরক সংহিতা)

অর্থাৎ—স্কারর (সেকার) মাংস মধুরাম, কটুবিপাক, বায়. পিত্ত ও কফনাশক এবং কাস ও শ্বাস নিবারক। অতএব দেখাযাইতেছে যে এই সকল মাংসও উপাদেয় মাংসই বটে। তথাপি একমাত্র অজ্ঞগণের কুসংস্থার বশতঃ সমাজে এ সকল মাংসাহার প্রচলিত না থাকায় সেই সকল উত্তম মাংসকেও ফেলিয়া দেওয়া হয়। এত ছিল পাঠাও কবুতর ইত্যাদি কুদ্র গৃহপালিত পশুপক্ষী পোষিলেই প্রতি সপ্তাহে অস্ততঃ ২০১ দিন মাংসাহার চলিতে পারে।

গা:রা পাহাড়েঃ নিকট মৈমনসিংহ ও এইট কেলার যে সকল হিন্দু-গণ বাস করিতেছে তাহাদের মধ্যে শুদ্র, নাপিত, সাহা, তিলী ও নমশুদ্র প্রভৃতি অনেক বৈষ্ণব ধর্মাবলম্বিগণ এখনও শৃকর, সজারু, মৃগ ইত্যাদি নানা প্রকার পশু ও পক্ষীর মাংসাহার করিয়া থাকে। প্রায় ২০।২৫ বংসব পুর্বে ঐ স্থানীয় ব্রাহ্মণগণও নাকি ঐ সকল শৃকরাদির মাংসাহার করিতেন বলিয়া তথাকার স্থানীয় জনশ্তিতে প্রমাণ পাওয়া যায়।

বৈষ্ণব ধর্লাবলম্বী অনেক যুবক ও প্রেণ্ট্গণের মাংস ডিম্বাদি খাও-য়াব তীরেচ্ছা থাকায় কুদংস্কারান্ধ সমাজের ভয়ে তাহারা ঢাকা, কলি-কাতা প্রভৃতি সহরে যাইয়া নিজ অভিকৃতি অনুযায়ী গোপনে নানা-প্রকার মাংসাহার করিয়া দেহ পুষ্ট করে। অর্থাভাবপ্রযুক্ত অনেকে সহরে যাইতে না পারিয়া গ্রামেই অতি সঙ্গোপনে ঐ সকল আহারের বন্দোবস্ত করিতে চেষ্টা করে। কিন্তু ভাষাদের মধ্যে হয়ত অনেকেই অক্লতকার্য্য হইয়া, ঐ মাংসাদির কথা মনে মনে চিষ্টা করিতে করিতে অতপ্ত বাসনানলে ছটকট করিয়া কঠ পাইয়া পাকে। ব্রাহ্মণ প্রভৃতি উচ্চ জাতির মধ্যেও দেখা যায় যে অনেকে অতি গুপ্তভাবে মুর্গী ও অস্তান্ত নাংস ডিম্বাদি আহার করে। স্থানাদের আদি শাস্ত বেদ বেদান্ত ও আয়ুর্কেদাদি ত্যাগ করায় শাস্ত্রচাতি ঘটাতেই আজ মহিষ, শুকর ও মোরগাদি শাস্ত্রীয় খাল্লদব্যগুলিও পর্যান্ত চোরের আয় অতি সঙ্গোপনে আহার করিতে এবং কেছ জিজ্ঞাসা করিলে ভারা অস্ত্রীকার করিতে ইেতেছে। কারণ সত্য কথায় স্বীকার করিলে আমাদের ত্রাহ্মণ্ড ও হিন্দুধর্ম নষ্ট হইসা ঘাইবে, এই হইল আমাদের অবিচারী হিন্দু সনাজের ধর্ম ও রীতি। আহারের জন্ম ও যে জাতিকে এইরূপ চোর ও সম্পূর্ণ নিথাবোদী সাজিতে হয়, সেই ভীক্ন, কাপুরুষ জাতির অধংপতন অনিবাদা। তাই বলি হে হিন্দু বন্ধুগণ। এব-বার দিব্যনেত্রে চাহিয়া দেখ যে এই বিশ্ব ব্রহ্মাণ্ডে কোন জাতিই

থাত জিনিষ গুপ্তভাবে খায় না এবং খাইয়াও সংস্কারান্ধ সমাজের ভয়ে তোমাদের স্থায় অস্থীকার করিয়া যিথাবাদিত্বের পরিচয় দিয়। পাপগ্রস্ত হয় না। অপর দিকে যাহারা গুপ্তভাবে মাংসাহারে ক্লত-কার্য্য হুইতে না পারিয়া চিন্তা দারা মনে মনে মাংসাহার করিয়া থাকে, भाक्षगढ़ जाशामिगरक मिथानावी वा क्रमनावादी रत्न धवर रा ন্রকগামী হয়। শ্রীমন্তগবদগীতায় ও বেদাস্তাদি শাল্লে ইহার বিভূত বর্ণনা দেখ। অর্থাৎ কেছ বেশ্রা গমন করিলে যে পাপ হইবে, অন্ত কেহ লোকনিন্দার ভয়ে খেখালয়ে না যাইয়া যদি সেই বেখার মূর্ভি চিস্তা করিয়াদে মনে মনে বেখা গমন করে, তবে তাহার ততোধিক পাপের ফলে সে নরকগামী হইবে, ইছাই শাস্ত্রবাক্য ও ধ্রব সভ্য। সূতরাং যে সকল কুসংস্কারান্ধ মিথ্যা শাস্ত্রকারদের সমাজের ভয়ে মাংসাহার না করিয়া যাহাদিগকে অনর্থক মিধ্যাচারী বা কপটাচারী বলিয়া শাল্লাকুষায়ী পাপের ভাগী হইতে হয়, সেই সকল কপটাচারীদের পাপের জন্ত এই আমিবভোজনে আধুনিক নিষেধাজ্ঞাজ।রিকারক নিথ্য:শাল্তকারদেরই নরক গমন হওয়া বৃক্তিবৃক্ত। একমাত্র মিথ্যা প্রচারের ফলেই আজ ভারতের এই ছর্দশা।

মিতাহার।

এই বিশ্বক্ষাণ্ডে কেবল খাভ কেন, তৃণ লতা হইতে আরম্ভ করিয়া কাগিনী, কাঞ্চন আদি যে কোনও বস্ত মামুষের সর্বপ্রকার মঙ্গল সাধনের জন্তুই তাহাদের ভোগ্য বস্তু করিয়া ভগবান্ সৃষ্টি করিয়াছেন।

বেদ, বেদাস্ত, তম্ব পুরাণ ও গীতা প্রভৃতি সর্ব্ব শাস্ত্রেই ঐ সকল ভোগ্য বস্তু পরিমিত পরিমাণে ভোগ করার বিষয়ে পুন: পুন: শাসনবাক্য ও রহিয়াছে। কিন্তু তথাপি ঐ সকল দ্রব্য ভোগ করিবার সময় মানব কাম. ক্রোধ, লোভাদি রিপুর বশবর্তী হইয়া পরে। তাই ভোগ কালে মামুষ বিচার্থীন হইয়া ঐ সকল দ্রব্য অপরিমিত ভোগ করিয়া নিজেই নিজের সর্বনাশ সাধন করে এবং পরে সেই ক্ষতির জন্ম একমাত্র সেই ভোগ্য বস্তুর উপরেই অনর্থক দোষারোপ করিয়া নিজে নির্দোষ সাজে, ইহাই অধিকাংশ মামুষের স্বভাব। তাহার প্রমাণ দেখ.—স্ত্রী সম্ভো**গ ক**রিতে যাইয়া অনেকেই অপরিমিত রমণ করার ফলে শুক্রতারল্য ব্যাধিগ্রস্ত হয়, পরে বলে যে স্ত্রীসঙ্গ করা অত্যস্ত বিগহিত কার্যা। অপরিনিত মদ কিংবা ভাঙ্গ পান করিয়া অতাস্ত নেশাভিভূত হইয়া মাত্লামি করে এবং পরে বলে যে মদ ও ভাঙ্গ অত্যন্ত খারাপ জিনিষ। অথচ ঐ সকল বস্তু পরিমিতক্সপে গ্রহণ করিলে সকলেরই শ্রীরের পক্ষে যথেষ্ট উপকার সাধিত হয়। যাহার শরীরে যে বস্তু যে পরিমাণ সহ হয় তাহাই তাহার পকে পরিমিত ভোগ এবং যাহার পাকস্বলীতে যে পরিমাণ দ্রব্য হজম হয় তাহাই তাহার পকে মিভাহার। কাজেই সমস্ত শাস্ত্রাদেশ অগ্রাহ্ন করিয়া লোভের বশে অমিতাহারের কলে তোমরা কট পাইবে এই দোষ কাহার ? এই ত্রন্ধাণ্ডে মামুষ যদি নিজের দোষ নিজে দেখিতে পাইত তবে সর্ব্বত্রই সংসার সুখময় হইত।

কেই কেই বলিয়া থাকে যে "মাংস গুরুপাক বস্তু, অতএব তাহা হজম করা সুকঠিন" ইত্যাদি। এই কথারও কোনই সার্থকতা দেখা যায় না। কারণ মনে কর তোমার প্রত্যহ মাংসাহারের অভ্যাস নাই, বছদিন পরে কোন আত্মীয়ের বাড়ীতে কোন উৎসবোপলক্ষে মাংস খাওয়ার ব্যবস্থা হইল। মাংস খাইতে সুস্বাহ্ বোধ হওয়ায় লোভের বশবর্তী হইয়া তুমি প্রায় তিন পোয়া মাংসাহার করিলে। পূর্ব হইতেই মাংসাহারে অনভ্যস্ত থাকার তোমার পাকস্থলী হর্মল আছে, তাই আধ পোরা মাংস খাইলেই তাহা তোমার পাকস্থলীতে বীতিমত হজম হইয়া শরীরে সত্বগুণের কার্য্য করিত। কিন্তু তুমি সেইদিকে কোনই লক্ষ্য না করিয়া হয়ত ছয় মাস কি বৎসরাস্তে একবার মাংস পাইয়া জিহ্বায় লোভরিপুর বশবর্ত্তী হইয়া অপরিমিত তিনপোয়া মাংস ভক্ষণ করিলে। এখন বিচার করিয়া দেখ যে ইছা কি ভোমার অসংযমী লোভী মনের দোষ, না মাংসের দোষ ? কারণ নাংসত নিজে তোমাকে বলে নাই যে "আমাকে বেশী পরিমাণে ভক্ষণ করিতেই হইবে"। এইরূপ ক্ষেত্রেই মুর্থগণ নিচ্ছের লোভরিপুর দোষ ধরিতে না পারিয়া কেবল মাংসের উপরই দোষারোপ করিয়া থাকে। আরও দেখ, যদি তোমার পিতা, পিতামহাদি পূর্নপুরুষাত্মক্রমেই মাংসাহার করিয়া আসিতেন তবে তোমারও সেইক্লপ তেজস্কর বীর্য্যেই জন্ম হইয়া তুমি মাংসাহারে অভ্যস্ত থাকিতে এবং তাহার ফলে আজ এই সামান্ত তিনপোয়া মাংস তোমার ভাষ বুবকের পাক-স্থলীতে অমিতাহার বা গুরুভোজন বলিয়া বোধ হইত না। দ্বত, হুগ্ধ, দ্ধি ইত্যাদি সর্বপ্রকার খাত্মপক্ষেই এরূপ জানিয়া, আহারের সময় যাহাতে অমিতাহার অর্থাৎ গুরুভোজন না করা হয় তৎপ্রতি সকলেরই বিশেষ দৃষ্টি রাখিয়া চলা প্রধান কর্ত্তব্য। কারণ একদিন অপরিমিত গুরু-ভোজন করিয়া পরে সাত দিবস পর্যান্ত উপবাস করিলেও তাহার দোয সংশোধন হয় না,সেই ত্রিকালজ্ঞ মুনিগণ ইহাই নির্দ্ধারণ করিয়া গিয়াছেন। কমের পক্ষেত্ত সপ্তাহে অন্ততঃ হুইদিন যাহাতে সহজ প্রাপ্য পশু পক্ষীর নাংসাহার করা যাইতে পারে, স্বাস্থ্যোরতির ব্যক্ত তাহার চেষ্টা করা ব্যক্তিমাত্রেরই একাস্ক কর্ত্ব্য। তাই শ্রুতি বলিয়াছেন-

''শরীর মাজং খলু ধর্মসাধনম্।"

অর্থাৎ শরীরই সকল প্রকার ধর্ম সাধনের প্রধান বস্তু। কারণ তোমার এই সাড়ে তিন হস্ত পরিমিত শরীরটীকে লইয়াই "আমি আছি" এই বোধে সর্বাদা সর্বপ্রকার কার্য্যাদি করিয়া থাক। অতএব এই দেহ সুস্থ না থাকিলে তুমি কিছুই নও কারণ তখন তোমার দ্বারা ধর্ম বা অর্থ, যোগ বা ভোগ কোনটাই হইবে না।

আহার ও ধর্মের সঙ্গে কি সম্বন্ধ।

মন স্থল পঞ্চতুত জাত নয়, উহা মায়ারই ব্যক্তিরপ জংশ মাত্র।
তাই এই ডাল, ভাত, মৎস্ত, মাংসাদি স্থল থাছের গুণাগুণ কথনও মনে
সংক্রামিত ইইতে পারে না। স্থল পঞ্চতুত জাত হাড়, রক্ত, মাংসে
তৈয়ারী এই স্থল দেহেই ঐ স্থলাহারের শক্তি প্রবেশ করে মাত্র।
মন স্ক্র তাই তাহার আহারও সেইরপ স্ক্র। তাই ভাগবত
বলিয়াছেন—

তেজ্বস্বী ওপসাদীপ্তো ছর্দ্ধর্যোদরভাজনঃ। সর্বভক্ষোহপি যুক্তাত্মা নাদত্তে মলমগ্লিবৎ॥

অর্থাৎ—তেজনী, তপনী ও পরাক্রমী যোগী সর্ববস্তু ভক্ষণ করিলেও ভাগির ক্লায় মল গ্রাহণ করেন না, অর্থাৎ পাপভাগী হন না। ইহার ভাবার্থ এই যে অগ্নি যেরূপ পৃথিবীর যাবতীয় ময়লা বা অপবিত্র বস্তুকে পোড়াইরা পবিত্র করিয়া দেয়, কোন ময়লাই তাহার কোন-প্রকার ক্লতি করিতে পারে না, ঠিক সেইরূপ জ্ঞানী ব্যক্তি যে কোন প্রকার খান্ত গ্রহণ করিলেও তাঁহার সেই জ্ঞানান্নিতে সমস্ত পবিত্র করিয়া দেয়, কিছুতেই তাঁহার কোন ক্ষতি করিতে সক্ষম হয় না। স্ক্র্ম আহার সম্বন্ধে শান্ত বলিয়াছেন—

ইন্দ্রিরে বিষয়ানামাহরণং গ্রহণ মাহারঃ॥ (নিরুক্ত)

অর্থাৎ—(চক্ষু, কর্ণ, নাসিকা, জিহবা ও ত্বক ইত্যাদি) ইন্দ্রিয় সমূহ
দারা জাগতিক যাবতীয় বিষয় যে আহরণ করা হইয়া থাকে তাহাকেই
আহার বলিয়া কথিত হয়।

অনশন দারা ইন্দ্রিয় সংযমকারী,কঠোর তপস্থাবান্ বহু ব্যক্তিই উর্বাণী ও রম্ভাদির নয়ন কটাক্ষে তপস্থা ভঙ্গ দারা যে অধংপতিত হইয়াছেন এইরূপ দৃষ্টান্তের অভাব নাই। তাই শাস্ত্রপ্রণেতাগণও বহু শাস্ত্রমূথে এরূপ নানাপ্রকার গল্প প্রসঙ্গে তংবিষয়ে আমাদিগকে বিবিধন্ধপে উপদেশ দিয়া ইহাই বিশেষরূপে শিক্ষা দিয়া গিয়াছেন যে বাহ্যিক অনশন অথবা নিরামিয আহার দারা কখনও ইন্দ্রিয় সংযত হয় না। মৎস্তা, মাংসাদি স্থল জাহারের দারা যে মনের কোনই হ্রাস বৃদ্ধি হয় না তৎসম্বন্ধে স্বয়ং যোগেশ্বর মহাদেব পার্বতীকে বলিয়াছেন—

আহারসংযমক্লিষ্টা যথেষ্টাহারতুন্দিলা:।
ব্রহ্মজ্ঞানবিহীনান্চেমিষ্ট্তিং তে ব্রক্তন্তি কিম্॥
(মহানির্বাণ তন্ত্র)

অর্থাং—হে দেবি! মানবগণ বাহিক আহার সংযত করিয়া ক্লেশ-ভোগ করুক বা (মংজ, মাংসাদি নানাপ্রকারের) যথেষ্ট আহার দারা দেহকে হাই পুইই করুক তাহাতে কিছুই হইবে না। তাহারা যদি ব্রহ্মজ্ঞানবিহীন হয়, তাহা হইলে কথনও চিরস্থী হইতে বা দিয়তি লাভ করিতে পারে না। স্থতরাং হে বন্ধুগণ! স্থী যদি হ'তে চাও, আপনারে চিনে লও। নিজে কে, তা'না চিনিলে, হঃখ যাবেনা কোনকালে॥

পুনরায় সেই শিব পার্বতীকে বলিয়াছেন—হে দেবি !
বায়ু-পর্ণ-কণা-ভোয় ব্রতিনো মোক্ষভাগিনঃ।
সস্তি চেৎ পত্মগা মুক্তাঃ পশু-পক্ষি জলেচরাঃ॥

(মহানির্বাণ তন্ত্র)

অর্থাৎ—যাহারা বায়ু মাত্র আহার কিংবা পর্ণ (পাতা) আহার করে অথবা কণ ভোজন (সামান্ত কণিকা মাত্র আহার) করে বা মাত্র জলপানরূপ ব্রহু ধারণ করে, তাহাদেরই যদি মোক্ষ হয়, তাহা হইলে সর্প, পঞ্চ, পক্ষী ও জলজন্ত ইছারা সকলেই মোক্ষভাগী হইতে পারে। ইছার তাৎপর্য্য এই যে মাত্র বাহ্যিক আহারের সংযম করিলেই যে তক্কজান লাভ হইয়া মোক্ষ হইবে তাহা কথনও নহে। কারণ কেবল মাত্র বাহ্যিক অহাতানেই ধর্ম হয় না যদি ধর্মের প্রতি মনের অহারাগ না পাকে। এতৎসম্বন্ধে ভক্তপ্রেষ্ঠ তুলসীদাস বলিয়াছেন—

তুল্সী পিঁদ্নে হরি মিলে তো, মৈঁ পেঁদে কুঁদা আউর ঝাড়। পাখর পূজনে হরি মিলে তো, মৈঁ পুঁজু পাহাড়॥ (তুলসীদাস)

অর্থাৎ — কতকগুলি তুলদীর মালা কঠে ধারণ করিলেই যদি পরাৎপর পরমেশ্বর হরিকে প্রাপ্ত হওয়া যাইত, তাহা হইলে আমি একটা তুলদীর কুলা কঠে ধারণ করিতাম, অথবা তুলদী পাছের ঝাড় কঠে ঝুলাইয়া রাথিতাম। আর পাথর পূজা করিলেই যদি সেই যোগেশ্বর হরিকে পাওয়া যাইত, তবে আমি পাহাড়ের পূজা করিতাম। ভক্তিমতী মীরাবাই কহিয়াছেন—

নিত্নাহেন্সে হরি মিলেতো, জলজন্ত হোই।
ফলমূল খাকে হরি মিলেতো, বাত্র বাঁদরাই॥
তিরণ্ভখন কে হরি মিলেতো, বহুত্মূগ অজা।
ত্রী ছোড়কে হরি মিলেতো, বহুত্রহে খোজা॥
ত্ধ্পিকে হরি মিলেতো, বহুত্বৎস বালা।
মীরা কহে বিনা প্রেম্সে নাহি মিলে নন্দলালা॥
(মীরাবাই)

(মারাবাহ)
অর্থাৎ—প্রত্যহ গঙ্গাস্থান করিলেই যদি ভগবান্ হরিকে লাভ করা

যায়, তাহা হইলে জলজন্তরাই তাঁহাকে লাভ করিবে। ফলমূল ভক্ষণ করিলেই যদি হরিকে প্রাপ্ত হওয়া যায়, তবে বাছড়ও বানরগণই ভগবান্কে প্রাপ্ত হইবে। আর তৃণ ভোজন করিলেই যদি হরিকে লাভ করা যায়, তবে ছাগল ও হরিণগণ ভগবান্কে লাভ করিবে। নারীসঙ্গ বিসর্জন করিলেই যদি হরি পাওয়া যাইত, তবে খোজারাই তাঁহাকে পাইত এবং যদি কেবল ছগ্মপান করিয়া জীবন ধারণ করিলেই ভগবান্কে পাওয়া যায় তাহা হইলে, বৎস ও শিশু বালক-বালিকাগণই তাঁহাকে প্রাপ্ত হইবে। কিন্তু মীরার মত এই যে, সেই ভগবানকে লাভ করার জন্ত, যত কিছু বাহিক অমুষ্ঠানই করা যাউক না কেন, তৎপ্রতি মনের প্রস্তুত অমুরাগ (প্রেম) না হইলে আর কিছুতেই সেই ভগবান্কে লাভ করা যায় না।

পুর্ব্বোক্ত গ্রন্থাদির উক্তিতে এখন সহজ্বেই বুঝিতে পারিতেছ যে এই স্থুলাহার সংযম দারা কামাদি প্রবৃত্তি কথনও নির্ত্তি হয় না।

ইহার আরও প্রত্যক্ষ প্রমাণ দেখ,—অসংযমী বছ স্ত্রী পুরুষগণ অথবা তেকধারী বৈরাগী ও বৈঞ্চবীর দল নিরামিষ ভক্ষণ করিয়া বাছিক ধর্মের তাণ করে, অথচ তাহাদের মনকে সংযত রাখিতে না পারায় গুপ্ততাবে যে ব্যভিচার ও জ্রণ হত্য। করিয়া থাকে একটু স্থির চিন্তে চিস্তা করিলে তাহা বুঝিতে আর কাহারও বাকি থাকিবে না। অপরদিকে নিরামিবতোজী ব্যতীত অপরাপর সম্প্রনারের মধ্যে এমন বহু সংযমী স্ত্রী পুরুষ দেখিতে পাওয়া যায় যে, তাহাদের সমাজোচিত খাছা পৌরাজ, রস্কন এবং নানা প্রকার মাংসাদি খাইয়াও প্রবল রিপুকে সংযত রাখিয়া চলিতেছে। এইরূপ দৃষ্টাস্ত অনেকই দেখিতে পাওয়া যায়।

ইহা ঘারাও স্পষ্টই বুঝিতে পারিতেছে যে নিরামিষ আহার ঘারা মনের কামাদি বুভির নির্ভি অথবা আমিষ আহার ঘারা কামাদি বুভির উত্তেজনা কিছুই হয় না। অতএব বাহ্যিক ইন্দ্রিগ্নগণকে নিরামিষ আহার ঘারা হর্মল করিয়া রাখিলে কি হইবে ? ইন্দ্রিগণনের নিজের কোনই স্বাধীন ক্ষমতা নাই, ভিতর হইতে মনের নিজ স্থভাবাস্থায়ী নন যখন যেরূপ আদেশ করিবে, ইন্দ্রিগণ নির্মিচারে তখনই তাহা পালন করিতে বাধ্য। কাজেই বাহ্নিক আমিষ ও নিরামিষ আহার লইয়া সমাজে কলহ ঘারা অশান্তির ক্ষি করিয়া কেন রুধা হুংখ ভোগ করিতেছ ?

নেশা সেবিগণের নেশার মন্ততা দেখিয়া অনেক অজ্ঞ লোকে বলিয়া থাকে যে "নেশা পান করার ফলে মন বিকলিত হয়, ইহা সর্বনাই দেখিতেছি। বিভিন্ন খাছের নানারূপ আছাদ এবং তাহাদের গুণ ও ভিন্ন ভিন্নই হইয়া থাকে, অতএব খাছের পার্থক্যে মনের বৈচিত্র্যে লাভ করা সম্ভবপর হইবে না কেন ?" ইত্যাদি। মনে কর একই ভাঁক একই পাত্রে প্রস্তুত করিয়া অনেক লোকে পান করিল। সেই নেশায় তাহাদের

মধ্যে কেছ বা কামাতুর হইল, কেছ বা ক্রোধান্থিত হইয়া মাতলামি করিতে আরম্ভ করিল, আবার কেছবা খুবই ভক্তিমুক্ত হইয়া উচৈচঃস্বরে ধর্মা বিষয়ক গান করিতে আরম্ভ করিল। অর্থাৎ একই ভাঙ্গ পান করিয়া ঐ ভাঙ্গপায়ীদের সকলের মনে একই ভাবের উদয় না হইয়া বিত্তেকের মনে ভিন্ন ভিন্ন ভাবের উদয় হইল। কাজেই এখানে ভাঙ্গ পান করার ফলে মন বিকলিত হইয়াছে বলিয়া কি প্রকারে বলিবে ? যদি তাহাই হইত, তবে ঐ একই দ্রব্য পান করার ফলে উহাদের সকলের মনে ঠিক একই ভাবের উদয় হইত। স্কতরাং দেখা যাইতেছে যে ঐ মাদক দ্রব্য পান করায় জীবের মন্তিক উত্তেজিত হইয়া মনের বৃত্তিগুলি তীব্রবেগে ক্রিয়া করিতেছে মাত্র। সেই জন্মই উহাদের যাহার মনের যেরূপ বৃত্তি সে সেইরূপই কার্য্য করিতেছে। অতএব ঐ শাদক দ্রব্য সেবনে যে মন বিকলিত হইয়াছে, একথা কিছুতেই যুক্তি সঙ্গত হইতে পারে না। স্থলদেহ ও সন্ধাদেহ মনের পৃথক্ত বিষয়ে সম্যক্ জ্ঞান না থাকাতেই বিচারহীন মূর্থগণ জড় খাজের শ্বণাশুণ মনে সংক্রামিত হয় বলিয়া ভাস্ত ধারণ করিয়া থাকে।

এখন এখানে প্রশ্ন উঠিতে পারে যে শাস্ত্রে যে নিরামিষ আহার করিতে এবং আহার শুদ্ধি করিতে পুনঃ পুনঃ আদেশ করিয়া গিয়াছেন তাহা কি সম্পূর্ণ মিধ্যা ? না, বাস্তব তাহা সম্পূর্ণ সত্যই বটে। আমিষ ও নিরামিষ আহার বিষয়ে শাস্ত্রে বর্ণিত আছে—

আমিষং বিষয়া: তদভিলাৰরাহিত্যং নিরামিষং আমিষ বর্জ্জনং বা। (দেবলভাষ্য)

অর্থাৎ—জাগতিক ধন জনাদি সমস্ত ভোগ্য বিষয়কেই আমিষ বলা হয়। অত এব সেই বিষয় ভোগের অভিলাম রহিত হইয়। গেলেই তাহাকে নিরামিষ বা আমিষ বর্জন বলিয়া কথিত হয়। এইরপ স্ক্রদর্শী আত্মজ্ঞানিগণ "আমিষ" শব্দে শাস্ত্রে ধনজন আদি যে কোনও ভোগ্য বস্তু-কেই লক্ষ্য করিয়াছেন। স্থতরাং বিষয় ভোগের তীব্রেচ্ছা থাকা পর্যাস্ত কিছুতেই নিরামিষ ভোজন হইতে পারে না। এজন্ত আহার শুদ্ধি করা বিষয়েও শাস্ত্রেই পুনঃ পুনঃ বলিয়া গিয়াছেন—

আহার শুদ্ধে সত্ত শুদ্ধিঃ সত্তপ্তদ্ধে প্রবাস্মৃতিঃ।
স্মৃতিসভ্যে সর্বব্যস্থীনাং বিপ্রমোক্ষঃ॥ (ছান্দোগ্য উপনিষদ্)
(ঐ শ্লোকের শাহ্বর ভাষ্য)

বিষয়োপলব্ধিলক্ষণস্থা বিজ্ঞানস্থা শুদ্ধিঃ আহারশুদ্ধিঃ। রাগদ্বেষ-মোহ-দোষৈ রসংস্কৃত্ত বিষয়বিজ্ঞান মিত্যর্থঃ॥

অর্থাৎ—যাহা আহত সংগৃহীত হয়, তাহারই নাম আহার।
অর্থাৎ শব্দাদি ভোগ্য বিষয়ে বিশেষ জ্ঞানকেই আহার বলা হয়। কেন
না ভোক্তার ভোগ নিস্পাদনার্থই ঐ সমস্ত বিষয় সংগৃহীত হইয়া থাকে।
শব্দাদি বিষয়ের উপলব্ধি বা অমূভবাত্মক যে বিজ্ঞান, তাহার শুক্ষি আহার
শুক্ষি। অর্থাৎ রাগদেষাদি দোষ সংস্পর্শ রহিত শব্দাদি বিষয়ের যে
অমূভূতি তাহাই আহার শুক্ষি। সেই আহারের বিষয় বিজ্ঞানের শুক্ষি
হইলে পর তাদৃশ জ্ঞানী ব্যক্তির সন্ত শুক্ষি অর্থাৎ অন্তঃকরণ নামক বৃদ্ধি
সন্তের নির্মালতা সিদ্ধ হয়। সন্তশুক্ষি সিদ্ধ হইলে পর তৎপূর্কে ভূমা
আত্মার যেরূপ তন্ত অবগত হইয়াছিল, তিহিষয়ে গুবা অবিচ্ছির স্মৃতিধারা
উপস্থিত হয় অর্থাৎ তাহার তিমিয়ক স্মরণ কখনও বিলুপ্ত হয় না।
গ্রুবা স্মৃতি লাভ হইলে পর জন্মজন্মান্তরামূভবের নাসনাবশে দৃদীভূত
ক্লয়াশ্রিত গ্রন্থি সমূহের অর্থাৎ অবিজ্ঞা জ্ঞনিত সর্কপ্রেকার অনর্থ রূপ
পাশ বা বন্ধন রক্ষ্ক সমূহের বিপ্রমাক্ষ (বিশেষ রূপে মোক্ষ) অর্থাৎ

বিনাশ হইয়া যায়। যেহেতু উক্ত আহার শুদ্ধিই উত্তরোত্তর অবস্থিত এই সমস্ত সাধনের মূল কারণ। সেই হেতু ঐ আহার শুদ্ধি করা সকলেরই একাস্ত আবশ্রক।

ইহার ভাবার্থ এই যে—ভোক্তার ভোগের নিমিত্তই চক্ষু কর্ণাদি ই ক্রিয়গণ বাহ্যিক দর্শন, শ্রবণাদি বিষয়সকলকে গ্রহণ করে এবং তাহারই নাম আহার। সেই আহার গ্রহণ করিবার সময়, রাগ, ছেষাদি, সর্মপ্রকার বিকার রহিত হইয়া, যে নির্বিকার স্ববস্থায় গ্রহণ করা হয় তাহারই নাম আহার শুদ্ধি। এই রূপে আহার শুদ্ধি হইলেই, জীবের অন্তঃকরণ নামক বৃদ্ধি সন্ধের নির্ম্মলতা আসে এবং তাহাকেই সন্ধ্রুদ্ধি কহে। এই সন্ধ্ৰুদ্ধি হইলেই সেই প্রমান্তা বিষয়ে জ্ঞান দৃঢ় নিশ্চয় ভাব ধারণ করিয়া অবিরাম দেই জ্ঞান স্রোত বহিতে পাকে এবং তদারা ধ্বদয়স্থিত অবিস্থা বা মায়া রজ্জুর বন্ধন সকল ছিন্ন হইয়া গিয়া জীব মোক প্রাপ্ত হয়। স্থতরাং পূর্বেলক্ত প্রকারে আহার শুদ্ধিই ক্রমে জীবের মোক প্রাপ্তির একমাত্র প্রধান মূল কারণ। অতএব জীব মাত্রেরই এরপ ষ্মাহার শুদ্ধি করা একাস্ত কর্ত্তব্য। পূর্ব্বোক্ত শ্রুতি বাক্য দ্বারা স্পষ্টই বুঝিতে পারিতেছ যে এই স্থূল নিরামিষ আহার দারাই প্রকৃত নিরামিষ আহার হয়না বা আহার শুদ্ধিও হয় না। স্মৃতরাং এই নিরামিষ আহারে চিত্তশুদ্ধিও জন্মিতে পারে না। এই নিরামিয় আহার দারা বাহ্যিক ইন্দ্রিয়গুলি সাম্ব্রিক তমোগুণের প্রধান লক্ষণ হুর্বলতা প্রাপ্ত হইয়া থাকে মাত্র কিন্তু অভ্যস্তরে ম**ন পূর্ব্বের ভা**য় সেই অসংযত অবস্থায়ই পাকিয়া যায়। অতএব দেখা যাইতেছে যে নিরামিষ আহারে রিপুর সংযম না হইয়া वतः निन निन प्रटिक्तिय नमूह की व इटेशा निया जामा अल्वाहर द्वाक करत । অনু বা স্থল পঞ্চুত হইতে মন কখনও স্প্ত হয় নাই বলিয়াই এই জড়

খান্তের গুণাগুণ বারা সেই মনোরত্তি সকল উত্তেজিত বা প্রশমিত

কিছুই হয় না। কর্তারূপী মন অমুগত ভৃত্যরূপ দেহ ও ইন্দ্রিয় গণের দারা সর্বান্ধণ সর্বপ্রকার কার্য্যোদার করাইয়া লয়। অতএব তোমাদের ইন্দ্রিয় সকল কদ্ধ করিয়া ধর্ম পথে অগ্রসর হইতে হইলে এই স্থূল ও জড় খাদ্য লইয়া লোকসমাজে সাম্প্রদায়িক কলহ ও হলুস্থূল করিয়া অশান্তির স্থিটি না করিয়া নিজ নিজ কচি অমুযায়ী মংশু মাংসাদি ও নিরামিষ দারা স্বাভাবিক মিতাহারে ব্রহ্মচর্য্য পালন করতঃ (মংপ্রণীত 'ব্রহ্মচর্য্য' নামক পুস্তক পাঠ কর) শরীরকে স্থন্থ রাখ এবং সর্বাদা সংসঙ্গ ও জ্ঞানী মহাপুরুষদের সন্থাদেশ প্রবণ করতঃ তদ্বারা তোমাদের মনকে সংযত রাখিয়া ক্রমে সেই মনকে নিরোধ করিতে পারিলেই দেহ ও ইন্দ্রিয়ণণ সকলেই রুদ্ধ হইয়া গিয়া প্রমার্থ চিন্তায় বা আত্মধ্যানে নিমন্ন হইবে। ইহাই আত্মোরতির প্রধান উপায়।

স্থুলাহার ও সৃক্ষাহারের ভেদ।

পঞ্চেত্রির যোগে শব্দ, স্পর্শ, রূপ, রূপ ও গন্ধ এই পঞ্চ বিষর জীব আহরণ করে। হল্পদর্শী শান্তবেত্তা জ্ঞানী মহাপুরুগণ সেই আহরণকেই আহার বলিয়া থাকেন। স্থুল ও হল্প ভেদে আহার দুই প্রকার। ভাল, ভাত, মাংস, রুটি ইত্যাদি স্থুল জিনিব দ্বারা হাড়, রক্ত, মাংসে গঠিত এই স্থুল দেহ যে আহার করে তাহার নাম স্থুলাহার এবং জাগতিক বিষয় সকলের সঙ্গে ইক্রিয়গণ বুক্ত হইয়া বিষয় সন্ভোগে দর্শন, শ্রুবণ, আগ্রাদ ও স্পর্শ দ্বারা যে বিষয়ের স্থাদ আহরণ করে, তাহারই নাম

মনের আহার বা স্ক্রাহার। এই স্থুলাহারের মধ্যে তিক্ত, অন্ন ও লবণাদি দ্রব্য অতিরিক্ত পরিমাণে খাইলে সেই কুৎসিত খাছ্য খা ওয়াতে ষেরূপ সূল দেহের কোন ব্যাধি জন্মে, ঘোর বিষয় ভোগার বা অসতের সঙ্গে থাকিয়া সর্বদা অসংভাবে ও জঘন্ত প্রবৃত্তিতে বিষয় ভোগ সংক্রাম্ত নানাপ্রকার কুৎসিত বাক্য শ্রবণ ও কুৎসিত দর্শন, স্পর্শনাদি দ্বারা মন কুৎসিত খাছ্য গ্রহণ করিলে সেই মনেরও বিকার হইয়া অধোগতিরূপ ব্যাধি জন্মে। আবার শরীরতত্ববিদ্ অর্থাৎ চিকিৎসকগণের সঙ্গ করিয়া ভাহাদের হিত্যোপদেশ মতে ঔষধ সেবনাদি দ্বারা যেরূপ এই স্থুলদেহ ব্যাধি মুক্ত হইয়া শক্তি লাভ করে, মনস্তব্ব বিদ্ অর্থাৎ ভবব্যাধি চিকিৎসক আয়ত্বক্ত মহাপুরুষগণের সঙ্গ করিয়া সৎকর্থা শ্রবণ ও জ্ঞাননেত্তে দর্শনাদি রূপ ঔষধ সেবন দ্বারা মনের মন্ত্রলা সকল বিদ্রিত হইয়া গিয়া মন নিরোগ ও শক্তিশালী হয়। ঐ স্থুলাহার ও আবার অধ্য, মধ্যম ও উত্তর্ম ভেদে তিন প্রকার যথা:—

- ১। আহার করিবার সময় বিচারহীন, লোভী ও বিলাসী ব্যক্তি আহিবায় লোভরিপুর বশবর্তী হইয়া আহার্য্যের দোষ গুণ বিচার না করিয়া গুরুপক ক্রব্য গুরুভোজন করিয়া থাকে। তাহার ফলে তাহার দেহে হুর্বলতা ও নানা প্রকার ব্যাধি উপস্থিত হইয়া অশেষ হঃবকষ্টে তাহাকে ব্যতিবাস্ত করিয়া তোলে। ইহারই নাম "অধমাহার"।
- ২। যে ব্যক্তি নির্লোভ হইয়া দ্রব্য শুণাশুণ বিচার করিয়া স্নিগ্ধ, আয়ু বৃদ্ধিকর, সন্ধ বৃদ্ধিকর, বলকর, স্থায়ী এবং স্থাও প্রাতি বর্দ্ধনকর, লঘুপাচ্য দ্রব্য পরিমিতাহার করিয়া থাকে তাহাকে "মধ্যমাহার" কছে।
- থাগিগণ শৌচাশৌচ ও বিচার সংস্কারহীন হইয়া এবং
 আকিঞ্চন ও আহরণাদি কোন দ্বিপুর বশবর্তী না হইয়া শৃহাশৃত্ত

নির্বিকার অবস্থায় অনায়াগলন দ্রব্যের দারা যে ক্লুরিবৃত্তি করিয়। পাকেন তাহাই "উত্তমাহার"। এই উত্তমাহার বিষয়ে শাস্ত্রেও আছে—

> "চতৃষ্বির্ ভৈক্ষচর্য্যং চরেং"। যথালাভমন্দীয়াৎ প্রাণসন্ধারণার্থং॥ (কণ্ঠশ্রুত্যুপনিষদ্)

অর্থাৎ—সন্ন্যাসী অর্থাৎ আত্মজ্ঞানী সংসার ত্যাগী মহাপুরুষ ব্রাহ্মণাদি চারিবর্ণের নিকটেই ভিক্ষা গ্রহণ করিবেন এবং প্রাণ রক্ষার্থ যখন যে ভাবে যাহা প্রাপ্ত হন তাহাই ভক্ষণ করিবেন। স্বয়ং মহাদেব পার্কিতীকে বলিয়াছেন—

বিপ্রান্ধ: শ্বপচান্ধ: বা যন্মান্তন্মাৎ সমাগতম।
দেশং কালং তথাপাত্র মশ্লীয়াদবিচারয়ন্॥
(মহানির্বাণ তন্ত্র)

অর্থাৎ—হে দেবি ! প্রাক্ষণের অন হউক বা চণ্ডালের অন্নই হউক, বে কোনও ব্যক্তির অন যে কোন ও দেশ হইতে সমাগত হউক না কেন, তাহা দেশ কাল বিচার না করিয়া প্রক্ষম্ভ ব্যক্তি ভোজন করিবেন। অর্থাং প্রক্ষম্ভানী ব্যক্তির পক্ষে কোন কিছুই বিচার্য্য বিষয় নয়।

অতএব দেখা যায় যে পূর্ব্বোক্ত অসমান্তার দারা লোভীর স্বাস্থ্য ও বল সমস্ত নষ্ট হইয়া গিয়া সেই আহার তাহার পক্ষে সর্ম প্রেকারেই তুঃখদায়ক হয়। আর মধ্যমাহারীর নিজ দেহের উপর "আমি আছি" এই অহকার বোধ থাকায়, জব্যের দোষ গুণ বিচার দারা খাজাখাজ নির্ব্বাচন করার জন্ত মনে নানা প্রকার বিক্ষিপ্ততা উপস্থিত হইয়া, তাহাকে অশান্তি দেয়। কিন্তু ঐ সকল অহকারাদি ত্যাগ করিয়া তত্ত্বজ্ঞ যোগীপুরুষ প্রারন্ধের উপর নির্ভর করিয়া থাকিয়া সহজ্ব প্রাপ্য বস্তু দারা উত্তমাহার করেন। ডাই তাঁহাদের দেহ ও মন নীরোগ থাকিয়া প্রশাস্ত ভাব ধারণ করে।

স্ক্র মানসিক আহারেও অবস্থা ভেদে তিন প্রকারে মনের বিচিত্রতা প্রকাশ করে যথা—স্ক্রাহার, স্ক্রতরাহার ও স্ক্রতমাহার।

- ১। বাসনারপ কুধানলে অভিভূত হইয়া জীবসকল সেই কুণিবৃত্তির জন্ত ইন্দ্রিয় সংযোগে শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ বিষয় উপভোগ করাতে সেই জঠরানল নির্বাপিত না হইয়া বরং তাহাতে রাগদেব, ক্রোধ, হিংসা, লোভ, মোহাদি রোগে জীবকে আরও সন্তপ্ত করিয়া তোলে। ইহাই মনের "ফুল্মাহার"।
- ২। পূর্নোক্ত বিষয়াহারে সম্ভপ্ত জীব সকল ঐ ব্যাধি নিবৃত্তির জন্ত শম, দম, শ্রদ্ধা ও তিতিক্ষা, বিরতি প্রভৃতি ক্ষমতর স্থপথা সেবন করিলে ঐ রোগ প্রশমিত হইয়। বৈরাগ্য প্রভাবে সেই বাসনানল পূর্ণ নির্বাণ প্রাপ্ত হয়। ইকাকেই মনের "ক্ষমতরাহার" বলা হয়।
- ত। সমাধি প্রশাস যোগী আত্মাননামৃত পান করিয়া সংশ্বতমাহার করেন। তথন আহারী ও আহার এবং আহার্য্য এই তিনের কোনই পার্থক্য না থাকিয়া, উহাদের সমস্তই মিলিত হইয়া একাকার হইয়া যায়। অর্থাৎ—ভোগ্য, ভোগ ও ভোক্তা এই তিনটি একেরই বিকাশ মাত্র, তাই পুনরায় তিনটী একাকার হইয়া একেই লয়প্রাপ্ত হয়। বেদান্ত বলিয়াছেন—

যশ্য ব্রহ্ম চ ক্ষত্রং চ উভে ভবত ঔদনঃ
মৃত্যুর্যস্থোপদেচনং কইখাবেদ যত্র সঃ।
(কঠবল্লী উপনিষদ্)

অর্থাৎ—ব্রাহ্মণ ও ক্ষত্রিয়াদি জ্বাতি এবং যাবতীয় চরাচর ২স্ত যাঁহার ভক্ষা এবং মৃত্যু যাঁহার আচমন, তাঁহাকে এইরপে কে জানিতে পারে?

অতা চরাচরগ্রহণাৎ ॥ (বেদাস্তদর্শন)

অর্থাৎ—পূর্ব্বোক্ত কণ্ঠশ্রুতিতে চরাচর প্রহণ হওয়ায় উহার ভোক্তা শব্দে ব্রহ্মকে বুঝিতে ছইবে।

পূর্ব্বোক্ত শ্লোক দুইটির ভাবার্থ এই এই যে—বিশ্ব ব্রহ্মাণ্ডের যাবতীয় চরাচর বস্তুই বাঁহার ভোজা, তাঁহাকে ভোজা ও ভোজারপে পূথক জ্ঞানে কেহই জানিতে পারে না। কারণ সেই অন্বিতীয় সং বস্তু ব্রহ্মকে একাত্মবাদী ব্রহ্মজ্ঞ ব্যতীত কেহই জানিতে সক্ষম নয়। এইরপ একাত্মবাদীর পক্ষেই মাত্র চরাচর গ্রহণীয় হয়। তাই শ্রুতিতে আছে—

অহমরম্ অহমরম্।
অহমরাদো, অহমরাদাঃ ॥
(তৈত্তিরীয় আরণ্যক)

অর্থাৎ—আমিই অন্ন এবং আমিই অন্ন ভক্ষক। অর্থাৎ ভোগ্য, ভোগঃ ও ভোক্তা সমস্তই একমাত্র আমি (ব্রহ্ম)।

ব্রাহ্মণ ও বৈষ্ণবগণের প্রতি নিবেদন।

হে ভারতের নিরামিষভোজী ব্রাহ্মণ ও বৈষ্ণব ল্রাতাগণ ৷ আপনার৷ এই গ্রন্থ পাঠ করিয়া কেহ বা ক্রোধভরে আমাকে অনেক কিছু কট কাটব্যাদি বলিবেন। আমিও বিদেশী নই, এই ভারতেরই বঙ্গবাসী কুলীন ব্ৰাহ্মণ সন্তান কিন্তু কোন অভিমান নাই বা এই গ্ৰন্থে দেশবাসীকে নিন্দা ও নির্য্যাতন করিয়া নিজের কোন প্রভত্ব বা গৌরব অর্জ্জন করিবার উদ্দেশ্যও নাই। শ্রুতিমুখকর না হইলেও ভাষসঙ্গত ও বুক্তিবুক্ত কথায় সত্যপ্রিয় বিজ্ঞ ব্যক্তিগণ সম্ভষ্ট ছইয়া থাকেন। তাই কেবল মিধ্যা শাল্তের দোহাই দিয়া, অজ্ঞ মূর্থগণের স্তুতি করিয়া দেশকে আর অধংপাতে দিতে ইচ্ছা করেনা। ইহাও আপনাদের মনে রাখা উচিত যে, নিন্দার ভয়ে ভীত বা যশের আকাজ্জিত ব্যক্তি কখনও এইরূপ অপ্রিয় গ্রন্থ লা। নিজের দোব নিজে না দেখা পর্যান্ত কাহারও উন্নতি লাভ ছয় না। আমার সহিত দেশের রক্তের সম্বন্ধ। দেশের ছর্দশা দেখিয়া আমার মন কাঁদে, তাই নিজ দেশের দোষ দেখাইয়া মনোত্রুথে অনেক ৰুক্ষ বাক্য বলিতে বাধ্য হইলাম। অতএব স্থপণ্ডিতগণ এই গ্ৰন্থের ভ্ৰম সংশোধন করাইয়া দিলে আমি তাহাকে গুরুজ্ঞানে বরণ করিব। কারণ ভ্রম বিদুরিত হইয়া পিয়া পড়োর প্রচার হয় ইহাই গ্রন্থের প্রধান উদেশ।

মনে হয় যেন বিগত সহস্রাধিক বর্ষ ধরিয়া আমাদের জাতীয় জীবনের ইহাই একমাত্র লক্ষ্য ছিল যে, কিরূপে আমাদিগকে ত্র্বল হইতে তুর্বলতর করিয়া ফেলিবে। তাই সতোর অপলাপ করিয়া মিুধ্যার

আশ্রয় গ্রহণে ক্রমে আমরা কীটতুলা হইয়া দাড়াইয়াছি, এখন যাহার ইচ্ছা সেই মারিয়া যায়। অতএব হঠাৎ আমার উপরে ক্রোধান্বিত না হইয়া আপনারা একবার স্থিরচিত্তে নিজের ও দেশের দিকে লক্ষ্য করিয়া দেখুন যে ত্রাহ্মণগণ দেশের কি সর্বনাশ ঘটাইয়াছেন। "বেদ বেদান্ত পাঠে ব্রাহ্মণ ব্যতীত অন্ত কোন জাতির অধিকার নাই" বলিয়া মিপ্যা (বেদে যাহা নাই এইরূপ) গ্রন্থাদি লিখিয়া ব্রাহ্মণগণ অন্তান্ত সকল জাতিকে অন্ধকারে রাখিয়াছিলেন, তাই আজ নিজেরাও অন্ধকারে পঙ্িয়াছেন। এখন স্বচক্ষে চাহিয়া দেখুন যে আমরা যাহাদিগকে শুদাদি নীচ জাতি অপেকাও অতি ঘূণিত ও অস্পুশ্ মেচ্ছ জাতি বলিয়া মনে করিতাম, আজ সেই ইংলও জার্মানি প্রভৃতি দেশবাসিগণই, বর্তমানে আমাদের অম্পুশ্র ও অখাগ্র (অথচ সেই বেদ বেদান্তের আদিষ্ট) নাংসাদি নানাপ্রকার আমিষ আহার্য্যের শক্তি বারা সম্ব গুণ লাভ করিয়া বেদ বেদান্ত পাঠের পূর্ণ অধিকারী হইয়া তাহা পাঠ করিতেছে ও করাইতেছে। আর আমরা পুরাকালের সেই ঋষিদের বিধান মতে মুংসাহার না করিয়া নিজ নিজ নব্য মতামুখায়ী কেবল শাকসব জী ও কুমাও খাইতে খাইতে এখন আমাদের মন্তিম্বের শক্তি ক্রাস হওয়ায় সেই বেদান্ত পাঠের সম্পূর্ণ অনধিকারী হইয়া পড়িয়াছি। সেই শুদ্রাদি জাতিও এখন আর আমাদের মিথাা কথায় কর্ণপাত না করিয়া বেদ বেদাস্থাদি শাস্ত্রালোচনাক্রমে তত্ত্ব অবগত হইতেছে। বেদ বেদান্তের সত্য ত্যাগ করিয়৷ মিথা! প্রচারের ফলে আজ ব্রাহ্মণ জাতি সকলের মুখাপেকী ও সর্মজাতির অশ্রদার পাত্র হইয়াছে।

আর বৈষ্ণব প্রাতাগণ! নান। প্রকার পশুপক্ষীর মাংসাহারের কথা শুনিয়া আপনারা ভীত ও আশ্চর্য্যান্বিত হইবেন না। কারণ এই সাধারণ মাংসাহার করাতেই যদি বৈষ্ণব ধর্ম নষ্ট হইয়া যায় বা তছারা বিষ্ণু অপবিত্র হন তবে এইরূপ অতি কুদ্র বিষ্ণুর আরাধনা করিয়া এত সঙ্কীর্ণ বৈষ্ণব ধর্ম পালন করা আপনাদের কোন ক্রমেই সঙ্গত নয়। বিশেষতঃ আপনাদের মন:কল্লিত ঐ রূপ অতি ক্ষুদ্র বিষ্ণু বা বৈষ্ণুব দুন্ম বর্ত্তমান যুগের পক্ষে সম্পূর্ণ অযোগ্য। উহাতে কেবল বৈশুব ধর্ম্মের নামে कनक अठाटेग्रा এবং माच्छानाग्रिक दिशादिष द्वराद्वित सृष्टि कद्विश দেশকে রসাতলে দেওয়ার পতা হইতেতে মাত্র। বিষ্ণু অর্থাৎ তিনি ব্যাপক। এই দুখ্যমান এবং অদুখ্য অনস্ত জগৎ তিনি ব্যাপিয়া আছেন, তাই তিনি অসীম অনস্ত। মহিষ, শুকর, ছাগল, ভেড়া, ও মুরগী প্রভৃতি সমস্ত পশুপক্ষীর রক্তের প্রত্যেক বিন্দুতে বিন্দুতে এবং সব্বদা স্ক্র সমভাবে যে সেই বিষ্ণু বিরাজ্যান আছেন, এই বিষ্ণুতত্ত্ব সেই পুরাকালের সমস্ত বৈষ্ণবগণ বিশেষরূপে অবগত ছিলেন বলিয়াই ঐ সকল অসংখ্য পশুপক্ষীর মাংসাহার করিয়াও সেকালের বৈষ্ণবদিগের বৈষ্ণবধর্ম বা বিঞ্ কিছুতেই অপবিত্র হইতেন না। তাই বলিতেছি আপনাদের মনংকল্পিড এই ক্ষুদ্র বিষ্ণুকে ত্যাগ করিয়া এখন আপনারাও সেই পুরাকালের অগাঁম অনস্ত বিষ্ণুর আরাধন। করুন। তবেই দেখিতে পাইবেন যে সাংস কেন মহামাংস ভোজন করিলেও কিছুতেই কেহু সেই বিষ্ণুত্ব বা বৈষ্ণবত্ব নুষ্ট করিতে সক্ষম হইবে না। আপনাদের মিথ্যা ও কুসংস্কার প্রচারের দরণ এই দেশবাসী মাত্র শাক সজী ভক্ষণ করিতে করিতে হীনবীর্য্য চইয়া দিন দিন রুসাতলে যাইতে চলিয়াছে। যাস পাতা খাইয়া যত পেটরোগা বাবাজীর দলে দেশ ছাইয়া ফেলিয়াছে। উহা সম্বর্গণের চিহ্ন নয়, মহা তমোগুণের ছায়।। খার বান্ধণগণ! আপনাদের অবিচারের ফলে

^{*} ওএছিতা, মুখের উজ্জ্বতা, হৃদয়ে উদ্যুম উৎসাহ, নিভাকত। ইত্যাদি সম্বপ্তরেণ চিছা। ক্রোধ, লোভ এবং কার্য্য ফল প্রাপ্তির ব্যাঘাতে অধীরতা ইত্যাদি ভাবওলি রজোগুণের লক্ষণ। আলম্ভ, স্রভূতা, মোহ, নিজা, তুর্বলতা, ভীরতা, কাপুরুষতা ইত্যাদি তমোগুণের লক্ষণ।

বহু হিন্দুই খুটানাদি ধর্মান্তর গ্রহণ করায় হিন্দুর সংখ্যাও দিন দিন মৃষ্টিমের হইয়া আসিতেছে। পুরাকালে প্রথম বয়সে গুরুগুহে যাইয়া বিস্থাধ্যয়ন করিবার প্রথা ছিল। এখনও স্থুল কলেজে শুকুর নিকট যাইয়া ছেলেরা বিষ্ঠাভ্যাদ করিয়া থাকে। কিন্তু যে সকল বিশ্বার্থী ভারতের বিশ্বানিকান্তে ইংলও, আমেরিকা প্রভৃতি বিদেশীয় বৈজ্ঞানিক ও শিল্পী প্রভৃতি গুরুগণের নিক্ট নানাপ্রকার বিচ্ছাশিক্ষার্থে গমন করিয়া থাকে, পণ্ডিতগণ তাহাদিগকে সমাজে 'একঘরে' অর্থাৎ জল অচল করিয়া বাথেন। ঐ সকল পঞ্চিত্রপণ নিজেবা মনে মনে গর্ম্ব করেন যে তাহারা সমাজের ও দেশের অনেক হিত সাধন করিয়া আসিতেছেন। তাহারা একবারও চিস্তা করিয়া বুঝিতে চাহেন না যে ঐরপ অন্তায় ব্যবস্থা দারা দেশের ও সমাক্তের জ্ঞানোরতির মূলে কভদুর কঠিন কুঠারাঘাত করিয়া নিজেরা রসাতলে যাওয়ার পথ প্রস্তুত করিতেছেন। অথচ ঐ সকল পণ্ডিতগণই আবার শাস্ত বাকা দারা সকলকে উপদেশ করিবার সময় বলিয়া থাকেন, "উত্তম বিজ্ঞা ও মণিরুক্তাদি রত্ন অতি জ্বয় স্থান হইতেও স্যত্নে সংগ্রহ করিবে, ইহা শান্তেরই বিধান।" এ বিষয় তুলসীদাসও বলিয়াছেন—

উত্তম বিভা **লীজি**য়ে, যদপি নীচপৈ হোয়। পচ্ছো অপাবন ঠৌর মেঁ, কঞ্চন ভজত ন কোয়॥

অর্থাৎ—নীচ লোকের সকাশ হইতেও উত্তম বিস্থা গ্রহণ করিবে। কারণ অশুচি স্থানে থাকিলেও কাঞ্চন কথনও পরিত্যাজ্য হয় না। এতৎ সম্বন্ধে শাস্ত্রেও বহু দৃষ্টাস্তের অভাব নাই। তবে পণ্ডিতগণ কোন্ বুক্তিতে ঐ সকল বিস্থার্থীদিণের ছোঁয়া জ্বল সমাজে বন্ধ করেন ? লাহোর অঞ্চলে শিখ সম্প্রদায়ের "গুদ্ধিসভা" নামে সভা আছে। যে সকল শিখ কোন কারণে মুসলমান ধর্মাবলম্বন করিয়াছে, তাহারা যদি অমুতপ্ত হইয়া পুনর্বার শিশ্ব হইবার প্রার্থনা করে তবে মন্ত্র দ্বারা তাহাদের পাপ প্রকালন করিয়া এই শুদ্ধি সভা তাহাদিসকে পুনরায় শিখ করিয়া থাকে। কিন্তু আপনারা বঙ্গবাসীদের বেদ বেদাস্তাদি শাস্ত্র ও হরে, রুক্ষ, রামকালী, দুর্গা নাম এবং গঙ্গোদক কি এতই হীন শক্তি হইয়া গিরাছে যে কেহ জাতিত্রপ্ত বা ধর্মত্রপ্ত হইলে অথবা অপবিত্র কোন থাত্য থাইলে ঐ সকল শাস্ত্রোক্ত মন্ত্র ও নামাদি দ্বারা তাহার সেই পাপ প্রকালন করিয়া পুনরায় তাহাকে হিন্দু সমাজে গ্রহণ করা যাইতে পারে না ? যদি তাহাই হয়, তবে আর সেই সকল রুথা শাস্ত্রবাক্তা ও নামোচ্চাবণে চীৎকার করিয়া অযথা সময় নপ্ত করা কোনক্রমেই আপনাদের বৃক্তিযুক্ত নয়। আপনারা একবার চারিদিকে নিরীক্ষণ করিয়া দেখুন যে এই দেশের মত এত অধিক তামস প্রকৃতির লোক পৃথিবীর আর কোণাও নাই। বাহিরে সান্থিকের ভাণ ও ধর্ম্মের নিশান, ভিতরে একেবারে মিথ্যা কপটতা ও ইটু পাট্কেলের মত জড়ত্ব পূর্ণ। ইহাতে দিন দিন নেশের অধ্যাগতি বৈ আর কি কাজ হইতে পারে ?

অতএব এখনও সময় থাকিতে সত্যের প্রচার দারা মিধ্যা কুসংস্কার দ্র করিয়া দেশকে রক্ষা করুন। "আমি ব্রাহ্মণ," "আমি বৈষ্ণব," ইত্যাদি গর্কে গর্কিত হইয়া থাকিবার আর সময় নাই। স্কুতরাং সর্ক সম্প্রদায় খাত্যাখাত্যাদি সম্বন্ধে একমতে চলিয়া দেই সনাতন ধর্ম্মের প্রচার দারা ধর্ম্ম বিষয়েও একত্রিত হইবার চেষ্টা করিয়া দেশের প্রক্রথান করুন। আহার ও ধর্ম্মের একতা আসিলেই তখন দেখিতে পাইবেন, দেশের শক্তি ও তেজ কত বৃদ্ধি পাইয়াছে এবং দেশ শান্তি-পূর্ণ ইইয়া মৃক্ত হওয়ার দিকে কত অগ্রসর ইইতেছে। আজ একমাত্র আহার ও সাম্প্রদায়িক ধর্মের রেষারেবি এবং কুসংস্কারাদি মিধ্যার

আগুণ জালিয়া আপনারা এই ভারতকে ছারখার করিতেছেন। অবিলম্বে সত্যের বারিধারায় সে আগুণ নির্বাণ করুন।

ওকে আমার ভারতবাদী হিন্দু বন্ধুগণ! আমরা যে শাস্ত্র শাস্ত্র ালিযা চীৎকার করি, সেই বেদ. বেদাস্ত, তন্ত্র, পুরাণ ও আয়ুর্কেদাদি শাস্ত্র কাহার জন্ম প্রস্তুত হইয়াছে ? যদি বলেন মানুষের জন্ম,—তবে আমরা ুসই মামুষ। কাজেই আমাদেরই সেই সকল শাস্ত্রাদেশমতে খাছজবেশুর গুণা এণ বিচার করিয়া আহার করিতে হইবে। বন্ধুগণ। আপনারা সর্বদাই মনে রাখিবেন যে আমরা একমাত্র বেদ বেদান্ত ও আয়ুর্কেদ শাল্তের সভা বিষয় ত্যাগ করিয়া মিথ্যার আশ্রয় গ্রহণে পথশ্রই হওয়াতেই নিরামিধাহার দারা আমাদের শারীরিক ফুর্মলত। আনিয়া মনটাকে অকর্মণ্য করিয়া ফেলিতেছি এবং নানাপ্রকার ব্যাধিগ্রস্ত হইয়া এক।লে কাপগ্রাদে পতিত হইতেছি। আর যত দিন জীবিত থাকি ততদিনও ঐ ক্ষীণাঙ্গ ছুর্মল শরীরদ্বারা যোগ বা ভোগ কোন্টারই পূর্ণাধিকারী হইতে না পারিয়া কেবল নরক যন্ত্রণা ভোগ করিয়া পাকি। সংবারণতঃ দেখা যায় যে যথন নিরামিশভোজী হিন্দুদিগকে অসংখ্য নৃতন ন্যাধিতে আক্রমণ করে তখন চিকিৎসকগণ আসিয়া মাংসরস্যুক্ত বিলাতী ঔষধ ও পথাদি দেবন করাইয়া দেই সকল ব্যাধি দ্র করিয়। পাকে। কিন্তু ঐ সকল নির।মিনভোজিগণ যদি হুস্থাবস্থায়ই আয়ুর্কেদ শাস্ত্রাদেশাত্র্যায়ী বল ও বীর্য্যবর্দ্ধক মহিষ, শুকর এবং কুরুটাদি নানা প্রকার পশুপক্ষীর মাংদ পরিমিত আছার করিত, তবে আর তাছাদিগকে শাবীরিক হুর্বলতা এবং হুরারোগ্য ব্যাধিগ্রস্ত হুইয়া অয়থা বহু অর্থ ব্যয় করিতে হইত না। স্থতরাং ঐরূপ শারীরিক ছুর্মলতা ও ছুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হইয়া নরক যন্ত্রণা ভোগ করা এবং অকালে মৃত্যুমুখে পতিত হওয়াইকি হিন্দুদিগের পুণাাঝার পরিচায়ক চিক্ ?

শাস্ত্রোপদেশমতে দেখা যায় যে স্বাস্থ্য ও বিছা একাধারে থাকাকেই স্বর্গস্থ কহে।

> বিতা আর স্বা**ষ্ট্য যদি একাধারে রয়,** বাসনার ক্ষর হ'লে স্বর্গস্থু হয়। মুক্তির কারণ হয় বিষয় বৈরাগ্য॥ বিচার বিহীন জন ইহার অযোগ্য॥

আমার এই গ্রন্থের শাস্ত্রাদি বৃক্তি প্রমাণ এবং মতামত দেখিয়া অনেকেই "ছি" "ছি" করিবেন; কেহব। নাক সিট্কাইয়া উচ্চ হাস্তপ্ত করিবেন বটে, কিন্তু কালাপাহাড়ের মুসনমান ধর্ম প্রচারের কথা আপনারা অনেকেই ইতিহাসে পাঠ করিয়াছেন। যদি এখন ঠিক সেই কালাপাহাড়ের স্থায় কোন প্রবল শক্তি আসিয়া আমাদিগকে ঐ সকল শাস্ত্রোল্লিখিত শ্কর, মোরণ ও মহিষাদির মাংস খাইতে বলে, তবে তখন নিরাপত্তিতেই আমরাও তাহা করিব, তথাপি নিজ বিচারের বলে স্বইচ্ছায় শাস্ত্রসঙ্গত ও গুণবিশিষ্ট মাংসাদি খাল্ল খাইয়া নিজেদের স্বাস্থ্য ও ধর্ম্মোন্নতির কোন চেষ্টা করিব না। ইহাই আমাদের ভারতবাসী হিন্দুগণের অবিচারিতা ও অজ্ঞানতার বিশেষ পরিচয়। তাই বর্ত্তমান বৃগে প্রত্যক্ষই দেখা যাইতেছে যে হিন্দুগণের বিবাহাদি শাস্ত্রসঙ্গত বাপারেও বৃটিশ গ্রন্থেটের আইনামুযায়ী শাসন ব্যতীত, আমরা অবিচারী হিন্দুগণ নিজেদের কিছুই সুখ স্থাবিধার ব্যবস্থা করিয়া লইতে কোন চেষ্টাই করি না।

ধর্ম।

বর্ত্তনানে আমরা যে হিন্দুধর্ম, হিন্দুধর্ম বলিয়া মুখে চীৎকার করি, প্রকৃত সনাতন ধর্মই হিন্দুধর্মের মূল। কিন্তু এখন তাহার মূল বিশেষরূপে অনুসন্ধান করিলে দেখিতে পাওয়া যায় যে সমস্ত হিন্দুধর্মই একমাত্র ছুঁৎমার্গাবলম্বন করিয়া পাকের ঘরের চুলার নিকট যাইয়া চচ্চরি তৈয়ার করিতেছে। কেবল কে কি আহার করিল এবং কাহার স্পৃষ্ঠ বস্তু আহার করিল, মাত্র ইহার উপরই এই হিন্দুধর্ম সামান্ত একটু সংস্কারের ক্ষম ক্তার সঙ্গে ঝুলিতেছে। যে কোনও দেশের বা সমাজের একতার বন্ধন ছিন্ন হইলেই তাহাদের ধর্ম নষ্ট হইয়া শক্তি হাস প্রাপ্ত হইয়া যায় ইহা স্ব তংগির কথা। আধুনিক সংস্কারান্ধ বিচারহীন সমাজ-পতিগণের স্বার্থহানির ভয়ে ভীত হইয়া অথবা অক্ততা প্রবৃত্ত নিথাা প্রচারের ফলে ধর্ম ও একতার বন্ধন ছিন্ন হইয়া, আমরা হিন্দুগণ এখন বহু ক্ষ্মে ক্ষ্মে তাগে বিভক্ত হইয়া অনেক বিষয়েই শক্তিহীন হইয়া পড়িয়াছি। অতি সংক্রেপে সেই পুরাকালের ২০৪টী সামাজিক বিষয়ের দৃষ্টান্ত দিলেই ধর্মাধর্মের বিষয় সহজে বোধগম্য হইবে।

সেই প্রাকালে বাহ্মণ, ক্তিয়, বৈশ্ব ও শুদ্র এই চারি বর্ণের একত্তে ভোজন ও বিবাহ প্রথা প্রচলিত ছিল, তাই তাঁহাদের একতার বন্ধন দৃচ্ ও ধর্মোন্নতি ছিল। কিন্তু এখন শুধু রাচী, বারেক্র ও বৈদিক অথবা কুলীন বংশজাদি বাহ্মণে বাহ্মণেও বিবাহ চলিতে পারে না। আহারাদি বিষয়েও একে অন্তকে স্পর্ণ করিলেই জাতি, ধর্ম সমস্ত নষ্ট হইয়া যায়। সেকালে বহ্মচর্য্য ও আত্মতহজ্ঞানবলে শৃদ্রও বাহ্মণত্ব লাভ করিতে পারিত, কারণ উকিল, মূন্দেফ, ম্যাজিট্রেট প্রভৃতি পদগুলি যেরপ মাহুষের নিজ

নিজ বিভা-বৃদ্ধির শক্তিবলেই প্রাপ্ত হইরা থাকে, ব্রাহ্মণ, ক্ষত্রির, বৈশ্ব ও শুদ্র এই বর্গ চতুইয়ও ঈশ্বরস্প্ত অথবা মামুষের জন্মগত বা বংশগত নয়, ইহা মামুষের নিজক্ষত। প্রত্যেক ব্যক্তি নিজ নিজ মনের গুণ ও কর্ম্মের ছারা সেই সেই বর্গ প্রাপ্ত হইয়া থাকে। তাই ভগবান মন্থ বলিয়াছেন—

শৃজো ব্রাহ্মণতা মেতি ব্রাহ্মণ শৈচতি শৃজতাম্।
ক্ষব্রিয়া জ্জাতাস্ত বিদ্বা দৈখ্যা তথৈবচ ॥
তপোবীর্যপ্রভাবৈস্ত তে গচ্ছন্তি যুগে যুগে।
উৎকর্ষাপকর্ষক মনুষ্যেদিহ জন্মতঃ ॥ (মনু স্মৃতি)

অর্থাং—তপন্থা এবং বীর্যা দ্বারাই ইছলোকেই যুগে যুগে শুদ্র ব্রাহ্মণত্ব, ব্রাহ্মণ শুদ্র এবং ক্ষত্রিয় বৈশ্রত্ব ও বৈশ্র ক্ষত্রিয়ত্ব রূপ একে অন্তের উংক্র্যাপুক্র লাভ ক্রিয়া পাকেন। সাংখ্যা দুর্শন বলিতেছেন—

> জন্মনা জায়তে শৃত্রঃ সংস্কারাদ্বিজ উচ্যতে। বেদাভ্যাসাৎ ভবেদ্বিপ্রো ব্রহ্ম জানাতি ব্রাহ্মণঃ॥ ব্যক্তিভেদঃ কর্ম-বিশেষাৎ॥ (সাংখ্য দর্শন)

অর্থাৎ—মাতৃ গর্ভ হইতে লোকে ভূমিন্ত হইলেই সে 'শূদ্র'পদ বাচ্য হয়, কিছুদিন পরে তাহার সংস্কার হইলে তথন তাহাকে 'দ্বিজ্ব' বলা হইয়া থাকে, তংপর বেদ বেদাস্তাদি শাস্ত্র অধ্যয়ন করিয়া জ্ঞান লাভ করিলে তিনি বিপ্র বলিয়া কথিত হয়েন এবং সর্বশেষে ব্রহ্মজ্ঞান লাভ করিতে পারিলে তিনি 'ব্রাহ্মণ' বলিয়া অভিহিত হইয়া থাকেন। এইভাবেই কর্ম্ম বিশেষের পার্থক্য দ্বারা শৃদ্রাদি ব্যক্তিদিগকে বা বর্ণ চতুষ্টয়কে ভেদ করা (পৃথক করা) হইয়াছে। গীতামুধে ভগবান্ শ্রীক্রম্ম বলিতেছেন—

চাতুর্বর্ণ্যং ময়া স্টাং গুণ-কর্ম-বিভাগশঃ। (গীতা ৪র্থ আঃ)

অর্থাৎ—সন্ধ, রজঃ, তমঃ ও শমদমাদি গুণ এবং কর্ম্মবিভাগামুসারে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শৃষ্ট প্রভৃতি বর্ণ চতুষ্টগ্যকে আমি সৃষ্টি করিয়াছি।

বর্ত্তনান বুগেও পূর্বেরাক্ত শাস্ত্রবৃক্তি অহুসারে কোন কোন শূদ্র ব্ৰাহ্মণত্ব ও ব্ৰাহ্মণ শূদ্ৰত্ব প্ৰাপ্ত হইতেছে বটে, কিন্তু এখন 'কলিবৃগ' অর্থাৎ অজ্ঞানতার বা বর্মরতার যুগ কিনা, তাই সমাজপতিগণও দোষ-গুণের কোনই বিচার না করিয়া দেবত্ব বা ত্রাহ্মণত্বপ্রাপ্র শূদ্রকে ত্রাহ্মণ বলিতে কৃষ্ঠিত হইয়া চণ্ডালস্বপ্রাপ্ত ব্রাহ্মণতনয়কেও ব্রাহ্মণ বলিয়া উচ্চাসন দিয়া নিজেদের অজ্ঞতা ও অবিচারিতার বিশেষ পরিচয় দিয়া আদিতেছেন। অর্থাৎ এখন অজ্ঞান, পশুতুল্য হইলেও একমাত্র ব্রাহ্মণের পুত্ৰই 'বাহ্মণ' পদবাচ্য হইয়া থাকে, অন্ত কেহ দেবতুলা হইলেও তাছাকে ব্রাহ্মণ বলা চলে না। সেই পুরাকালে স্ত্রীলোকের পতি বিয়োগে দেবরও পতি হইত এবং পিতা অজ্ঞাত ভাবেও সম্ভান জ্বনিলে সেই সম্ভান ও তাহার মাতা সমাজে পরিত্যক্ত ছইত না। আর এখন তাহার বিপরীত। ব্বতী বিধ্বার বিবাহ দিলেও তাহার ধর্ম নষ্ট হইয়া যায় এবং সে সমাজে অচল হয়। গান্ধর্ম, স্বরম্বরাদি বিবাহ প্রথা এখন কোপায় ? শ্রাদ্ধে, যজ্ঞে ও গ্রহে অভিথি অভ্যাগত আদিলে মধুপর্কের জন্ম এখন সেই বেদবিহিত পশু বধ করা হয় কি প य थाछ था ७ त्रारा पूरलमान ७ शृष्टीनथर्षा रलिशन वर्छमान हिन्दूर प्र নিকট অম্পৃত্ত বলিয়া গণ্য হুইতেছে, সেই পুরাকণলে ঐ তিন সম্প্রদায়ের মধ্যে এই সকল খাছাখাছের কোনও প্রভেদ ছিল ন। তাই তথন ছিন্দুগণও বিশেষ শক্তিশালী ছিলেন। আর এখন তাছার সম্পূর্ণ বিপরীত ভাব ধারণ করায়, হিন্দুদের মধ্যে শাক্ত আমিষভোজী, বৈষ্ণক

আমিব ও নিরামিব উভভোজী ২ইয়াছে। অর্থাৎ বৈঞ্চবদের মধ্যে কেই মাংসত্যাগী মংশুভোজী, আর কেই বা (রুকটগণ) মাংস ত দুরের ক্ষা মংশ্রভোজীকে স্পর্শপ্ত করিবে না, তাহারা কেবল শাক সব্জী পায়। মংভাহারী বৈষ্ণবদের মধ্যেও আবার বিভিন্ন শাথা রহিয়াছে। তন্মধ্যে অধিকাংশেই 'কিশোরীভজন' এবং 'গোপিনিগণের বন্ধহরণ' ইত্যাদি নানাপ্রকার রুক্তলীলা রুগাম্বাদনে রিপু চরিতার্থ করিবার জন্ত মাতোয়ারা: আবার কেহবা ফোঁটা-তিলকধারী, মালা-জপকারী। অন্য একদল ভেকধারী বৈষ্ণব, ইহারা মৎস্থাহার করে বটে, কিন্তু প্রকাশ্তে বিবাহ করেনা, অথচ প্রত্যেকের সঙ্গেই একটা বা ততোধিক বিধবা দ্বালোক (দেবাদাসী বা বৈষ্ণবী) রাথিয়া ঔষধ খাওয়াইয়া উহাদের গর্ভ সঞ্চারের শক্তি নম্ভ করিয়া দেয়। অনেক স্থলেই ঐ ঔষধের শক্তি বার্থ হইয়া যাওয়ায় গুপ্তভাবে অসংখ্য ভ্রূণ হত্যাও করিয়া পাকে। অগত বৈষ্ণৰ সম্প্ৰদায়ের সমাজপতি গোস্বামিগণ ঐ সকল বীভৎস কাৰ্য্য দেখিয়া শুনিয়াও তাহার কোনই প্রতিকারের চেষ্টা না করিয়া সার্থ-হানি ভয়ে ঐ সকল রদাস্বাদনেই মজিয়াপাকেন। ইছারই কি নাম 'ধর্ম' ? এইরূপ বহু শাখা-প্রশাখাই রহিয়াছে। যে সকল অসংখ্য ব্রতনিয়মাদি ধর্ম-কর্ম বলিয়া এখন হিন্দু সমাজে পুরোহিত ঠাকুরদের ব্যবসা চলিতেছে, পূর্বে দে সকল কোপায় ছিল ? রাটা, বারেজ, বৈদিকাদি ব্রাহ্মণদের শ্রেণী বিভাগ মধ্যেও আবার কুলীন, বংশজ, কাপ্ইত্যাদি नानाश्चकारतत रचनारचन रमकारन छिन कि ? विवाशनिए भूजभन, ক্যাপণ প্রভৃতি পণপ্রধা, যেই পণপ্রধার তাড়নায় অনেকেই সর্বস্বাস্ত হইয়া যাইতেছে তাহা সেকালে কোণায় ছিল ?

এ সমস্ত বহু শাখা-প্রশাখার সামাজিক রীতি নীতি ও খাভাখাদ্য সকল বিষয়েই একত হইয়া যেদিন হিন্দু সম্প্রদায়ের শক্তি বৃদ্ধি হইবে, সেই দিন হইতেই হিন্দুগণ প্রাক্কত সনাতন ধর্মাবলম্বী হইয়া ধার্ম্মিক হইতে পারিবে। ইহার তাৎপর্য্য এই যে, ধর্ম কাহাকে কহে এবং তাহা কিরপাবস্থায়, কোথায় থাকে এবং কি প্রকারে সেই ধর্ম অর্জ্জন করা যায়, আবার কিরপেইবা তাহা নই হইয়া যায় ইত্যাদি বিষয়গুলির সত্যতত্ত্ব বেদবাণীর দ্বারা অবগত হইতে পারিলেই তথন এই নব্য হিন্দুদের পূর্ববর্ণিত মনের সঙ্কীর্ণতা ও কুসংস্কার সকল দ্রীভূত হইয়া গিয়া একতার বন্ধনে ধর্মোন্নতি হইবে এবং তাহারা শারীরিক ও মানসিক শক্তি বৃদ্ধি-করতঃ দেশে ও সমাজে শান্তি স্থাপনক্রের কালাতিপাত করিতে পারিবে। পূর্ববর্ণিত সামাজিক রীতি নীতি এই মায়ার স্পষ্টতে সর্ব্বদাই পরিবর্ত্তন হইয়া আসিতেছে ও হইবে, কিন্তু আত্মধর্ম্ম পরিবর্ত্তন হইলেই তাহার অন্তিত্ব লোপ পায়।

ধর্ম অর্থে প্রভাব বা শক্তিকে বুঝায়। যাহার যে স্থভাব বা শক্তি আছে, তাহাই তাহার প্রক্রত ধর্ম। সেই ধর্ম ধর্মীকে সহই সদাকাল বিজ্ঞমান থাকে। এই জগতে দৃশুমান সকল বস্তুরই এক একটী ধর্ম আছে, কেই ধর্ম বিরহিত নয়। কারণ ধর্মহীন কোন বস্তুরই অস্তিত্ব অমুভব হইতে পারে না। যেমন জলের স্বাভাবিক ধর্ম অর্থাৎ জলের স্থভাব বা শক্তি 'তরলতা'। এই 'তরলতা' জলের সঙ্গেই সর্বাণা বিজ্ঞমান থাকে। কিন্তু জল হইতে তাহার ঐ 'তারল্য' স্থভাব বা ধর্ম বাদ দিলে কিছুতেই জলের অস্তিত্ব প্রমাণিত হয় না। দাহিকা শক্তিও দীপ্তি এই চুইটি আগুণের ধর্ম। পুর্বোক্ত জলের স্থায় এই অগ্নিরও ঐ ধর্ম বা স্থভাব কুইটী অগ্নি হইতে পূথক্ করিয়া দিলে তখন সেই আগুণের আর কোনই অস্তিত্ব থাকে না, তাই সর্বাদাই উহা সেই আগুণের সঙ্গে প্ত-প্রোত্ভাবে বিজ্ঞমান থাকে।

🎍 ঠিক ঐরপ এই জগতে ্যত প্রকারের মাহ্র আছে, তাহাদের

প্রত্যেকেরই ধর্ম আছে। মানুষ জাতির ধর্ম মনুষ্যন্ত অর্থাৎ জ্ঞান।
মানুষকে শোক, হৃ:খ বা অর্থাভাব ও স্বজনবিয়োগাদি সর্বপ্রধার বিপদ
চইতে তাহাদের স্বধর্ম একমাত্র জ্ঞানই সর্বক্ষণ তাহাদিগকে রক্ষা
করিয়া পাকে। অগ্নি ধেমন স্বধর্ম দাহিকা শক্তির বলেই ক্ষিত্যাদি
অপর ভূতাপেক্ষা শ্রেষ্ঠন্ধ লাভ করিয়াছে, এই মায়ার স্পষ্টতে মানুষও
তাহার স্বধর্ম একমাত্র মনুষ্যন্থ বা জ্ঞানবলেই সমস্ত জীবজন্তমধ্যে
সর্ব্যশ্রেষ্ঠ বলিয়া গণা হইয়া আসিতেছে। কারণ এই জ্ঞানবলেই মানুষ
ব্যবহারিক ও পার্মাধিক জগতের সমস্ত কিছু জানিয়া লইতে
পারিতেছে এবং এই জন্ম জ্ঞানই মানুষের সমস্ত জীবনের একমাত্র সমন্ত দারিতেছে এবং এই জন্ম জ্ঞানই মানুষের সমস্ত জীবনের একমাত্র সমন্ত দারিতেছে এবং এই জন্ম জ্ঞানই মানুষের সমস্ত জীবনের একমাত্র সমন্ত দ্বের কথা, শিশুকালের পাঠ্য "বালাশিক্ষা" নামক পুস্তকও উপদেশ
দিয়াছে—

'অজ্ঞান লোক পশুর সমান।'

গীতা-মুখে ভগবান্ শ্রীক্কঞ্চও বলিয়াছেন—

যথৈধাংদি সমিদ্ধো ২গ্নির্ভন্মসাৎকুকতে ২ৰ্জ্জুন, জ্ঞানাগ্নিঃ সর্ববর্দ্ধাণি ভন্মসাৎকুরুতে তথা।

অর্থাৎ—অগ্নি যেরূপ পৃথিবীর যাবতীয় পদার্থকে পোড়াইয়া ভস্মসাং করে অথবা অন্ধকার দূর করিয়া সেই স্থানকে আলোকিত করে, মানুষ্বের জ্ঞানরূপ অগ্নিও তদ্রুপ সমস্ত অজ্ঞানতারূপ অন্ধকারকে ভস্মসাং (ধ্বংস) করিয়া দিয়া, ইহজগতের ও পরজগতের তৎজ্ঞান লাভ করাইয়া দেয়! অত্রেব দাহিকা-শক্তি হীন হইয়া কেবল অগ্নির স্থায় শাল রং বিশিষ্টি

যে কোন পদার্থ হইলেই যেমন তাহাকে আগুণ বলা চলে না, ঠিক সেইরূপ ঐ মন্থ্যন্থ বা জ্ঞানাগ্রিহীন কেবল মানুষের আকৃতি হইলেই তাহাকেও মানুষ বলা যায় না।

বস্তুর স্বরূপ জানার নাম জ্ঞান। এই জ্ঞান সত্যের উপরেই প্রতি-ষ্ঠিত থাকে। সদসৎ বিচার দ্বারা মত্য নিরূপিত হইলেই লোকের জ্ঞানার্জন হইয়। থাকে। স্মৃতরাং সংস্কারাবদ্ধ, সঙ্কীর্ণচেতা, বিচার্গ্রীন ব্যক্তি কখনও সেই জ্ঞান লাভে সক্ষম হয় না। ঐ জ্ঞানকে চুইভাগে বিভক্ত করা হইয়াছে। এই দুগুমান ব্যবহারিক জগতের তত্ত্ববিদয়ক জ্ঞান এবং স্থল নেত্রের দৃষ্টির অগোচর পারমার্থিক জ্বগতের তম্ববিষয়ক জ্ঞান। ব্যবহারিক জগতের জ্ঞানলাভ করিয়াই পরে পার্মাণিক জগতের পরম তত্ত্বিধরে জ্ঞানলাভ করিতে হয়। বেদ বেদাপ্তজ্ঞ ও ব্ৰহ্মজ্ঞ গুৰুর ক্লপায়, প্রথমে দেহতক্ত, পরে মনস্তক্ত এবং তৎপরে প্রমূতক অবগত হইয়া তথাতীত হওয়া যায়। তাই যিনি ব্যবহারিক জ্বগতের তত্বাৰগত হইতে পারিয়াছেন তিনি এেষ্ঠ এবং যিনি মনস্তবাৰগত হুইয়াছেন তিনি শ্রেষ্ঠতর, তৎপর যিনি পর্ম তত্ত্বাবগত হুইয়াছেন তিনি শ্রেষ্ঠতম বলিয়া গণ্য হন। অতএব একমাত্র জ্ঞানই মামুষের ধ্যা। এই জ্ঞান লাভ করিয়া ধার্মিক বা তত্বাতীত হইরা অব্যক্তে লীন হওয়া ব্যক্তি মাত্রেরই কর্ত্র্য এবং ইহাই প্রকৃত স্নাত্ন ধর্ম বা মান্ত্রের ধন্ম। তাই মহাত্মা সমস্তত্ত্রেজ বলিয়া গিয়াছেন—

গুম্ শুদন্ দর্ গুম্ শুদা দীনয়ে মন্ অস্ত্। অর্থাৎ—অব্যক্তে লীন হওয়াই আমার ধর্ম।

উপদংহার।

পর্মেশ্বরে এই সৃষ্টিতে সর্মপ্রকার প্রাণীর মধ্যেই মানব জাতি দর্বশ্রেষ্ঠ বলিয়া গণ্য। অন্তান্ত প্রাণী অপেক্ষা মানবের অনেক বিষয়ে শ্রেষ্ঠত আছে বলিয়াই তাহাকে শ্রেষ্ঠ বলা হইয়া থাকে। পশুপক্ষিদিগকে প্রকৃতির বাধা নিয়মেরই বশীভূত হইয়া থাকিতে হয়, কিন্তু মানব বৃদ্ধি ও বিজ্ঞানের বলে সর্মদাই প্রকৃতিকে বলে রাখিয়া নিজ প্রয়োজনামুযায়ী কার্যোক্ষার করিয়া অনেক বিষয়ে স্বাধীন ভাবে চলিয়া আসিতেছে। ইহার প্রমাণ দেখ—প্রকৃতি গ্রাম্ম দিয়াছে, মাতৃষ বৃদ্ধি বলে তাহার বিরুদ্ধ ঠাণ্ডা হাওয়ার ব্যবস্থা করিল; শীত দিয়াছে, তথন পশ্মী জামা ও লেপ ইত্যাদি দ্বারা পর্ম পাকিবার ব্যবস্থা করিল; দৈনিক আহারের পরেও অরে প্রচর পরিমাণে আহার্য্য জিনিষ সংগ্রহ করিয়া রাখিতে পারে; এমন কি মনের অভিকৃতি হওয়া মাত্রই কালাকাল বিচার না করিয়া স্ত্রী পুরুষ একতে বাদ করিতে পারে, ইত্যাদি বছ বিষয়েই মাতুষের স্বাধীনতা আছে। কিন্তু পশুপক্ষীদের শীত গ্রীয়ে কোন ব্যবস্থা করা বা আহারের পরে অতিরিক্ত খাম্ম পাইলেও তাহা সঞ্চয় করিয়া রাখা; অথবা নির্দিষ্ট কাল ব্যতীত স্ত্রী পুরুষে সহবাদ করা ইত্যাদি ঐ সকল কোন কিছুতেই তাহাদের স্বাধীনতা নাই। আহার্য্য বস্তু বিষয়েও ঠিক সেইরূপ গোরু, মহিষ, ছাগলাদি তৃণভোজী পশুদিগকে জোরপূর্বক ও যদি কেহ মাংস খাওয়াইয়া দেয় এবং সিংহ ব্যাঘ প্রভৃতি মাংসভোজী পশুদিগকে যদি কতগুলি করিয়া বাস খাওয়াইয়া দেওয়া

হয় তবে উহার। কিছুতেই বাঁচিবে না। যেহেতৃ পরমেশ্বর উহাদের পাকস্থলীও ঠিক এইরূপ ভাবেই তৈয়ার করিয়াছেন যে, ঠিক ঠিক মত উহাদের নিজ নিজ খান্ত বাতীত অনু কোন বিরুদ্ধ খান্তই পাকস্তলীতে হজম হইবে না, তাই তাহারাও তাহা খাইতে ইচ্ছা করে না। কিন্তু ঐ আহার্য্য বিষয়ে মানুষের শ্রেষ্ঠত্ব এই যে এই বিশ্ববন্ধাণ্ডে যাহা কিছ স্ষ্ট বস্তু নম্বন পোচর হইতেছে, মানব বৃদ্ধিবলে নানাপ্রকার পাক-প্রণালীর কল কৌশলাবলম্বনে সমস্ত বস্তুকেই খাল্ডে পরিণত করিয়া আহার করিতেছে এবং তাহা তাহাদের পাকস্থলীতে হজনও হইতেছে। যে বস্তু যাহার অখাদ্য সেই বস্তু তাহার পাকস্থলীতে কথনও হজম হইবে না, ইহাই খাছ ও অখাছের প্রকৃত প্রমাণ। পেটের অজীর্ণ বা অন্ত কোন বাাধিতে আক্রমণ করিলে মাত্র তথন ঐ রুগ্গাবস্থার জন্মই মানুষের খাদ্যাখান্ত বিচারের প্রয়োজন হইবে। ভদ্তির সর্বদা দকলে স্বাভ।বিক (অর্থাৎ যাহা পাকস্তলীতে হজন হইয়া শরীরের পুষ্টি সাধন করে এইরূপ স্বভাব সিদ্ধ) খাছাই খাইবে, ভাহাতে কোন শাস্ত্র বা বুক্তি প্রমাণের দরকার হয় না।

লৌহ, তাম, পিত্তল, রৌপা, স্বর্ণ প্রভৃতি ধাতু এবং অন্ত প্রভৃতি ধনিজ পদার্থ সকল কাহারও উদরস্থ হইলে তাহা বিষক্রিয়া উৎপর করে, কিন্তু মামুষ বুদ্ধিবলে এ সকল বিষাক্ত অথাত্য পদার্থকেও পাকপ্রণালী দারা অতি উত্তম থাত্য (ঔষধ) রূপে পরিণত করিয়া লইয়া ব্যবহার করিতেছে। অতএব আবহুমান কাল হইতেই থাত্য বিষয়েও মামুযের শ্রেষ্ঠত্ব পাকায় আমিষ ও নিরামিষ উভয় প্রকার খাদ্যই তাহাদের পাকস্থলীতে হজম হইয়া আসিতেছে এবং ইহার দারাই প্রমাণ হয় যে সেই কৃষ্টি কর্ত্তা প্রমেশ্বরও উভয় প্রকার খাদ্য থাইতেই মামুয়কে সন্মতি দিতেছেন।

হিন্দু সমাজের কুসংস্থার দুর করিবার জন্তই এই সকল শাস্ত্র এবং অতীত ও বর্ত্তমান মানব জগতের আমিষ ও নিরামিষালাবের বিষয় चारमाठना करम এই গ্রন্থ मिथिত হইन। সর্ব্ব हिन्दू मच्छानारयुत्र मरन একমাত্র নিরামিব আহারই সাধিকাহার বলিয়া একটা ভাস্ত ধারণা চলিয়া আসিতেছে, কিন্তু নিরামিষ শাহার সর্ব্বত্র, সকল সময়ে, সকলের পক্ষে সাদ্বিকাহার বলিয়া কিছুতেই গণ্য হইতে পারে না। অতএব ঐ কুসংস্কার সমূলে উচ্ছেদ করিয়া দিয়া প্রয়োজনবোধে দেশ, কাল, পাত্র ও অবস্থাভেদে যে কোনও ব্যক্তি সর্বপ্রকার মংস্থ মাংসাদি দারাই আমিষ ও নিরামিষ উভয় প্রকারের আহার করিতে পারে এবং তাহাতে কাহারও কোন জাতি বা ধর্ম নষ্ট হইবার কিছুই আশব্দা নাই, ইহাই সর্বত্ত প্রচার করা একান্ত কর্ত্তব্য। কারণ ধর্ম মনের অনুরাগের বিষয়: উছা বাহ্যিক কোন অমুষ্ঠানের বিষয় নয়। কেবল বাহ্যিক ফুল বিশ্বপত্র দারা দেবদেবীর অর্চনা করিলে বা ফোঁটা তিলক ও নিরামিষাহার অথবা গঞ্জিকা সেবন, বিভূতি মৰ্দন ও লম্বা চিমটা ধারণাদি বিভূষণ মারা অফুঠানের আড়ম্বর থাকিলেই পরম ধান্মিক অথবা বৈষ্ণব, ব্রাহ্মণ বা সাধু হওয়া যায় না। গোমাংসাহার করিয়াও ঐ সকল বিনা আড়ছরে শুধু আত্মকার্য্য দারাই পরম বৈষ্ণব বা আহ্মণ ও সাধু হইতে পারে। পুরাকালে যেমন মান্তবের মনের গুণান্ত্যায়ী ব্রাহ্মণের শুদ্রত্ব ও শুদ্রের ব্রাহ্মণত্ব লাভ হইয়া থাকিত, আহারও ঠিক সেইক্লপ। সর্বপ্রকার খাছাই মানবের ক্লচি ও **(मट्ट**त উপयुक्का अञ्चनादित मन, तकः ७ जरमां धनी इहेशा शांक ।

একমাত্র সত্যের উপরই ধর্ম প্রতিষ্ঠিত থাকে—মিণ্যাতে কথনও নয়। স্থতরাং সংস্কারাদ্ধ তথাকথিত ত্রাহ্মণ ও বৈষ্ণবদের মিথ্যা কথার আর কর্ণপাত না করিয়া ধর্ম সম্বন্ধে বেদাক্তের এবং স্থাহার বিষয়ে আয়ুর্কেদের আদেশামুযায়ী আমাদিগকে চলিতে হইবে, ইহাই সকলের মনে রাখিয়া সর্ব্য আলোচনাক্রমে সকলকে সমাক্রপে বুঝাইয়া দিতে হইবে এবং দেশে যাহাতে সত্যের প্রচার দারা একতার স্থাষ্ট হইয়া শারীরিক ও মানসিক বলে ধর্ম, অর্থ, কাম, মোক্ষ সর্বপ্রকারেই উরতির পথে অগ্রসর হইয়া শান্তির ব্যবস্থা করিতে পারা যায়, তংসম্বন্ধে ব্যক্তি মাত্রেরই চেষ্টা করা একান্ত কর্ত্বব্য এবং ইহাই ব্যবহারিক জগতের প্রধান ধর্ম্ম কর্ম্ম।

কেবা আমি কিংবা মম এ'জ্ঞান না হ'লে
অজ্ঞান পশুর সম সর্কশান্ত্রে বলে।
নরদেহ লভি' কর শ্রেষ্ঠ অভিমান,
কামিনী কাঞ্চনে ম'লে পশুর সমান॥

গ্রন্থসার।

গীতায় ভগবান্ শ্রীক্বফের বাণী অনুসারে দেখা যায় যে সকল গুণ বিশিষ্ট আহার দান্ত্রিক ব্যক্তির প্রিয় বলিয়া গণ্য হইতে পারে, আয়ুর্কেদ শান্ত্রের দ্রব্যগুণ দৃষ্টে ছাগ, মেষ, মহিষ, ঘোড়া, গাধা এবং শৃকর, হুখা ও কচ্ছপ, মোরগ প্রভৃতি পশুপক্ষীর মাংদেই দেই সকল গুণ অধিক পরিমাণে লক্ষিত হয়। এই কারণেই সেই পুরাকালের মুনিঋষিগণও ঐ সকল অসংখ্য পশুপক্ষীর মাংস আহার করিতেন। স্মৃতরাং গাঁতা এবং আয়ুর্মেদ শাস্ত্রোক্তিমতেও মাংসই খাল্পমধ্যে শ্রেষ্ঠ বলিয়া গণ্য ইইতেছে। তদ্বির শ্রুতি সংহিতা এবং তন্ত্র পুরাণাদি সর্ব্ব শাস্ত্রেই যে কোনও সময়ে একমাত্র মাংসকেই শ্রেষ্ঠ খান্ত বলিয়া শ্রান্ধে, যজ্ঞে, অথবা যে কোনও কার্য্যোপলক্ষে মাংসাহারেরই ব্যবস্থা করিতে শাস্ত্রকারগণ বিধি দিয়াছেন। স্মৃতরাং কুসংস্বারান্ধ, অবিবেকী ও অজ্ঞদের মিথাাকথার ধাঁধায় পডিয়া, ঐরূপ সর্কশাস্ত্রসম্মত শ্রেষ্ঠ থাদ্য মাংসাহার ত্যাগ করা মানুষ মাথেরই অত্যন্ত বিগহিত ও মহা পাপকার্য্য বলিয়া জানিবে। যে কোনও ধর্মাবলম্বী হউক নাকেন মাত্রুষ মাত্রেই নিজ নিজ কৃচি অনুযায়ী আমিষ ও নিরামিষ উভয় প্রকারের খা ছাই গ্রহণ করিতে পারিবে। তনাধ্যে ধর্মপিপামু (মুমুক্ষ) গণ এই গ্রন্থোক্ত মতে মনের ফক্ষ আহারের প্রতি বিশেষ দুটি রাখিয়া সেই নির্বিষয়ী নিরামিষ আহার দারা আহার-শুদ্ধি করিতে পারিলেই তাহাদের চিত্তশুদ্ধি হইয়া আত্মতত্বজ্ঞান লাভ হইবে। ইহাই সর্ব শাস্ত্রের বাণী ও প্রকৃত ধর্ম কর্ম।